banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

WBCS · CGL · BANK · RAIL
grassroot
© 7427927701
Dunlop • Tamluk
Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৪১ কলকাতা বুধবার, ১৫ মে ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩১ বৈশাখ ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# ন্যাশনাল মিনারেল কর্পোরেশনে ২৫৫ এক্সিকিউটিভ ট্রেনি

২৫৫ জন এক্সিকিউটিভ ট্রেনি নেবে ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এম ডি সি)। প্রথমে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে টেকনিক্যাল ও অ্যাডমিনিস্ট্রেশন শাখায়। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে ট্রেনিং শেষে এন এম ডি সি এবং এন এম ডি সি স্টিলের বিভিন্ন ইউনিটে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। ১ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05/2019.

**শূন্যপদের বিবরণ:** এক্সিকিউটিভ ট্রেনি: টেকনিক্যাল: মেকানিক্যাল: ৯০টি, মেটালার্জি: ৪০টি, কেমিক্যাল: ১০টি, সিভিল: ৬টি, কম্পিউটার অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি: ১০টি, ইলেক্ট্রিক্যাল: ৩১টি, ইলেক্ট্রনিক্স: ৭টি, এনভায়রনমেন্ট: ৬টি, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং: ৮টি, ইনস্ট্রুমেন্টেশন: ১০টি, মিনারেল প্রসেসিং: ৬টি, মাইনিং: ১১টি, সেরামিক: ১টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৬০ শতাংশ নম্বর-সহ ডিগ্রি। কম্পিউটার অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি শাখার ক্ষেত্রে ৬০ শতাংশ নম্বর-সহ এম সি এ পাশ প্রার্থীরাও আবেদনের যোগ্য। এনভায়রনমেন্ট শাখার ক্ষেত্রে সিভিল বা কেমিক্যাল বা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট বা ইঞ্জিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা এনভায়রনমেন্টাল সায়েন্স বা জিওলজি বা কেমিস্ট্রি বা বটানিতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। উভয় ক্ষেত্রেই ৬০ শতাংশে নম্বর পেয়ে থাকতে হবে।

**অ্যাডমিনিস্ট্রেশন:** কমার্শিয়াল: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে মার্কেটিং বা ফরেন ট্রেড বা সেলস ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফিনান্স: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে সি এ বা আই সি ডব্লু এ ফাইনাল পরীক্ষা পাশ। মেটেরিয়ালস ম্যানেজমেন্ট: ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিং বা আর্টস বা সায়েন্স বা কমার্স শাখায় স্নাতক, সঙ্গে মেটেরিয়ালস ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। পার্সোনেল: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে সোশিওলজি বা সোশ্যাল ওয়ার্ক বা লেবার ওয়েলফেয়ার বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্টারন্যাশনাল রিলেশনসে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ।

সব ক্ষেত্রেই তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে জুনের মধ্যে ফাইনাল রেজাল্ট প্রকাশিত হয়ে থাকতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**বয়স:** ১৫-৫-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫

এরপর সাতের পাতায়

# নেভিতে ১১৭ অফিসার

ট্রেনিং দিয়ে ১১৭ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। এক্সিকিউটিভ ব্রাঞ্চে ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেকশন, এয়ার ট্রাফিক কন্ট্রোলার (এ টি সি), অবজার্ভার, পাইলট (এম আর), পাইলট, লজিস্টিক্স ও ইনফর্মেশন টেকনোলজি ক্যাডার এবং টেকনিক্যাল ব্রাঞ্চে ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে শর্ট সার্ভিস কমিশন এবং এডুকেশন ক্যাডারের ক্ষেত্রে পার্মানেন্ট কমিশনে নিয়োগ হবে। ট্রেনিং শুরু হবে ২০২০-র জুন মাসে। মহিলারা শুধু ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেকশন, এ টি সি, অবজার্ভার, পাইলট (এম আর) এবং লজিস্টিক্স ক্যাডারের জন্য আবেদন করতে পারেন। শুধুমাত্র অবিবাহিত তরুণ-তরুণীরাই আবেদন করবেন।

**এডুকেশন ক্যাডার:** শূন্যপদ: মোট ১৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত

এরপর পনেরোর পাতায়

# রাজ্যে ২০০ লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট

লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট পদে ২০০ জনকে নেবে রাজ্য সরকার। নিয়োগ করা হবে অ্যানিম্যাল রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টে। প্রার্থী বাছাই করবে রাজ্য পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 11/2019.

মোট শূন্যপদ: ২০০টি [illegible] ৯৪, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১৩, ও বি সি-এ ২৩, ও বি সি-বি ১৩, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ৪, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ৩, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্ত ৩, দক্ষ খেলোয়াড় ৬)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে রাজ্যের বোর্ড অব ভেটেরিনারি এডুকেশন দ্বারা আয়োজিত ১ বছর মেয়াদের প্রাণি সম্পদ বিকাশ প্রশিক্ষণ কোর্স পাশ করে থাকতে হবে। এর পাশাপাশি বাংলায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। [illegible] শারীরিকভাবে সুস্থ হতে হবে এবং সাইকেল চালানো জানতে হবে। বয়স: ১-১-২০১৯ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের জন্য শূন্যপদ সংরক্ষিত [illegible] নিয়োগ করা হবে খেলাধুলার এইসব ডিসিপ্লিন থেকে: অ্যাথলেটিক্স (ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস,

এরপর সাতের পাতায়

# আর্মিতে উচ্চমাধ্যমিক

## ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদন করবেন

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা [illegible] ৪২তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২০-এর জানুয়ারিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি হওয়া চাই।

**দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা-সহ ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। মায়োপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) থাকলে তা যেন -২.৫ডি এবং হাইপারমেট্রোপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) থাকলে তা যেন +৩.৫ডি-র বেশি

এরপর সাতের পাতায়

# রাজ্য সরকারে ১১৮

## ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদে ১১৮ জনকে নেবে রাজ্য সরকার। নিয়োগ করা হবে মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস অ্যান্ড টেক্সটাইলস ডিপার্টমেন্টে। প্রার্থী বাছাই করবে রাজ্য পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 10/2019.

মোট শূন্যপদ: ১১৮টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ২৬, তফসিলি উপজাতি ৭, ও বি সি-এ ১২, ও বি সি-বি ৯, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ২, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্ত ১, দক্ষ খেলোয়াড় ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির যে-কোনও শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা। অবশ্যই বাংলায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ৩৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের

এরপর সাতের পাতায়

# কোস্টগার্ডে নাবিক

## শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু নাবিক নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। ১০ পাশ এন্ট্রিতে নিয়োগ হবে ডোমেস্টিক ব্রাঞ্চে কুক এবং স্টুয়ার্ড পদে। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০১৯ ব্যাচে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ। তফসিলি, জাতীয় স্তরের প্রতিযোগিতায়

এরপর সাতের পাতায়

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
বিস্তারিত ১৫ পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




# রামাগুণ্ডম ফার্টিলাইজার্সে জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট, স্টোর অ্যাসিস্ট্যান্ট ও ফার্মাসিস্ট

জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-টু), স্টোর অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-টু) এবং ফার্মাসিস্ট পদে ৭৯ জনকে নেবে রামাগুণ্ডম ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস। এটি কেন্দ্রীয় সরকারের আন্ডারটেকিং সংস্থা। নিয়োগ হবে নন-এক্সিকিউটিভস (ওয়ার্কার) গ্রুপ 'সি' ক্যাটেগরিতে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট ৪২টি শূন্যপদে আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02 (RFCL)/2019.

**শূন্যপদের বিবরণ:** জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট: পোস্ট কোড ০১: মেকানিক্যাল: ১৫টি। পোস্ট কোড ০২: ইলেক্ট্রিক্যাল: ১০টি। পোস্ট কোড ০৩: ইনস্ট্রুমেন্টেশন: ৮টি। পোস্ট কোড ০৪: কেমিক্যাল ল্যাব: ৩টি।

পোস্ট কোড ০৫: স্টোর অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-টু): ৩টি। পোস্ট কোড ০৬: ফার্মাসিস্ট: ৩টি।

দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শাখানুসারে শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

ইনস্ট্রুমেন্টেশন: ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইন্ডাস্ট্রিয়াল ইনস্ট্রুমেন্টেশন বা প্রসেস কন্ট্রোল ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

কেমিক্যাল ল্যাব: বি এসসি, স্নাতকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে।

স্টোর অ্যাসিস্ট্যান্ট: স্নাতক।

ফার্মাসিস্ট: ফার্মাসিতে ডিপ্লোমা।

এরপর সাতের পাতায়

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in
বর্ষ ৩১ সংখ্যা ৪১ □ ১৫ মে ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি-এবার বেকার যুবক-যুবতীদের জন্য বিশেষ সুবিধা। নিজের যোগ্যতায় স্থায়ী কাজ**

আর টেনশন নেই, আপনার জেলার মধ্যে কাজ করতে শীঘ্র যোগাযোগ করুন। Back Office ও Front অফিস, অফিস বয়, অফিস পিওন, ক্লার্ক পদে বেতন: (১৪,২০০/- – ২৮,৫০০/-) এয়ার কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে সুপারভাইজার, ASV, অফিস স্টাফ, ইনচার্জ, স্টোরকিপার, হাউসকিপার পদে বেতন: (১৮,৭০০/- – ৩৪,৮০০/-) যোগ্যতা: (নামসই-স্নাতক)। আসন সীমিত। শীঘ্রই যোগাযোগ করুন। RT, Dum Dum, Kol-74, (M): 97341-67700.

□

English Correspondence Experience থাকা চাই। English-এ ভালো দখল আছে এমন Office কর্মী চাই। Field Supervisor চাই (আবশ্যিক)। Bike ও Cycle চালাতে জানতে হবে। BIO-DATA সহ আবেদনপত্র ১৫ দিনের মধ্যে ডাকযোগে পাঠাতে হবে। President, Sahara Health Education Society, Defence Park, Moynagarh, P.O.- Raypur, Kolkata-700 141 অথবা e-mail: oursahara1993@gmail.com

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের Payroll ও ব্যাঙ্ক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ 108.

□

**স্টার হোটেলে চাকরি**

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতার হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

Back Office-এ C.C.E পিওন পদে স্পট নিয়োগ। বেতন: 10,800/- –, (M. P-M.A). S. P. BWN-0.1, বাঁকুড়া / বীরভূম / বর্ধমান: 70449-87955.

□

**কর্মক্ষেত্র**-র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৮ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৯ মে **কর্মক্ষেত্র**-র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৫ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**আর বেকার সমস্যা নয়-বেকারের সমস্যা সমাধানে এবার গভঃ স্বীকৃত লাইসেন্সপ্রাপ্ত অফিস দিচ্ছে নিজ যোগ্যতায় স্থায়ী কাজ**

আপনার যোগ্যতানুযায়ী এয়ারপোর্ট ও ব্যাঙ্ক (DSA)-তে প্রচুর নিয়োগ করছে। গ্রাম থেকে শহরের বেকার ছেলেমেয়েরা যোগাযোগ করুন। বেতন: (১৭,৫০০/- – ৩৫,৭০০/-), বয়স: ১৮-৩৫, আপনার মূল্যায়ন সাক্ষাৎকারে আপনি কাজের সময় জেনেবুঝে নিযুক্ত হবেন। বিশেষ সুবিধার জন্য যোগাযোগ করুন. RLT, কলি-30, (M): 97342-14099.

□

**BSNL/VODA/JIO**

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেডি INC. Kol-08. যোগা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও ব্যাঙ্কে (DSA)-তে যোগ্যতা অনুযায়ী চাকরি। বেতন: 13,700/- – 42,800/-, যোগ্যতা: ৮ম-স্নাতক M/F চাই। A. G, Dum Dum, Kol-34, M: 97348-72045.

□

সল্টলেক কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র—Kolkata Salt Lake, স্নাতক মহিলা কাউন্সিলার আবশ্যক। ৭ দিনের মধ্যে যোগাযোগ করতে হবে। কথোপকথনের দক্ষতা এবং কম্পিউটার জ্ঞান আবশ্যক। যোগাযোগ: 98304-01708 (10 AM-5 PM). Address: HB-36/A/1, Sec-III, Salt Lake City, Kolkata-700 106.

□

SBI / HDFC / ICICI / PAN CARD / PAYTM ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 487 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,765/- – 35,950/- (PF+ESI) W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, ধর্মতলা / বেহালা: 62892-51870.

□

**JOB VACANCY**

Mob: 95640-30192 বেসরকারি সংস্থায় সরাসরি স্থায়ী কাজের জন্য প্রতিটি জেলা থেকে 142 জন নিয়োগ হবে। ৮ম থেকে স্নাতকরা MNC, টাওয়ার, BANK (DSA), কনস্ট্রাকশন, Back অফিসে SV, ক্লার্ক, ASV, পিওন, ইনচার্জ, SK, ম্যানেজার, ATM গার্ড পদে পুরুষ চাই। বেতন: 13,700/- – 29,200/- আবেদন করার মুহূর্তে Joining date জানানো হবে। Web: www.gcagroup.co.in সেন্ট্রাল অ্যাভেনিউ, G. C. A, কলি-09.

□

**এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্ক**

স্ট্যাম্প পেপারে লিখিত-সহ Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,900/- – 47,300/-, অন্যান্য সুবিধা। N. C, Dum Dum, Kol-74. M: 89678-66030.

□

**কর্মক্ষেত্র**
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৩-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

## কর্মখালি

**ফোন করলেই নিশ্চিত চাকরি কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়**

Govt. Regd. L/No. EWK-72850. সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 34,500/-, সুবিধা- OT-সহ PF, ESI, ছুটি বোনাস, প্রমোশন এবং থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: A. C. 24 Pgs. (M): 83270-75350.

□

Direct কোম্পানিতে ন্যূনতম H. S. পাশ (18-30) 19 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108 M: 83368-25980.

□

Jio / Vodafone / Naptal কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে, যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক, বেতন: INC + OT-সহ 12,000/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ ও দঃ ২৪ পরগনা: 98301-20692, কলকাতা: 96747-95345.

□

**সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি**

গভঃ রেজিঃ নং: 254/01, কোনও ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং পে-রোলে উঃ বঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/- পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্কেট (নেভিতে) OT, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুভাদের) ST, SC, OBC-দের সুবিধা। G.C.A, B.B. N 24 Pgs. 99335-27495, 80136-07954.

□

**SBI/JIO/ ONLINE Shoping বাংলা কাস্টমার কেয়ারে**

বাংলাভাষী মাধ্যমিক-গ্র্যাজুয়েট (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

**Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে**
**M: 97351-59598**

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-, PF, ESI, OT-সহ থাকা-খাওয়া ফ্রিতে। A. J., টি বোর্ড, Kol-1.

□

**এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292**
**M: 74070-36062**

শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

**Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287**

কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

## স্কুল-কলেজ শিক্ষা

Math, G.I, G.K Guide বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রনাথ: 99035-00682.

□

**নার্সিং কোর্স**

নাইটিঙ্গেল নার্সিং ট্রেনিং-এ 9 মাস প্রাক্টিক্যাল ট্রেনিং-সহ 18 মাসের ANM কোর্সে May 2019 সেশনে ভর্তি চলিতেছে। H. S. 17-30 বয়স। P: 98745-29443, বেহুপুর।

□

2006 ও 07-এ রাজ্যসেরা পুরস্কারপ্রাপ্ত সংস্থায় দেশ-বিদেশের প্রশিক্ষকের মাধ্যমে জৈবকৃষি, গবাদিপশু, হাঁস-মুরগি, মাছচাষের ওপর ট্রেনিং ও কাজের সুযোগ। 80018-31114, সঙ্গে কম্পিউটার কোর্স, স্পোকেন ইংলিশ সম্পূর্ণ ফ্রী। BIO PARIVAR, রঘুতলা, চাকদহ, নদিয়া (741222).

□

**Nursing Training**

Sagar Durga School of Nursing, Visakhapatnam, Andhra Pradesh GNM Nursing Training approved by A. P Nursing Council and Indian Nursing Council (INC), New Delhi for boys and girls. Institutions No.: 0891-2712398, Secretary-88011-11011, West Bengal: 90078-11110.

□

**নার্সিং কোর্সে ভর্তি**

GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

Math & Eng সোনারপুর WBCS, Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

Combined, WBCS JEXPO JEE NEET JELET, VOCLET AIPMT, SSC, ITH, Garia, Kol-84. (M): 90381-66545 / 90078-56890.

□

**ENGLISH**

By S. Muhury For: WBCS (Preli & Main) SSC (CGL & CHSL) PSC (descriptive) etc. নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য। At: বেলঘরিয়া, মানিকতলা, ব্যারাকপুর, বারাসাত ও বারুইপুর। 98305-38588.

□

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**নার্সিং ট্রেনিং**

পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত (STVT), 2 Years Diploma In Nursing, Hospital Practice যুক্ত, Placement Assistance, Nursing কোর্সে ভর্তি চলিতেছে। রবীন্দ্র পাঠ ভবন, 83350-66916 / 83350-66915.

□

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটার, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরের বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পরিক্রমায় বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত। সপ্তম মুদ্রণ ₹৩৫০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির চোখে একেবারে অসামান্য ভ্রমণকথা। পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹২৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের অভিজ্ঞ অপরূপ আছে এ বইয়ে। তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই। দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে। ২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশে ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সপ্তম মুদ্রণ। ₹৬০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ₹৬০০
৩য় খণ্ড ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹২৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹৪০
**চড়ুইয়ের সঙ্গে** ₹২৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১২
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০
অমরেন্দ্র চক্রবর্তীর ছোটদের বই
২০১৮-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখে** ₹৩০
**লিচুবাগানের চৌকিদার** ₹৪০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে অমরেন্দ্র চক্রবর্তীর কণ্ঠে গল্প শোনা যাবে বাছাই অভিনব সংযোজন দুখণ্ডে অথবা MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশ্রমজীবন নিয়ে পুরস্কারপ্রাপ্ত পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৩০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত
**টিয়াগ্রামের ফিডেলটী**
সুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹৩৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোজ্য** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# কুকিজ তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** ছোট-বড় সকলের কাছেই কুকিজ প্রিয়। সারাবছরই চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে কুকিজ তৈরি করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন বা অর্ডার অনুযায়ী বিভিন্ন দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** সেমি অটোমেটিক এই মেশিনের সাহায্যে ঘণ্টায় ৮০ থেকে ৯০ কেজি পর্যন্ত কুকিজ তৈরি করা সম্ভব। বিভিন্ন স্বাদের কুকিজ তৈরির জন্য বিভিন্ন ধরনের উপকরণ লাগে। তবে সাধারণভাবে, কুকিজ তৈরি করতে ময়দা, চিনি, বেকিং পাউডার ইত্যাদি প্রয়োজন। প্রথমে মিক্সচার মেশিনে সব-ক'টি উপকরণ প্রয়োজনমতো দিয়ে মিশ্রণ তৈরি করে নিতে হবে। এবার ওই মিশ্রণটি কুকিজ তৈরির মেশিনের হপারের মধ্যে দিয়ে দিতে হবে। এবার মেশিন চালু করলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে নির্দিষ্ট মাপের বা আকৃতির কুকিজ কাটিং হয়ে নিজেই বেরিয়ে আসবে। এবার সেই ট্রে সমেত কুকিজ ওভেনে দিয়ে সেঁকে নিতে হবে। সবশেষে এই কুকিজ ওজন করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। স্বয়ংক্রিয় এই মেশিনে ১ হর্সপাওয়ার মোটর লাগবে। বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরচালিত ৯ রিফিলযুক্ত এই মেশিনের দাম ৭ লাখ টাকা। ৫০ কেজি পর্যন্ত মিশ্রণ করার ক্ষমতাসম্পন্ন মিক্সচার মেশিনের দাম পড়বে ১ লাখ ২০ হাজার টাকা। ২০টি ট্রে ধারণ-ক্ষমতাসম্পন্ন ইলেক্ট্রিক্যাল ওভেনের দাম পড়বে আড়াই লাখ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


# VISWA BHARATHI TRUST

## GNM, BSC, নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর)

B.Ed, D.El.Ed, LL.B

কোর্সে ভর্তি চলছে



কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?

১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% বেঙ্গলী।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও জেনারেটর ব্যবস্থা আছে।
৪. নবম ছাত্র-ছাত্রীদের ইংরাজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।

সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)

100% LOAN ও PLACEMENT HELPING, MINORITY SCHOLARSHIP

বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃদ্রঃ- মাত্র 10000 টাকায় ভর্তি/ Booking করে ৬ ঘন্টার মধ্যে Admission / Booking Letter হাতে পাবেন।

## ঘোষ এডুকেশন সেন্টার

An ISO 9001:2015 certified

দমদম রেল স্টেশন, কলকাতা - 700030, H.O. : 7797314385

কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207 (C.O) কামারপুকুর (আরামবাগ) : 7047093097, মুর্শিদাবাদ : 8001883094, দঃ দিনাজপুর : 8001967916, সোনারপুর : 8001946942, মেদিনীপুর : 8001967916, ওন্দা (বাঁকুড়া) : 6297535731, দুর্গাপুর : 8001883094

GNM-2,20,000
BSC-3,30,000

শিক্ষক এবং সম্মানীয় ব্যক্তিরা এজেন্সীর জন্য যোগাযোগ করুন 7797314385



পশ্চিমবঙ্গে এই প্রথম ▸ বিগত ২ দশক ধরে হসপিটালিটি সেক্টরে শতশত ছাত্র-ছাত্রীদের নিশ্চিত কেরিয়ার তৈরী করে সারা ভারতে অনবদ্য রেকর্ড গড়লো ▸ কল্যাণীতে

# SIHM INSTITUTE OF HOTEL MANAGEMENT

ISO 9001 : 2015 29990 : 2010

AN AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
(A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)

ADMISSION OPEN

কোর্স শেষে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরী

All STUDENTS PLACED TILL DATE

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য হোটেল ম্যানেজমেন্ট কোর্স

রাজ্যের পিছিয়ে পড়া ছেলেমেয়েদের জন্য মেধাবী স্কলারশিপ স্কিম

মেধাবী ছাত্রছাত্রীদের ন্যূনতম মাধ্যমিক যোগ্যতার নিরিখে কোর্স ফীতে 'মেধাবী স্কলারশিপ' প্রদান করা হবে। এই বছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা আবেদনের যোগ্য। স্কলারশিপের জন্য সম্পূর্ণ নিখরচায় আবেদন করা যাবে, এর জন্য নাম, ঠিকানা, যোগ্যতা সহ ফোন নং দিয়ে সরাসরি বা পোস্টে আবেদন করতে হবে কলেজের ঠিকানায়। হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে দেশে ও বিদেশে চাকরি করে ভবিষ্যৎ নিশ্চিত করতে আগ্রহীরাই কেবল যোগাযোগ করবেন।

Email: sihm97@gmail.com

Visit Us : www.sihm.co.in

## TRAINING & PLACEMENT
### Only in 5 STAR HOTELS in India & Abroad



কেন SIHM পশ্চিমবঙ্গে NO 1

- কোর্স চলাকালীন ভারতের নামকরা হোটেলে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এর ব্যবস্থা।
- হোটেল ইন্ডাস্ট্রি'র স্বনামধন্য ফ্যাকাল্টি।
- অ্যাডভান্সড ফুড প্রোডাকশন ল্যাব।
- দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক হস্টেলের ব্যবস্থা আছে।
- দুই দশক ধরে প্রায় সব ছাত্র-ছাত্রীরা আজ দেশে বিদেশে সম্মানের সঙ্গে কর্মরত।
- ট্রেনিং শেষে হোটেল, এয়ারলাইন্স, ক্রুজ লাইন্স, হসপিটালিটি সেক্টরে চাকরির সুযোগ।

HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)
(Near Central Park, Oppsite of Kalyani Fish Farm)

For Admission Contact : 9831616989 / 9830852189

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*কোনও ভালো কাজ করার জন্য, বড় কাজ করার জন্য তোমার কাজটাকে ভালোবাসতে হবে। যদি সেরকম কোনও কাজে এখনও নিবিষ্ট না হয়ে থাকো, তবে তোমার প্রাণের কাজটির জন্য খোঁজটা জারি রাখো। বিচ্ছিন্ন হয়ে থেকো না।*

— স্টিভ জোবস
(অ্যাপল সংস্থার প্রতিষ্ঠাতা)

*✓ সোশিওলজির স্নাতকোত্তর। এম এ-তে ৬১ শতাংশ নম্বর আছে। ডব্লু বি সি এস পরীক্ষায় বসার প্রস্তুতি চলছে। অন্য চাকরির জন্যও আবেদন করতে চাই। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।*

*অন্তরা মিত্র, ডানলপ, কলকাতা।*

☐ ডব্লু বি সি এস পরীক্ষার প্রস্তুতি আরও নানা চাকরির পরীক্ষার জন্য অনেকটাই প্রস্তুত করে দেয়। আশা করা যায়, ২০২০ সালের ডব্লু বি সি এস পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছেন। এই প্রস্তুতির উপরেই বিশেষ মনোনিবেশ করার প্রয়োজন রয়েছে। বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। এখানে একটি অন্যরকমের চাকরির সন্ধান দেওয়া হল।

***এখনই আবেদন করতে পারেন:*** ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাবাঙ্কোর কিছু অফিসার (অ্যাডমিনিস্ট্রেশন) নেবে। মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে যে-কোনও শাখার স্নাতকোত্তর ডিগ্রিধারীরাই এই চাকরির জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৮ মে সংখ্যায় 'ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাবাঙ্কোরে ১৩৭' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fact.co.in আপনি আবেদন করতে পারেন।

---

ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাবাঙ্কোর কিছু অফিসার (অ্যাডমিনিস্ট্রেশন) নেবে। মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে যে-কোনও শাখার স্নাতকোত্তর ডিগ্রিধারীরাই এই চাকরির জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৮ মে সংখ্যায় 'ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাবাঙ্কোরে ১৩৭' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fact.co.in

---

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থায় অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার, ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। চাইলে কেন্দ্রীয় সিভিল সার্ভিসের পরীক্ষাতেও বসতে পারেন। এইসব চাকরির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

*✓ মাধ্যমিক পাশ করেছি ২০১৬-য়। একটি পোশাকের শোরুমে চাকরি করতে করতে টাইপিং শিখেছি। কাজ চালানোর মতো কম্পিউটার জানি। সরকারি চাকরির সুযোগ থাকলে জানাবেন।*

*শাশ্বত ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

☐ দার্জিলিং জেলা আদালতে কিছু লোয়ার ডিভিশন ক্লার্ক নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১ মে সংখ্যায় 'দার্জিলিং জেলা আদালতে লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার, নাইট গার্ড, ফরাস' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। চাইলে প্রোসেস সার্ভার পদেও আবেদন করতে পারেন। তবে যে কোনও একটি পদে আবেদন করবেন। ২২ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://districts.ecourts.gov.in/darjeeling

কয়েক হাজার গ্রুপ 'সি' কর্মী নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। দুই পর্বের কম্পিউটারভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে। ২৪ এপ্রিল সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন আবেদন করতে হবে ২২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারের গ্রুপ 'সি', রেলের লেভেল-ওয়ান এবং পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ 'ডি' ও খাদ্য সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, আদালতে ক্লার্ক, ক্লার্ক-কাম-টাইপিস্ট, টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন।

*✓ আমার একটি ছোট পর্যটন সংস্থা আছে। এ বিষয়ে প্রথাগত কোনও শিক্ষা নেই। পর্যটনব্যবসা-সংক্রান্ত আইনকানুনগুলো জানতে চাই। দূরশিক্ষায় পর্যটন-সংক্রান্ত কোনও কোর্স করে নেওয়া যায় কি? আমি ইংরেজির গ্র্যাজুয়েট। বয়স ২৬ বছর। সুযোগ থাকলে বিশদে জানাবেন।*

*নাম প্রকাশে অনিচ্ছুক, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ দূরশিক্ষা ব্যবস্থায় ট্যুরিজম অ্যান্ড এনভায়রনমেন্টাল ল'য়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করা যায় ওয়ার্ল্ড ওয়াইল্ড ফান্ড ফর নেচারের প্রতিষ্ঠান সেন্টার ফর এনভায়রনমেন্টাল ল থেকে। এই কোর্সে ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে। নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র কম্পিউটার স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: submissionscel@wwfindia.net মেল করতে হবে ১৫ মে-র মধ্যে। অর্থাৎ হাতে বিশেষ সময় নেই। আপনাকে অবিলম্বে আবেদনের উদ্যোগ নিতে হবে। আবেদনের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wwfindia.org/cel 'কর্মক্ষেত্র'-র ৮ মে সংখ্যায় 'দূরশিক্ষায় ট্যুরিজম অ্যান্ড এনভায়রনমেন্ট ল'য়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স' শীর্ষক সংবাদে এই কোর্স-সম্পর্কে প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

ট্রাভেল-ট্যুরিজমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করা যায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে। এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট এবং বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে এই কোর্সটি পড়ানো হয়। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি ১৯৪, সেক্টর থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-৭২৫৮।

*✓ আর্টস শাখায় উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছি। ফল প্রকাশিত হয়নি। আবেদন করতে পারব এমন কোনও চাকরির কথা জানাবেন।*

*নিলয় সাহা, বালি, হাওড়া।*

☐ উচ্চমাধ্যমিক পাশ করার পরে চাকরির পরিসর বাড়বে। ঠিক এখনই আবেদন করতে চাইলে আপনাকে মাধ্যমিক যোগ্যতার চাকরির জন্য আবেদন করতে হবে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** শুধু মাধ্যমিক যোগ্যতায় কয়েক হাজার গ্রুপ 'সি' কর্মী নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারেন। ২৪ এপ্রিল সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। যাঁরা এখনও আবেদন করেননি, তাঁরা এখনই আবেদন করতে পারেন। অনলাইন আবেদন করতে হবে ২২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in

## অর্ধেক যুদ্ধজয় হয় সঠিক প্রস্তুতির মাধ্যমে, কেরিয়ারের ক্ষেত্রেও একথা প্রযোজ্য



ডঃ সাধন কুমার ঘোষ
সিনিয়র প্রফেসর, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়,
কো-অর্ডিনেটর, সেন্টার ফর কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম, যাদবপুর বিশ্ববিদ্যালয়

পেশাদারি জীবনে কেমন কাজ করবেন, কী ধরনের চাকরি করবেন সে বিষয়ে অনেক আগে থেকে সিদ্ধান্ত নিয়ে ফেলাটাই এখনকার দিনে যুক্তিযুক্ত কর্তব্য। চাকরি-জীবনের মেয়াদ কিন্তু ছোট নয়। চাকরিতে যোগ দেওয়ার পরে আপনাকে ভালো করে কাজ করতে হবে, প্রয়োজনে চ্যালেঞ্জ নিয়ে কাজ করতে হবে, চাকরিতে উন্নতি করতে হবে। এগুলো সবই করা যাবে, যদি আপনি ভালোবেসে কাজ করেন। অর্থাৎ চাকরিটি আপনার পছন্দের চাকরি হয়।

পছন্দের চাকরিটি যে রাতারাতি হস্তগত হবে এমনটা নয়। পছন্দের সেই চাকরিটি পাওয়ার জন্য আপনাকে আগে থেকে প্রস্তুত হতে হবে। ইঞ্জিনিয়ারিং বা ডাক্তারি পড়ে ইঞ্জিনিয়ার বা ডাক্তার হওয়ার জন্য প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। সেই পরীক্ষার জন্য প্রস্তুতি শুরু হয়ে যায় উচ্চমাধ্যমিক স্তরের পড়াশোনার শুরু থেকে। অন্যান্য পেশার ক্ষেত্রেই বা এ ধরনের প্রস্তুতি থাকবে না কেন? চাকরি নানা প্রকারের। চাকরির ধরন অনুসারে প্রস্তুতি। ধরা যাক, আপনি উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশনের পরে ক্লারিক্যাল চাকরি করতে চান। তাহলে প্রস্তুতির রকমটা কেমন হবে? আপনাকে স্কুল-কলেজের পড়াশোনা করতে করতেই ভালো করে টাইপিং শিখতে হবে। এখনকার দিনে ক্লারিক্যাল কাজের জন্যও কম্পিউটার অপারেশন জানতে হয়। ফলে, কম্পিউটার শিখতে হবে। তৃতীয়ত, চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে হবে। অফিসার গ্রেডের সরকারি চাকরি করতে চাইলে অন্তত এক থেকে দেড় বছর সময় নিয়ে সংশ্লিষ্ট চাকরির পরীক্ষার প্রস্তুতি নিতে হবে। স্কুলে শিক্ষকতা করতে চাইলে প্রথম থেকেই স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ভালো ফল করার উপরে জোর দিতে হবে। স্কুলস্তরে শিক্ষকতা করতে চাইলে বি এড বা ডি এল এডের মতো শিক্ষকতার প্রশিক্ষণ নিতে হবে। তারপর নিজের বিষয়ে ভালো প্রস্তুতি নিয়ে শিক্ষকতার চাকরির পরীক্ষায় বসতে হবে। শুধু তাই-ই নয়, যে-বিষয়ে শিক্ষকতা করতে চাইবেন, সেই বিষয়টির গভীরে ঢুকে পড়াশোনা করতে হবে। বিষয়টি প্রকৃতই জানতে বুঝতে হবে। এম ফিল বা পি এইচ ডি করা থাকলে সুবিধা হয় এক্ষেত্রে। পি এইচ ডি করা থাকলে নেট বা সেট পরীক্ষায় বসার দরকার হয় না। এভাবেই, যাঁরা গ্র্যাজুয়েশনের পরে ম্যানেজমেন্ট পড়তে চাইবেন, তাঁদের 'ক্যাট' বা 'ম্যাট'-এর মতো যোগ্যতামান নির্ধারণের পরীক্ষার প্রস্তুতি নিতে হবে আগে থেকেই।

আর একটা কথা বলতে চাইব, সেটা হল, যতটুকু জানলে চলে, তার চেয়ে খানিকটা বেশি জানুন। ওই বেশি করে জানাটা আপনাকে অনেক বৈতরণী পার করে দেবে। টাইপিংয়ে আপনার স্পিড খুব ভালো। সেইসঙ্গে নির্ভুল টাইপ করার জন্য যদি আপনাকে নতুন করে ইংরেজির পাঠ নিতে হয়, তবে সেটা করুন। কাজের ক্ষেত্রে একটা সমস্যা হচ্ছে। এরকম পরিস্থিতিতে অনেকের মধ্যে থেকে যদি আপনি সমস্যাটির সমাধান করে দিতে পারেন, তবে কর্তৃপক্ষ কঠিন কাজের ব্যাপারে আপনার ওপর বেশি করে নির্ভর করবেন। এটা আপনার সাফল্য। আর কাজটা যদি আপনার ভালোলাগা কাজ হয়, তাহলে চ্যালেঞ্জ মোকাবিলায় আপনি পিছপা হবেন না। এভাবেই ক্রমশ একটা কেরিয়ার গড়ে ওঠে।

---

শুধু মাধ্যমিক যোগ্যতায় কয়েক হাজার গ্রুপ 'সি' কর্মী নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৭ এপ্রিল সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' এবং ২৪ এপ্রিল সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। যাঁরা এখনও আবেদন করেননি, তাঁরা এখনই আবেদন করতে পারেন।

---

***পরে আবেদন করতে পারবেন:*** শুধু মাধ্যমিক যোগ্যতায় পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর, রেলের লেভেল-ওয়ানের (পূর্বতন গ্রুপ 'ডি') বিভিন্ন পদ, পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ 'ডি' পদে আবেদন করা যায়। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করার সুযোগ আছে।

উচ্চমাধ্যমিকের রেজাল্ট হাতে পাওয়ার পরে রেলের আরও নানা পদে আবেদন করতে পারবেন। তবে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করা যায়। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

কর্মক্ষেত্র (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওস্তাগর লেন (পার্ক সার্কাস)
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি



মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে শিবপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজির অধীনস্থ স্কুল অব ম্যানেজমেন্ট সায়েন্সেস। স্পেশ্যালাইজেশন করা যাবে এই সব বিষয়ে: মার্কেটিং ম্যানেজমেন্ট, ফিনান্স, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট এবং অপারেশনস ম্যানেজমেন্ট। কোর্সের মেয়াদ ২ বছর।

আসনসংখ্যা: ৬০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫, দৈহিক প্রতিবন্ধী ২, আর্থিকভাবে অনগ্রসর ৬)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ আর্টস, সায়েন্স, কমার্স, হিউম্যানিটিস, ইঞ্জিনিয়ারিং বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতক। সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট), জেভিয়ার অ্যাপ্টিটিউড টেস্ট (জ্যাট), ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট), কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট (সিম্যাট) এবং গ্র্যাজুয়েট ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্টের (জিম্যাট) মধ্যে যে-কোনও একটি যোগ্যতা নির্ধারক পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে তাঁদের ১৫ সেপ্টেম্বরের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের রাইটিং এবিলিটি টেস্ট এবং ইন্টারভিউ নেওয়া হবে। প্রাথমিক প্রার্থীতালিকা প্রকাশিত হবে ৪ জুন। গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউ হবে ১১ জুন, সকাল ১১টা থেকে। চূড়ান্ত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ১৪ জুন।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiests.ac.in আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই এবং প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। আবেদনের শেষ তারিখ ২ জুন।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### রেডিমেড গারমেন্টের ব্যবসা ও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ



রেডিমেড গারমেন্টের ব্যবসা ও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেবে মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। প্রশিক্ষণ দেওয়া হবে বালুরঘাটের দক্ষিণ দিনাজপুর চেম্বার অব কমার্সে। প্রশিক্ষণের মেয়াদ ছয় সপ্তাহ। প্রশিক্ষণ ১১ জুন থেকে ২২ জুলাই পর্যন্ত কোর্স চলবে।

আসনসংখ্যা: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক। বয়স অন্তত ১৮ বছরের মধ্যে হতে হবে।

কোর্স ফি: ৪০০ টাকা। মহিলা ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ফি ২০০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১০ জুন, বালুরঘাটে।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, ২টি স্ট্যাম্প মাপের ফটো, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের নকল, আধার কার্ডের নকল এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট-সহ আবেদনপত্র ৪ জুনের মধ্যে পাঠাতে হবে নিম্নলিখিত যে-কোনও একটি ঠিকানায়: The Director, MSME-DI, 111 & 112, B.T. Road, Kolkata-700 108 বা General Manager, DIC, Balurghat, Dist-Dakshin Dinajpur. খামের ওপর লিখবেন: Six Weeks Entrepreneurship & Skill Development Programme On Readymade Garments.

প্রার্থীরা অনলাইনেও আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.msmedikolkata.gov.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৬১৩-৩৪০২০।

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৬২০ আসনে আইনের স্নাতক কোর্সে ভর্তি



পাঁচ বছর মেয়াদের বি এ এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

প্রতিষ্ঠান অনুসারে আসনসংখ্যা: আইন বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়, হাজরা ক্যাম্পাস: ১২০টি। সুরেন্দ্রনাথ ল কলেজ: ১২০টি। যোগেশ চন্দ্র চৌধুরি ল কলেজ: ১২০টি। সাউথ ক্যালকাটা ল কলেজ: ১২০টি। বিকাশ ভারতী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। রবীন্দ্র শিক্ষা সম্মিলনী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জ্যোতির্ময় স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। শ্যামবাজার ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জর্জ স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। সুরেশ্বর দত্ত ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। হেরিটেজ ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। কলকাতা পুলিশ ল ইনস্টিটিউট (সেল্ফ-ফিনান্সড): ৬০টি। এল জে ডি ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ২৪০টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। ২০১৭ সালের আগে (তফসিলিদের ক্ষেত্রে ২০১৫ এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০১২) উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

সরকারি নিয়মানুসারে তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩০ জুন, দুপুর ১২টা থেকে দুপুর ২টো ৩০ মিনিট পর্যন্ত। প্রবেশিকা পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, রিজনিং এবং জেনারেল ম্যাথমেটিক্স বিষয়ে। কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৫ জুন থেকে ২৯ জুন পর্যন্ত ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.caluniv.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৯ জুন। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের সময় পাওয়া অ্যাপ্লিকেশন ফর্ম নম্বর এবং পাসওয়ার্ড টুকে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ অনলাইন বা অফলাইন ব্যবস্থায় দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। অনলাইনে ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২০ জুন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অ্যান্ড লেবার ওয়েলফেয়ারের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ও লেবার ওয়েলফেয়ারের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে স্টেট লেবার ইনস্টিটিউট। এটি রাজ্যের শ্রম দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। কোর্সটি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত। কোর্সের মেয়াদ ১ বছর। কলকাতা ও শিলিগুড়ি কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হবে।

আসনসংখ্যা: কলকাতা: ৪৫টি (সাধারণ প্রার্থী ৪০, স্পনসর্ড প্রার্থী ৫)। শিলিগুড়ি: ৩০টি (সাধারণ প্রার্থী ২৫, স্পনসর্ড প্রার্থী ৫)। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক-সহ কমপক্ষে ১০০ জন কর্মী বিশিষ্ট কোনও প্রতিষ্ঠানে ওয়েলফেয়ার অফিসার বা পার্সোনেল অফিসার বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস অফিসার বা সুপারভাইজর বা সমতুল পদে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

কোর্স ফি: সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৮,০০০ টাকা এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ১২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৯ জুন। প্রশ্ন আসবে ইংলিশ, রাইটিং এবিলিটি, জেনারেল নলেজ এবং রিজনিং বিষয়ে। পরীক্ষার সময়সীমা ৯০ মিনিট। পরীক্ষার অ্যাডমিট কার্ড প্রার্থীর ই-মেলে পাঠানো হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। কলকাতা ও শিলিগুড়ির পৃথক আবেদনপত্র আছে। যে-কেন্দ্রের আসনে আবেদন করবেন, সেই কেন্দ্রের জন্য নির্দিষ্ট আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.wbsli.org আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন: ✓ ফি বাবদ দিতে হবে ১০০ টাকার (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা) ডিমান্ড ড্রাফ্ট। ডিমান্ড ড্রাফ্টটি কলকাতার ক্ষেত্রে 'Director, State Labour Institute, Kolkata'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে এবং শিলিগুড়ির ক্ষেত্রে 'Deputy Labour Commissioner, State Labour Institute, Siliguri'-র অনুকূলে শিলিগুড়িতে প্রদেয় হতে হবে। ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোটি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓ কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে 'নো অবজেকশন' সার্টিফিকেট।

পূরণ করা আবেদনপত্র ২৭ মে-র মধ্যে পৌঁছতে হবে কলকাতার ক্ষেত্রে এই ঠিকানায়: Director, State Labour Institute, Govt. of West Bengal, P-3, CIT Scheme, VII-M, Manicktala Main Road, Kankurgachi, Kolkata-700 054 এবং শিলিগুড়ির ক্ষেত্রে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Deputy Labour Commissioner, State Labour Institute, Govt. of West Bengal, Dagapur Complex, P.O. Pradhannagar, Siliguri, Dist. Darjeeling, Pin-734 403.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩২০-৮৮৫৪ (কলকাতার ক্ষেত্রে) এবং ০৩৫৩-২২৩৪১৬১ (শিলিগুড়ির ক্ষেত্রে)।

## খাদ্য বিশ্লেষকের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ১৪ জুলাই

পেশাদার খাদ্য বিশ্লেষকের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ষষ্ঠ 'ফুড অ্যানালিস্ট এক্সামিনেশন' এবং তৃতীয় 'জুনিয়র ফুড অ্যানালিস্ট এক্সামিনেশন'-এ বসার জন্য আবেদনের প্রক্রিয়া শুরু হয়েছে। ফুড অ্যানালিস্ট এক্সামিনেশনে সফল হলে খাদ্য-পানীয় বিশ্লেষক হিসেবে সরকারি স্বীকৃতি পাওয়া যায়।

শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, ডেয়ারি কেমিস্ট্রি, ফুড টেকনোলজি, ফুড অ্যান্ড নিউট্রিশনের স্নাতকোত্তর ডিগ্রিধারী অথবা ডেয়ারি বা অয়েল টেকনোলজির ব্যাচেলার্স ডিগ্রিধারী অথবা ভেটেরিনারি সায়েন্সের ডিগ্রিধারীরা এই পরীক্ষায় বসতে পারেন।

খাদ্য বিশ্লেষণের পেশায় অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ষষ্ঠ ফুড অ্যানালিস্ট পরীক্ষায় বসা যাবে। এক্ষেত্রে বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। পরীক্ষা হবে দু'টি পেপারের। প্রথমে থিওরিটিক্যাল পরীক্ষা। সফল হলে প্র্যাক্টিক্যাল পরীক্ষা। পরীক্ষার ফি ২,০০০ টাকা।

ফ্রেশার প্রার্থীরা তৃতীয় 'জুনিয়র ফুড অ্যানালিস্ট এক্সামিনেশন'-এ বসার জন্য আবেদন করবেন। তাঁদের শুধু থিওরিটিক্যাল পেপারের পরীক্ষা দিতে হবে। খাদ্য বিশ্লেষণের কাজে ৩ বছরের অভিজ্ঞতা সঞ্চয়ের পরে তাঁরা দ্বিতীয় পত্র তথা প্র্যাক্টিক্যাল পরীক্ষায় বসতে পারবেন। থিওরিটিক্যাল পত্রের পরীক্ষায় বসার জন্য বয়সের ঊর্ধ্বসীমা ২৮ বছর (ও বি সিদের ক্ষেত্রে ৩১ বছর, তফসিলিদের ক্ষেত্রে ৩৩ বছর)। পরীক্ষার ফি ১,৫০০ টাকা।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://fassai.thinkadmission.in ৩১ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে।

থিওরিটিক্যাল পেপারের পরীক্ষা ১৪ জুলাই। অন্যতম পরীক্ষাকেন্দ্র কলকাতা।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### তফসিলিদের জন্য ন্যাশনাল ওভারসিজ স্কলারশিপ স্কিম ২০১৯-২০২০

বিদেশে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে ইচ্ছুক তফসিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক।

আবেদনের যোগ্যতা: স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের ক্ষেত্রে অন্তত মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক এবং পি এইচ ডি কোর্সের ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। ১-৪-২০১৯ তারিখে অন্তত ৩৫ বছরের মধ্যে হতে হবে। বার্ষিক পারিবারিক আয় ৬ লাখের নিচে হতে হবে।

স্কলারশিপের পরিমাণ: প্রার্থীদের আমেরিকায় পড়াশোনার ক্ষেত্রে বছরে ১৫,৪০০ আমেরিকান ডলার এবং ইংল্যান্ডে পড়াশোনার ক্ষেত্রে বছরে ৯,৯০০ ব্রিটিশ পাউন্ড দেওয়া হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/NOS1 আবেদনের শেষ তারিখ ৩১ মে।

### আই ই এ সি থ্রি ই ফেলোশিপ ২০১৯

অ্যাডভান্সমেন্ট অব ক্লিন এনার্জি টেকনোলজি নিয়ে গবেষণা করতে ইচ্ছুক মহিলা গবেষকদের ফেলোশিপ দিচ্ছে দ্য এনার্জি অ্যান্ড রিসোর্সেস ইনস্টিটিউট এবং ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সি।

আবেদনের যোগ্যতা: উইমেন এম্পাওয়ারমেন্ট, এডুকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট নিয়ে গবেষণারত মহিলারা আবেদন করতে পারেন।

নির্বাচিত প্রার্থীরা প্যারিসে ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সি দ্বারা আয়োজিত ওয়ার্ক প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ পাবেন। স্টাইপেন্ড বাবদ দেওয়া হবে প্রতি মাসে ২,০০০ ইউরো। এ ছাড়া বিমানে যাতায়াতের খরচও দেওয়া হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/ICF3 আবেদনের শেষ তারিখ ২০ মে।

### রোটারি পিস ফেলোশিস ২০২০-২১

ব্রিটেনে পিস অ্যান্ড ডেভেলপমেন্ট-সংক্রান্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং সার্টিফিকেট কোর্স করতে ইচ্ছুক ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে রোটারি ফাউন্ডেশন। প্রার্থীকে অবশ্যই ব্রিটেনের কোনও বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ পেয়ে থাকতে হবে।

আবেদনের যোগ্যতা: মাস্টার ডিগ্রি কোর্সের ক্ষেত্রে স্নাতক। তিন বছরের আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না। সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/RPF6 আবেদনের শেষ তারিখ ৩১ মে।

*(তথ্য সহায়তা: buddy4study)*

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড নাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন'-এর মাধ্যমে তিন সামরিক বাহিনীতে নিয়োগের লিখিত পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? লিখিত পরীক্ষা ছাড়া আর কোন পদ্ধতিতে প্রার্থী বাছাই করা হবে? —দীপ্ত নাগ, নারায়ণপুর, বাঁকুড়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড নাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন'-এ অবজেক্টিভ টাইপ প্রশ্ন হয় এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স (কোড ০১), জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি পর্বেরই সময়সীমা আড়াই ঘণ্টা করে। প্রশ্ন হয় অবজেক্টিভ ধরনের। কোড ০১-এ থাকে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডায়মেনশনস, ডিফারেন্সিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেন্সিয়াল ইকুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। কোড ০২-এর পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হয়। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। লিখিত পরীক্ষা ছাড়াও প্রার্থী বাছাইয়ের জন্য থাকে সাইকোলজিক্যাল অ্যাপ্টিটিউড টেস্ট ও ইন্টেলিজেন্স টেস্ট। এতে সফল হলে তবেই লিখিত পরীক্ষায় ডাক পাওয়া যায়। লিখিত পরীক্ষার পরে হয় ইন্টেলিজেন্স ও পার্সোনালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। বিস্তারিত জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই কীভাবে করা হয়ে থাকে জানালে উপকৃত হব। —কৌশিক দে, পাঁচাক্লা, হাওড়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রথম পেপারের পরীক্ষা আয়োজিত হবে ২ অগস্ট থেকে ৬ সেপ্টেম্বরের মধ্যে। দু'টি পেপারের পরীক্ষা। প্রথম পেপারে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, ২৫ নম্বরের জেনারেল ইংলিশ এবং ২৫ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। অর্থাৎ মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং থাকবে। প্রথম পেপারের পরীক্ষায় সফলরা দ্বিতীয় পেপারের পরীক্ষা দেবেন। এই পেপারে ইংরেজি বা মাতৃভাষায় (পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার ক্ষেত্রে বাংলা) রচনা, চিঠি লেখা ইত্যাদি থাকবে। ৫০ নম্বরের পরীক্ষা। সময় আধঘণ্টা। বিশদ সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.ssconline.nic.in

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? স্টেনোগ্রাফি ও শর্টহ্যান্ড টেস্ট কোন পদ্ধতিতে নেওয়া হবে? —সুস্মিতা পাল, গড়িয়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের জন্য স্কিল টেস্ট হবে। এক্ষেত্রে ১০ মিনিটের ডিক্টেশন। গ্রেড 'সি'-র প্রার্থীদের মিনিটে ১০০টি শব্দ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখতে হবে ইংরেজি অথবা হিন্দিতে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## উচ্চশিক্ষা

□ *সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্টে বসতে চাই। এই পরীক্ষার কী কী বিষয়ের কত নম্বরের প্রশ্ন হয়ে থাকে? ক'টি পত্রের পরীক্ষা হয়? বিস্তারিত জানাবেন। —গৌতম প্রামাণিক, মুর্শিদাবাদ।*

□□ সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট) পরীক্ষায় দু'টি পত্রেই অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। যাঁরা প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতা করতে চান তাঁরা প্রথম পত্রের এবং যাঁরা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য বিবেচিত হতে চান তাঁরা দ্বিতীয় পত্রের উত্তর করবেন। যাঁরা উভয়স্তরের জন্যই বিবেচিত হতে চান তাঁদের দু'টি পত্রেরই উত্তর দিতে হবে। প্রতি পত্রের জন্য সময় আড়াই ঘণ্টা। পেপার ওয়ানে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২, ম্যাথমেটিক্স, এনভায়রনমেন্টাল স্টাডিজ। প্রতিটি বিভাগ ৩০ নম্বরের। মোট ১৫০ নম্বর। পেপার টু-তে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২ (প্রতিটি বিভাগ ৩০ নম্বরের) এবং ম্যাথমেটিক্স ও সায়েন্স টিচারের ক্ষেত্রে ম্যাথমেটিক্স অ্যান্ড সায়েন্স অথবা সোশ্যাল স্টাডিজ বা সোশ্যাল সায়েন্স টিচারের ক্ষেত্রে সোশ্যাল স্টাডিজ ও সোশ্যাল সায়েন্স (৬০ নম্বর)। পরীক্ষার বিশদ সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ctet.nic.in

□ *ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি ডিগ্রি কোর্সে ভর্তির পরীক্ষা 'ইভেটস'-এ বসতে হলে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? পরীক্ষার ধরনধারণ সম্পর্কে বিস্তারিত জানালে উপকৃত হব। —অরূপ সিং, রামপুরহাট, বীরভূম।*

□□ ইভেটস বা ব্যাচেলর অব ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংলিশ পড়ে থাকতে হবে। 'ইভেটস-২০১৭' পরীক্ষা নেওয়া হবে দু'টি পত্রে— ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১০০ নম্বর) এবং বায়োলজিক্যাল সায়েন্সেস (১০০ নম্বর)। প্রতিটি পত্রে ৫০টি করে প্রশ্ন হবে বাংলা ও ইংরেজিতে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং আছে। প্রথম পত্রের পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা এবং দ্বিতীয় পত্রের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.wbjeeb.in

## নেট/সেট

□ *সি এস আই আর নেট পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —পৌলমী প্রামাণিক, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ সি এস আই আর নেট পরীক্ষার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রি। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি এস (৪ বছরের) বা বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রি। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। তফসিলি প্রার্থীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। ওয়েবসাইট: www.csirhrdg.res.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এস-এর মাধ্যমে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় কী কী বিষয়ে প্রশ্ন হয়, সে বিষয়ে বিশদে জানালে উপকৃত হব। নেগেটিভ মার্কিং আছে? —জোনাকি মুখার্জি, দমদম।*

□□ আই বি পি এস-এর মাধ্যমে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষা হয় ২০০ নম্বরের। সময় ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), ও পেশাদারি বিষয়-সংক্রান্ত প্রশ্ন (৭৫ নম্বর)। ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর) এবং অন্যান্য পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (৫০ নম্বর) প্রশ্ন। জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্নে বিশেষ জোর পড়বে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি-সংক্রান্ত প্রশ্নের ওপর। সবক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না। ওয়েবসাইট: www.ibps.in

## কোর্স, ট্রেনিং

□ *ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনে সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ৬ মাসের সার্টিফিকেট কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সৌমিক সরকার, তাহেরপুর, নদিয়া।*

□□ সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ৬ মাসের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনের (বেঙ্গল) স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস। শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ। অন্তত ১৫ দিন কোনও নামী স্বেচ্ছাসেবী সংস্থায় হাতে-কলমে কাজের প্রশিক্ষণ দেওয়া হয় এই কোর্সে। সঙ্গে থাকবে থিওরির ক্লাস। প্রশিক্ষিতদের বিভিন্ন এন জি ও-তে চাকরির সুযোগ রয়েছে। সপ্তাহে দু'দিন, শনি ও রবিবার বেলা আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস। কোর্স ফি ২,০০০ টাকা। প্রার্থী বাছাই হবে একটি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৪ জুলাই, রবিবার। ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ১০ টাকার বিনিময়ে সোম থেকে শনি বেলা ১২টা থেকে বিকেল ৫টার মধ্যে আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠানের অফিস থেকে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১৩ জুলাই। যোগাযোগের ঠিকানা: স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস, ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন (বেঙ্গল), ১৮৮, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, কলকাতা-৭০০ ০৩২।

□ *আই আই এস ডব্লু বি এম-এ ফায়ার ম্যানেজমেন্টের যে অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সটি পড়ানো হয় তার জন্য কীরকম শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —শিবেশ মাজি, করিমপুর, নদিয়া।*

□□ ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে ফায়ার ম্যানেজমেন্টের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা ধারীরা। গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে ভর্তি নেওয়া হয়। ডে কোর্সের সঙ্গে কর্মরতদের জন্য ইভনিং কোর্সেরও ব্যবস্থা আছে। ডে কোর্সটি দু'টি সেমিস্টার ও ইভনিং কোর্সটি তিনটি সেমিস্টারে বিভক্ত। ওয়েবসাইট: www.iiswbm.edu

□ *সেন্ট জেভিয়ার্সে কম্পিউটার সায়েন্সে এম এসসি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —চন্দনা ভৌমিক, পুরুলিয়া।*

□□ কম্পিউটার সায়েন্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট জেভিয়ার্স কলেজ। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ কম্পিউটার সায়েন্সে বি এসসি বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। পাঁচ বছর আগে স্নাতক কোর্সে পাশ করে থাকলে আবেদন গ্রাহ্য হবে না। প্রার্থী বাছাই করা হবে অ্যাডমিশন টেস্টের মাধ্যমে। অ্যাডমিশন টেস্ট ২৫ মে, সকাল ১০টা থেকে দুপুর ১২টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ৬০ নম্বরের এবং শর্ট ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন হবে ৪০ নম্বরের। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sxccal.edu আবেদনের শেষ তারিখ ১৭ মে। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা।

□ *ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারে রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সাম্য ব্যানার্জি, মন্দিরবাজার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারের রেডিওলজিক্যাল ফিজিক্স অ্যান্ড অ্যাডভাইসরি ডিভিশন। কোর্সের মেয়াদ ১ বছর। পরীক্ষাকেন্দ্র মুম্বই। আসনসংখ্যা ৩০। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি। স্নাতক স্তরেও প্রধান বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে এবং মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। ১-৮-২০১৯ তারিখে বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা (কমন এন্ট্রান্স টেস্ট) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৩ জুন, সকাল ১১টা থেকে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: নিউ ট্রেনিং স্কুল কমপ্লেক্স, অণুশক্তিনগর, মুম্বই-৪০০ ০৯৪। পরীক্ষার ফল ঘোষণা করা হবে পরীক্ষার দিনই। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৪ থেকে ২৬ জুন পর্যন্ত। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruit.barc.gov.in আবেদনের শেষ তারিখ ২৫ মে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা।

## অন্যান্য চাকরি

□ *র‍্যালির মাধ্যমে ভারতীয় সেনাবাহিনীতে মহিলা সোলজার-জেনারেল ডিউটি (উওমেন মিলিটারি পুলিশ) পদের ক্ষেত্রে কীরকম শিক্ষাগত যোগ্য ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —গোপাল হালদার, বাগেশ্বরপুর, হাওড়া।*

□□ র‍্যালির মাধ্যমে ভারতীয় সেনাবাহিনীতে মহিলা সোলজার-জেনারেল ডিউটি (উওমেন মিলিটারি পুলিশ) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে। অবিবাহিতারা আবেদনের যোগ্য। বিধবা, বিবাহবিচ্ছিন্না বা আইনত স্বামী বিচ্ছিন্নারা কোনও সন্তান না থাকলে আবেদন করতে পারেন। কর্মরত অবস্থায় মৃত সেনাকর্মীর স্ত্রী, সন্তান থাকলে ও পুনরায় বিবাহ না করে থাকলে আবেদনের যোগ্য। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৪২ সেমি। ওজন হতে হবে উচ্চতা অনুযায়ী। প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: সর্বাধিক ৭ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ১০ ফুট লং জাম্প এবং ৩ ফুট হাই জাম্প। যাঁরা পার্বত্য পথে দৌড়বেন তাঁরা অতিরিক্ত সময় পাবেন। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে নেওয়া হবে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা। ডাক্তারি পরীক্ষায় ছাড়পত্র পাওয়া সমস্ত প্রার্থীর লিখিত পরীক্ষা হবে। দেখুন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

□ *ভারতীয় নৌবাহিনীতে নাবিক ক্যাটেগরিতে মিউজিশিয়ান পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —চন্দন পাল, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

□□ ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক এন্ট্রি রিক্রুটসে নাবিক ক্যাটেগরিতে মিউজিশিয়ান পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি স্ক্রিনিং বোর্ড এবং ফাইনাল স্ক্রিনিং বোর্ডের পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্রগুলি হল মুম্বই, কোচি এবং বিশাখাপত্তনম। প্রিলিমিনারি স্ক্রিনিং বোর্ডের পরীক্ষায় প্রথম পর্যায়ে প্রার্থীর বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা যাচাই করা হবে। দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতা যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট ৬ থেকে ১০ জুলাই। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন। চূড়ান্ত প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ৩ থেকে ৬ সেপ্টেম্বর পর্যন্ত, মুম্বইয়ে। বিশদ তথ্য বিষয়ে বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *ভারতীয় নৌবাহিনীতে মেকানিক বিভাগে চার্জম্যান পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —কৃষ্ণেন্দু হালদার, মালদহ।*

□□ ভারতীয় নৌবাহিনীতে মেকানিক বিভাগে চার্জম্যান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-বেসড অনলাইন পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ/অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড /লজিক্যাল রিজনিং, জেনারেল ইংলিশ এবং অ্যাপ্লায়েড সায়েন্স অ্যান্ড স্পেশ্যালাইজেশন বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। সবশেষে নথিপত্র যাচাই। দেখুন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

নাম : ____________
ঠিকানা : ____________
____________
____________
আপনি কি 'কর্মক্ষেত্র' পড়েন? হ্যাঁ/না

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ন্যাশনাল মিনারেল কর্পোরেশনে ২৫৫ এক্সিকিউটিভ ট্রেনি

*প্রথম পাতার পর*

এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ২০,৬০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম: ২০,৬০০-৪৬,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

দৈহিক মাপজোক: টেকনিক্যাল শাখার ক্ষেত্রে: উচ্চতা অন্তত ১৫৫ সেমি, ওজন অন্তত ৪৫ কেজি। মায়োপিয়া ও হাইপারমেট্রোপিয়া থাকলে তা যেন +৪.০০-এর বেশি না হয়। অ্যাডমিনিস্ট্রেশন শাখার ক্ষেত্রে: উচ্চতা অন্তত ১৫০ সেমি, ওজন অন্তত ৪৫ কেজি। মায়োপিয়া ও হাইপারমেট্রোপিয়া থাকলে তা যেন +৬.০০-এর বেশি না হয়। উভয় ক্ষেত্রেই মহিলারা উচ্চতা ও ওজনের ক্ষেত্রে নিয়মানুসারে ছাড় পাবেন। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। তির্যক চাহনি বা বর্ণান্ধতা থাকলে আবেদন করবেন না।

প্রাথমিকভাবে লিখিত পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ভার্বাল এবিলিটি, রিজনিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। পরীক্ষা ১৭ জুলাই।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nmdc.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ১৪ জুন পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো এবং সই (৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর ইউনিক রেজিস্ট্রেশন নম্বর-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোস্টগার্ডে নাবিক

*প্রথম পাতার পর*

প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড় এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি ভালো ও খারাপ উভয় চোখে ৬/৩৬ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকতে হবে।

**বয়স:** ১-১০-২০১৯ তারিখে ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১০-১৯৯৭ থেকে ৩০-৯-২০০১-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচন করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সব বিষয়ে: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্সেস, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল নলেজ) এবং রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে। পরীক্ষা হবে জুন-জুলাইয়ে।

নির্বাচিত প্রার্থীদের ট্রেনিং শুরু হবে অক্টোবর থেকে। আই এন এস চিলিকায় বেসিক ট্রেনিং হবে। তারপর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদে। মূল বেতন ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান অধিকারী র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ জুন থেকে ১০ জুন পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পরে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি টুকে রাখুন। অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময় প্রয়োজন হবে। পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। এর মধ্যে একটি কপি পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে।

## পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন

✓দরখাস্তের প্রিন্ট আউট।
✓অ্যাডমিট কার্ডের তিন কপি প্রিন্ট আউট। অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে নীল রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না।
✓১০টি রঙিন পাসপোর্ট মাপের ফটো। অবশ্যই নীল রঙের ব্যাকগ্রাউন্ডে ছবি তোলাতে হবে। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না।
✓জন্মতারিখের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓পাসপোর্ট, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, আধার কার্ড, প্যান কার্ড, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে ২০ জুন থেকে ২৬ জুনের মধ্যে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যে ২০০ লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং, কবাডি এবং খো-খো।

প্রার্থী বাছাই করা হবে প্রযোজ্য ক্ষেত্রে স্ক্রিনিং টেস্ট বা লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwb application.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ জুন পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। এটি ওয়ান-টাইম এনরোলমেন্ট। অর্থাৎ আগে রেজিস্ট্রেশন করা থাকলে নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। যাঁরা আগে রেজিস্ট্রেশন করেছেন তাঁরা লগ-ইন আই ডি ও পাসওয়ার্ড ব্যবহার করে দরখাস্ত করতে পারেন। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও কালো কালিতে করা সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১১০ টাকা। সার্ভিস চার্জ অতিরিক্ত। অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ জুন। সেক্ষেত্রে ৩ জুনের মধ্যে চালানের প্রিন্ট আউট নিয়ে নিতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwb online.gov.in

# রাজ্য সরকারে ১১৮

*প্রথম পাতার পর*

মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। খেলোয়াড় নিয়োগ করা হবে খেলাধুলার এইসব ডিসিপ্লিন থেকে: অ্যাথলেটিক্স (ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং, কবাডি এবং খো-খো।

প্রার্থী বাছাই করা হবে প্রযোজ্য ক্ষেত্রে স্ক্রিনিং টেস্ট বা লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwb application.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ জুন পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। এটি ওয়ান-টাইম এনরোলমেন্ট। অর্থাৎ আগে রেজিস্ট্রেশন করা থাকলে নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। যাঁরা আগে রেজিস্ট্রেশন করেছেন তাঁরা লগ-ইন আই ডি ও পাসওয়ার্ড ব্যবহার করে দরখাস্ত করতে পারেন। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও কালো কালিতে করা সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। সার্ভিস চার্জ অতিরিক্ত। অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ জুন। সেক্ষেত্রে ৩ জুনের মধ্যে চালানের প্রিন্ট আউট নিয়ে নিতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwb online.gov.in

# রামাগুণ্ডম ফার্টিলাইজার্সে জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট, স্টোর অ্যাসিস্ট্যান্ট ও ফার্মাসিস্ট

*প্রথম পাতার পর*

সঙ্গে স্টেট মেডিক্যাল কাউন্সিলে ফার্মাসিস্ট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে পাশ হতে হবে।

**বয়স:** ৩০-৪-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** প্রি-রিভাইজড পে-স্কেল অনুযায়ী ৯,০০০-১৬,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষা (১৫০ নম্বর) নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক এবং দ্বিতীয় পার্টে জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস/জেনারেল নলেজ বিষয়ে প্রশ্ন আসবে। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.national fertilizers.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৯ জুন। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (২০ কেবি সাইজের মধ্যে), বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রতিটি ১ এমবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে দিতে হবে ২০০ টাকা। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। দরখাস্তের এবং ই-রিসিপ্টের প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আর্মিতে উচ্চমাধ্যমিক

*প্রথম পাতার পর*

না হয়। রং চেনার ক্ষমতা সিপি-থ্রি মানের হতে হবে।

**বয়স:** ১-১-২০২০ তারিখে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯-এর মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৭-২০০০ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের (৩-৫ দিন) জন্য। প্রথমবার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেল ভাড়া পাওয়া যাবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪২তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৫ বছর। প্রথমে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুনে বা সেকেন্দ্রাবাদ বা মোহাউ-এ ৩ বছরের প্রি কমিশন ট্রেনিং এবং আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতন নির্দিষ্ট মাসিক ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৮ জুন পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে রোল নম্বর পাওয়া যাবে। এর পর রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

**ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন:** ✓২০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো। ✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓সচিত্র পরিচয়পত্রের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত মূল সার্টিফিকেটগুলিও সঙ্গে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

TATA INSTITUTE OF SOCIAL SCIENCES
SCHOOL OF VOCATIONAL EDUCATION
(Deemed to be a University as under Section 3 of the UGC Act,1956)
announces Degree Course in Child Protection
at Training Hub Partner
JAYAPRAKASH INSTITUTE OF SOCIAL CHANGE

| Course | Duration | Eligibility |
|---|---|---|
| Bachelor of Vocation(B.Voc) in Child Protection | 3 Years | 10+2 (any stream) |

Theory Classes on Saturdays and Sundays
Stand Alone Certification 100% Placement assistance
To Enroll Visit: Jayaprakash Institute of Social Change - DD-18/4/1, Salt Lake City, Kolkata-64.
Ph No: 7003354719/ 6291516302/ 7044063891/ 9831776785/ 033-2337-6695
Application Deadline: 30th June, 2019. | For details, visit www.sve.tiss.edu

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ এপ্রিল-৭ মে

**৩০ এপ্রিল** সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের বিরুদ্ধে যৌন হেনস্থা মামলার তদন্তকারী কমিটির সামনে বক্তব্য রাখতে গিয়ে আরও ভয়, বিপন্নতা ও উদ্বেগ বাড়ছে বলে দাবি করলেন অভিযোগকারিণী তরুণী। এই অভিযোগ তুলে তিনি সরে গেলেন কমিটির শুনানি থেকেও। সংবাদ-মাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'আমি কমিটির শুনানি থেকে সরে যেতে বাধ্য হলাম। কেন না আমার মনে হয়েছে যৌন হেনস্থার অভিযোগ শুনতে বসে যতটা সংবেদনশীল হওয়া উচিত ছিল, বিচারপতিরা তা নন।' উঁদের আমার প্রতি আরও সংবেদনশীল হওয়া উচিত ছিল।'

পুদুচেরির লেফটেন্যান্ট গভর্নর কিরণ বেদী পুদুচেরি সরকারের প্রতিদিনের কাজকর্মে হস্তক্ষেপ করতে পারবেন না বলে জানিয়েছিলেন মাদ্রাজ হাইকোর্টের বিচারপতি আর মাধবন। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিবাল আর লেফটেন্যান্ট গভর্নর অনিল বইজালের মধ্যে বিরোধের ক্ষেত্রে সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছে তার উল্লেখ করে বিচারক এদিন বলেন যে, দিল্লি সরকারের ক্ষেত্রে যে সীমাবদ্ধতা রয়েছে তা এখানে কার্যকরী নয়। তিনি আরও বলেন পুদুচেরি একটি কেন্দ্রশাসিত অঞ্চল হলেও রাজ্যের মতোই সমান ক্ষমতা আছে। কংগ্রেস সাংসদ কে লক্ষ্মীনারায়ণ মামলাটি করেছিলেন। এই রায়কে ঐতিহাসিক ও গণতন্ত্রের জয় বলে উল্লেখ করেছেন পুদুচেরির মুখ্যমন্ত্রী নারায়ণস্বামী। যদিও লেফটেন্যান্ট গভর্নর কিরণ বেদী হোয়াটসঅ্যাপে মন্তব্য করেছেন, 'আমরা এই রায় খতিয়ে দেখছি, এরপরে নতুন পদক্ষেপ করব।'

**২ মে** চন্দ্রলোকে ভারতের দ্বিতীয় অভিযান ৯ জুলাই থেকে ১৬ জুলাইয়ের মধ্যে শুরু হবে বলে ঘোষণা করল ইসরো। তাদের হিসেবে আগামী ৬ সেপ্টেম্বর দ্বিতীয় চন্দ্রযানের চাঁদের মাটিতে নামার কথা। এই চন্দ্রযানের নাম দেওয়া হয়েছে প্রজ্ঞান। অভিযানের মোট খরচ দাঁড়াচ্ছে ৮০০ কোটি টাকা। শ্রীহরিকোটার সতীশ ধবন স্পেস সেন্টার থেকে জিএসএলভি এমকে-থ্রি রকেটের মাধ্যমে ওই চন্দ্রযান উৎক্ষেপণ করা হবে। চাঁদের দক্ষিণ মেরুতে সেটির অবতরণ করার কথা।

**মহারাষ্ট্রের গড়চিরৌলিতে পুলিশের কুইক রেসপন্স টিমের উপর হামলা চালাল মাওবাদীরা। প্রাণ হারিয়েছেন ১৫ জন জওয়ান ও এক জন সাধারণ নাগরিক।** কিউআরটি সদস্যরা একটি সাধারণ বাসে করে কুরখেড়া তালুকের পুলিশ স্টেশনে রসদ পৌঁছে দিতে যাচ্ছিলেন। আইইডি বিস্ফোরণে বাসটি উড়িয়ে দেয় মাওবাদীরা। অন্যদিকে, এদিন দান্তেওয়াড়ার বিজেপি বিধায়ক ভীমা মাণ্ডবি ও পাঁচজন পুলিশকে হত্যার মূলচক্রী মাওবাদী মালতি নুইয়া পুলিশের হাতে নিহত হয়েছে। গত বছর সংবাদ-মাধ্যমের চিত্রসাংবাদিক ও দুই নিরাপত্তা আধিকারিকের খুনের ঘটনাতেও সে-ই মূলচক্রী ছিল বলে পুলিশের দাবি।

**প্রাক্তন সিপিএম সাংসদ এবং এশিয়াডে সোনাজয়ী অ্যাথলিট জ্যোতির্ময়ী শিকদার তৃণমূলে যোগ দিলেন।** ২০০৪ সালে লোকসভা নির্বাচনে নদিয়া জেলার কৃষ্ণনগর আসন থেকে বামফ্রন্টের হয়ে জিতে সাংসদ হয়েছিলেন জ্যোতির্ময়ী। ২০০৯ সালে ওই কেন্দ্র থেকেই তাপস পালের কাছে পরাজিত হন তিনি।

**৩ মে** পাকিস্তান ভারতকে তাদের 'অস্তিত্বের সঙ্কট'-এর কারণ মনে করে বলে মন্তব্য করলেন মার্কিন গুপ্তচর সংস্থা সিআইএ-র প্রাক্তন ভারপ্রাপ্ত অধিকর্তা মাইকেল মোরেল। সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে মোরেল ভারত-পাক সম্পর্ক এবং জঙ্গিগোষ্ঠীগুলির ভূমিকার কথা উল্লেখ করেছেন। পাকিস্তানকে একটি 'ভয়ঙ্কর দেশ' আখ্যা দিয়ে তিনি বলেন, 'ওই জঙ্গিগোষ্ঠীগুলিকে নিয়ন্ত্রণ করা যে অসম্ভব তা পাকিস্তান বুঝতে পারছে না। ওই জঙ্গিরাই একদিন তাদের আঘাত করবে।'

**জইশ প্রধান মাসুদ আজহারকে রাষ্ট্রপুঞ্জ** আন্তর্জাতিক জঙ্গির তকমা দেওয়ার পরই তার বিরুদ্ধে পদক্ষেপ করতে বাধ্য হল পাকিস্তান। পাক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে, রাষ্ট্রপুঞ্জের নিয়ম মেনেই মাসুদের যাবতীয় সম্পত্তি 'ফ্রিজ' করার নির্দেশ দেওয়া হয়েছে। জঙ্গি নেতার সমস্ত চলনের উপরেও নিষেধাজ্ঞা জারি হয়েছে বলে পাক বিদেশ মন্ত্রক দাবি করেছে।

**৪ মে** ইরানের প্রধান আয়ের রাস্তা বন্ধ করতে তাদের তেল রপ্তানির উপর আমেরিকা নিষেধাজ্ঞা চাপালেও, ইরান তা মানবে না বলে জানাল। এদিন এক সাক্ষাৎকারে ইরানের প্রেসিডেন্ট হাসান রৌহানি জানিয়েছেন, তেল রপ্তানি করেই আমেরিকাকে পাল্টা জবাব দিতে চান। সেই সঙ্গে অন্যান্য পণ্যের রপ্তানিও বাড়াতে চান তাঁরা। রৌহানি জানান, গত বছর ইরান তেল ছাড়াও প্রায় ৪,৫০০ কোটি ডলারের অন্যান্য পণ্য রপ্তানি করেছিল। সেই সমস্ত পণ্যের উৎপাদন বৃদ্ধি ও রপ্তানি বাড়ানোর প্রয়োজন রয়েছে।

**৫ মে** আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের (আইএমএফ) প্রাক্তন কর্তা রেজা বকিরকে পাকিস্তান সে দেশের স্টেট ব্যাঙ্কের গভর্নর হিসেবে নিয়োগ করল। সম্প্রতি পাকিস্তান সফরে গিয়েছিল আইএমএফের একটি প্রতিনিধি দল। তারপরই স্টেট ব্যাঙ্ক অব পাকিস্তান ও ফেডারেল বোর্ড অব রেভিনিউয়ের তৎকালীন শীর্ষ কর্তাদের সরিয়ে দেয় পাক সরকার। উল্লেখ্য, দেশের বেহাল অর্থনীতিকে চাঙ্গা করতে আইএমএফের কাছ থেকে মোট ৮০০ কোটি ডলার প্যাকেজ চেয়েছে পাকিস্তান। ইতিমধ্যেই চিন, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরশাহির মতো মিত্র দেশগুলির কাছ থেকে ১০০ কোটি ডলারের আর্থিক সাহায্য পেয়েছে তারা।

**৬ মে** রাজনৈতিক মহলে প্রবল প্রতিপক্ষ হয়েও সুপার সাইক্লোন ফণী-র মোকাবিলা নিয়ে ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়কের প্রশংসায় পঞ্চমুখ হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, ফণী থেকে ওড়িশার মানুষকে বাঁচাতে নবীনবাবু অসাধারণ পরিকল্পনা করেছেন। ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতি সামলাতে ওড়িশাকে ১ হাজার কোটি টাকা সাহায্য দেওয়ার কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

**জইশ-ই-মহম্মদ নেতা মাসুদ আজহারকে** আন্তর্জাতিক জঙ্গি তালিকায় অন্তর্ভুক্তিতে চিন ছাড়পত্র দেওয়ার পরিবর্তে ওবর মহাযোগাযোগ প্রকল্পে ভারতের সহযোগিতা চাইল। চিনা সরকারি সূত্র জানিয়েছে, নির্বাচনের পর এই নিয়ে নতুন সরকারের সঙ্গে কথা বলবে তারা। ভারতে নিযুক্ত চিনা রাষ্ট্রদূত লুও ঝাওহুই জানিয়েছেন, 'ভারত সরকার চিনের সঙ্গে বাণিজ্য ঘাটতি নিয়ে গভীর ভাবে চিন্তিত। আমি বিশ্বাস করি সংযোগ বাড়ানোর মাধ্যমেই এই সমস্যার সমাধান সম্ভব। দু দেশের মধ্যে সরাসরি সংযোগ অথবা তৃতীয় দেশের মাধ্যমে পরোক্ষ সংযোগ বাড়লে পণ্য, পরিষেবা, পুঁজি এবং মানুষের আদানপ্রদান বাড়বে। দ্বিপাক্ষিক বাণিজ্যে ভারসাম্য আসবে। ওবর-এর মাধ্যমে এই সংযোগ বাড়বে শুধু তাই নয়। ভারতের 'অ্যাক্ট ইস্ট নীতি'-ও লাভবান হবে।' কিন্তু ওবরের অন্তর্গত 'চিন পাকিস্তান বাণিজ্য করিডর' যে হেতু পাক অধিকৃত কাশ্মীরের মধ্য দিয়ে গিয়েছে, তাই এই উদ্যোগে ভারত এখনও পর্যন্ত সামিল হয়নি।

## সিংহাসনে বসলেন তাই রাজা, সারলেন চতুর্থ বিয়েও



৪ মে: আনুষ্ঠানিকভাবে রাজ্যাভিষেক হল তাইল্যান্ডের রাজা মহা বাজিরালংকর্নের। এই অনুষ্ঠানকে কেন্দ্র করে জমকালো উৎসবে মাতলেন তাইল্যান্ডবাসী। উল্লেখ্য, ২০১৬ সালে ৭০ বছর ধরে রাজত্ব চালানোর পরে মারা যান রাজা ভূমিবল আদুল্যদেজ। তাঁর মৃত্যুর পর দীর্ঘদিন ধরে শোকপালন করা হয় গোটা দেশে। বাজিরালঙ্কর্ন এতদিন ধরে দেশে সাংবিধানিক ভাবে রাজার দায়িত্ব পালন করলেও আনুষ্ঠানিক ভাবে সিংহাসন আরোহণ করেননি। আনুষ্ঠানিক রাজ্যাভিষেকের তিনদিন আগে অর্থাৎ ১ মে, চতুর্থ বিয়েও করেন তিনি। ওইদিন রাজপ্রাসাদে এক ব্যক্তিগত অনুষ্ঠানে বছর চল্লিশের সুথিদা তিজাইকে বিয়ে করেন ৬৬ বছরের রাজা। তাইল্যান্ডের নতুন রানি এর আগে রাজার দেহরক্ষী বাহিনীর প্রধান ছিলেন।




"পাঁচ বছর আগে ২০১৪-র উজ্জ্বল ভারত, শক্তিশালী ভারতের স্বপ্নের এক প্রতিভূ হিসাবে উঠে এসেছিলেন মোদী, যেন এক আস্থার দেবদূত— যার এক হাতে হিন্দুত্ব পুনর্জাগরণ, অন্য হাতে দক্ষিণ কোরিয়ার ধাঁচে অর্থনৈতিক উন্নয়নের কর্মসূচি। এখন শুধুই এক ব্যর্থ রাজনীতিক হিসাবে ভোট চাইতে এসেছেন মোদী যিনি করে দেখাতে পারেননি। নির্বাচনের ফলাফল যাই হোক, সেই স্বপ্ন, সেই আস্থা আজ আর তাঁর সঙ্গে নেই।"

টাইম পত্রিকা
প্রচ্ছদ নিবন্ধে নরেন্দ্র মোদী সম্পর্কে লেখা মন্তব্যে

## ইজরায়েলে ভোটের পরই উত্তপ্ত গাজা



৫ মে: ইজরায়েলের প্রধানমন্ত্রী নির্বাচনের পরেই ফের উত্তপ্ত হয়ে উঠল গাজা ভূখণ্ড। গাজা প্রশাসন দাবি করেছে, ইজরায়েলি হামলায় ইতিমধ্যেই মৃত্যু হয়েছে ১২ প্যালেস্টাইনির। অন্যদিকে, ইজরায়েলি সেনা দাবি করেছে, হামাসের রকেট হামলায় মৃত্যু হয়েছে এক ইজরায়েলির, আহত আরও দুই। ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এদিন মন্ত্রিসভার সদস্যদের নিয়ে বৈঠকের পর সাংবাদিকদের বলেন, 'সেনাকে আমি নির্দেশ দিয়েছি, গাজায় যে সব সন্ত্রাসবাদী ঘাঁটি রয়েছে, সেগুলি গুঁড়িয়ে দিতে। আর ওই দিকে আরও ট্যাঙ্ক এবং যুদ্ধের সরঞ্জাম তৈরি রাখতে।'

## শীর্ষ আদালতের ক্লিনচিট বিচারপতি গগৈকে



৬ মে: প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগের তদন্তের পর প্রধান বিচারপতিকে ক্লিনচিট দিল শীর্ষ আদালতের অভ্যন্তরীণ তদন্ত কমিটি। বিচারপতি শরদ অরবিন্দ বোবদে ও দুই মহিলা বিচারপতিকে নিয়ে গঠিত কমিটির রিপোর্ট বলছে, সুপ্রিম কোর্টেরই প্রাক্তন মহিলা কর্মী প্রধান বিচারপতির বিরুদ্ধে যে যৌন হেনস্থার অভিযোগ তুলেছিলেন, তার কোনও সারবত্তা নেই। এদিন কমিটির রিপোর্টের পরে অভিযোগকারিণী তরুণী বলেন, 'আমার সঙ্গে বিরাট অন্যায় হল। আজ আমি ন্যায়ের প্রতি আস্থা হারানোর মুখে দাঁড়িয়ে রয়েছি।' পরদিন ৭ মে প্রধান বিচারপতিকে ক্লিনচিট দেওয়ার প্রতিবাদে শীর্ষ আদালতের সামনে বিক্ষোভ দেখান প্রতিবাদীরা। ৫৫ জনকে গ্রেফতারও করা হয়। বেশকিছু ক্ষুব্ধ আইনজীবীও নৈতিক ভাবে তাদের সমর্থন জানিয়েছেন বিক্ষোভকারীদের প্রতি।

## জইশ নেতা মাসুদের নাম উঠল আন্তর্জাতিক জঙ্গি তালিকায়



১ মে: পাক আশ্রয় প্রাপ্ত জইশ নেতা মাসুদ আজহারের নাম আন্তর্জাতিক জঙ্গি তালিকায় অন্তর্ভুক্ত করল রাষ্ট্রপুঞ্জ। এতদিন রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের সদস্য দেশ হিসেবে চিন রাষ্ট্রপুঞ্জের এই প্রস্তাবে ভেটো দিয়ে এলেও এবারে অবশ্য সম্মতি মিলেছে চিনের দিক থেকে। নিরাপত্তা পরিষদের সদস্য ও অন্য দেশগুলির কাছে দীর্ঘদিন ধরে দরবার করে যাওয়া এবং সর্বোপরি চিনকে রাজি করানোর ফলেই এই সাফল্য এসেছে বলে দাবি করেছে বিদেশ মন্ত্রক। পাকিস্তান জইশ প্রধানকে নিয়ে কোনও আপত্তি না তুললেও তারা বলেছে রাষ্ট্রপুঞ্জ পুলওয়ামা হামলার সঙ্গে বিষয়টিকে এক করে দেখেনি বলেই মাসুদের নাম ওই তালিকায় তোলাকে সমর্থন করেছে তারা। এ প্রসঙ্গে ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র রবীশ কুমার বলেছেন, 'মাসুদ আজহার একজন আন্তর্জাতিক জঙ্গি। তাকে তালিকাভুক্ত করাটাই উদ্দেশ্য ছিল। সেটাই হয়েছে। এর সঙ্গে তার বিস্তারিত বায়ো-ডেটা দাখিলের কোনও প্রয়োজন নেই। এই সিদ্ধান্তে পুলওয়ামা অবশ্যই একটা বড় ভূমিকা নিয়েছে।'

## ফণীর তাণ্ডব ওড়িশায়, বাঁচল এপার বাংলা



৩ মে: সুপার সাইক্লোন ফণীর তাণ্ডবে তছনছ হল ওড়িশার বিস্তীর্ণ অঞ্চল। এদিন সকাল আটটা বাজতেই ঝঞ্ঝার আকারে পুরীর অদূরে গোপালপুরের সৈকতে আছড়ে পড়ে 'ফণী'। বাতাসের গতিবেগ ছিল ঘন্টায় ১৭৫ কিলোমিটার। মুহূর্তে লন্ডভন্ড হয়ে যায় বিস্তীর্ণ অঞ্চল। ক্ষয়ক্ষতির মোকাবিলায় প্রস্তুতির অভাব না থাকলেও ১২ জনের প্রাণহানি হয়েছে। বহু নিচু এলাকা প্লাবিত হয়েছে। ওড়িশার উপকূল ভাগের সঙ্গে সঙ্গে ভুবনেশ্বর, কটক, জাজপুর, ভদ্রক সহ বহু এলাকা সাময়িক ভাবে বিচ্ছিন্ন হয়ে যায় দেশের বাকি অংশের সঙ্গে। ৪ মে পশ্চিমবঙ্গের উপর দিয়ে যাওয়ার সময় তেমন ভয়ঙ্কর হয়ে না উঠলেও বাংলাদেশে প্রাণঘাতী হয়ে ওঠে গভীর নিম্নচাপ ফণী। এক শিশু ও চার মহিলা সহ সে দেশে ১৪ জনের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। উপকূলবর্তী এলাকার অন্তত ৩৬টি গ্রাম জলমগ্ন হয়ে পড়ে প্রবল বর্ষণে। প্রায় ১৬ লক্ষেরও বেশি বাসিন্দাকে সরিয়ে নিয়ে যেতে হয় নিরাপদ স্থানে।

ছবি: পি টি আই

## ব্রাজিলে রেন ফরেস্ট ফেরালেন চিত্রসাংবাদিক




৭ মে: দীর্ঘ ২০ বছরের চেষ্টায় ব্রাজিলের মিনে জেরাইস অঞ্চলে ১৭৫৪ একর ব্যাপী একটি বৃক্ষশূন্য হয়ে যাওয়া জমিকে ফের ক্রান্তীয় বৃষ্টি অরণ্যে পরিণত করলেন ব্রাজিলীয় চিত্র-সাংবাদিক সেবাস্টিয়াও সালগাদো। গাছ লাগানো ও অরণ্য সৃষ্টির লক্ষ্যে ১৯৯৮ সালে একটি স্বেচ্ছাসেবী সংস্থা তৈরি করেন তিনি। কুড়ি লক্ষ গাছ ওই অরণ্যে বিলিয়ে দেন তিনি। ১৭৫৪ একর জমির মধ্যে ১৫০২ একরের বৃষ্টি অরণ্য এখন ১৭২ প্রজাতির পাখি, ৩৩টি স্তন্যপায়ী প্রজাতির প্রাণী এবং ১৫ প্রজাতির উভচর ও সরীসৃপের ঠিকানা। সালগাদো জানিয়েছেন নিজেদের প্রকৃতি বাঁচাতে একাজের ভালো পথ আর হয় না। কিন্তু যে ভাবে অরণ্যের পথে এগিয়ে যাচ্ছে, তা রুখতে অবশ্যই বিজ্ঞানসম্মত পদক্ষেপ উচিত। বৃক্ষশূন্য এলাকায় ফের গাছ লাগালে জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে বাঁচার উপায় খুঁজে পাওয়া সম্ভব।

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## রোজ নতুন চ্যালেঞ্জ নিতে হবে সৃজনশীলতাকে কাজে লাগাতে হবে



অমরজিৎ কুমার রায়
[illegible]

> প্রত্যেকেরই জানা উচিত যে, সে কী করতে চায়। নিজেকে জানলে আপনা থেকেই তোমার মধ্যে আত্মবিশ্বাস তৈরি হবে এবং সেইমতো ব্যক্তিত্বও তৈরি হয়ে যাবে। কথাবার্তার মধ্য দিয়ে নিজেকে ঠিকভাবে পেশ করার বা বোঝানোর দক্ষতাটাও তৈরি করতে হবে। কথা বলার সময় অপর পক্ষকেও কথা বলতে দাও। তবেই একমাত্র কমিউনিকেট করতে পারার ক্ষমতা তৈরি হবে।

নতুন প্রার্থীর ইন্টারভিউ নেওয়ার সময় আমি দুটি বিষয় দেখি—অ্যাটিটিউড ও অ্যাপ্টিটিউড। বুঝতে চেষ্টা করি, প্রার্থীর ব্যক্তিত্ব কেমন, আত্মবিশ্বাস কতখানি, শেখার ইচ্ছে আছে কিনা। আমার মনে হয়, এই দিকগুলোতে গুরুত্ব দিয়ে প্রস্তুতি নিতে পারলে ইন্টারভিউ ভালো করে দেওয়া সম্ভব।

### ব্যক্তিত্ব যাচাইয়ের প্রশ্ন

ইন্টারভিউতে অনেক সময় প্রশ্ন করি, শেষ এক সপ্তাহ বা এক মাসে নিজের মধ্যে প্রার্থী কী-কী বদল ঘটিয়েছে। নিজেকে কোনওভাবে আরও ভালো করার চেষ্টা সে আদৌ করেছে কিনা। অর্থাৎ, তার নিজের 'এরিয়া অফ ইমপ্রুভমেন্ট' কী ছিল। এরকম প্রশ্ন এলে প্রার্থী ইন্টারভিউয়ের আগের কয়েকদিনে নিজের জন্য যে-কাজই করে থাকুন না কেন, সেটা বলতে হবে। কেউ যদি কেবল শরীরচর্চা করে থাকে, সেটাও কিন্তু বলা যায়। আসলে, ইন্টারভিউয়াররা এভাবেই বোঝার চেষ্টা করেন, প্রার্থীর উচ্চাকাঙ্ক্ষা আছে কিনা, সে সামনের দিকে এগোতে চাইছে কিনা কিংবা নিজের মধ্যেই নতুন কিছুকে আবিষ্কার করার চেষ্টা করছে কিনা।

কাজে মানবিক স্পর্শ থাকা মুশকিল। এই 'মানবিক স্পর্শ' অর্থাৎ নিজের বুদ্ধি-চিন্তা তুমি প্রয়োগ করতে পারবে তখনই, যখন তুমি কাজের সঙ্গে একাত্মবোধ করবে। আগ্রহ না থাকলে কাজটাই নিজের পুরোটা দেওয়া যায় না।

প্রত্যেকেরই জানা উচিত যে, সে কী করতে চায়। নিজেকে জানলে আপনা থেকেই তোমার মধ্যে আত্মবিশ্বাস তৈরি হবে এবং সেইমতো ব্যক্তিত্বও তৈরি হয়ে যাবে।

পড়ার বইয়ের পাশাপাশি ম্যানেজমেন্ট, পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট বিষয়ক বই পড়তে পারো, অনেক কিছু জানতে পারবে।

এছাড়া কথাবার্তার মধ্য দিয়ে নিজেকে ঠিকভাবে পেশ করার বা বোঝানোর দক্ষতাটাও তৈরি করতে হবে। কথা বলার সময় অপর পক্ষকেও কথা বলতে দাও। তবেই একমাত্র কমিউনিকেট করতে পারার ক্ষমতা তৈরি হবে।



দ্বিতীয়ত, অনেক সময় ইন্টারভিউতে জানতে চাওয়া হয়, প্রার্থীর মার্কশিটের রেজাল্টে সবচেয়ে খারাপ নম্বর কোন বিষয়ে ছিল। কেন সেই বিষয়ে কম নম্বর পেয়েছিল, তার কারণ প্রার্থী খুঁজে বের করতে পেরেছিল কিনা, বা অন্তত খুঁজে বের করার চেষ্টা করেছিল কিনা। হয়তো, কেউ বলল যে অঙ্কে খারাপ ফল হয়েছিল, কিন্তু সাহিত্যে ভালো নম্বর ছিল। তাই পরবর্তীকালে সে লিটারেচার নিয়েই পড়াশোনা করেছে। এর থেকে বোঝা যায় যে, প্রার্থী তার জোরের জায়গাটা বুঝে সেটা নিয়েই উন্নতি করতে চায়। এক্ষেত্রে তার মানসিক দৃঢ়তার দিকটাও বুঝতে সুবিধে হয় ইন্টারভিউয়ারদের।

আবার কেউ হয়তো বলল, অঙ্ক ভালো লাগত না। তাই অঙ্কের সময় নিয়ে ভালো করে তৈরি হয়ে, তারপর এইচএস পরীক্ষা দিয়েছিলাম। এর থেকে বোঝা যায় যে, প্রার্থীর নিজের দুর্বলতাকেও মোকাবিলা করার মতো যথেষ্ট আত্মবিশ্বাস আছে।

### নিজের কাজে মানবিক স্পর্শ

কোনও কাজে দক্ষতা থাকা অবশ্যই জরুরি ঠিকই, কিন্তু কাজের প্রতি আগ্রহ [illegible]

আগ্রহ, প্যাশন আর ব্যক্তিত্ব—এই তিনটি বৈশিষ্ট্য সঙ্গে থাকলে তোমাকে কেউ আটকে রাখতে পারবে না। ইন্টারভিউ ক্র্যাক করাও অনেক সহজ হবে।

### নতুন চ্যালেঞ্জ নিতে হবে

নব্বইয়ের দশকে দেশ উদার অর্থনীতি গ্রহণের পর চাকরির নতুন দিশা খুলে গিয়েছিল। প্রচলিত চাকরির বাইরের হাতছানি ছিল সেইসব কাজে। চারপাশের এইসব বদল দেখে আমিও প্রথম থেকেই ঠিক করে রেখেছিলাম মার্কেটিংয়ের কাজ করব। তবে বিহার অঞ্চলে সেই সময় কাজ ছিল কম। বেশিরভাগ সংস্থারই হেড কোয়ার্টার ছিল কলকাতায়। ফলে কোনও সংস্থায় ট্রেনি হিসেবে কাজ খুঁজছিলাম হন্যে হয়ে। কোনও সুযোগ পাচ্ছিলাম না। অবশেষে এক বন্ধু জানাল, এভারেডিতে ট্রেনি নিচ্ছে, স্টাইপেন্ড দেবে। পৌঁছে দেখি প্রায় চারশো প্রার্থী সেখানে, অথচ নেওয়া হবে মাত্র দুজনকে। [illegible] এত প্রতিযোগীর মাঝখানে কীভাবে নিজেকে প্রমাণ করব।

প্রথমে গ্রুপ ডিসকাশনের মাধ্যমে চারশোর মধ্যে থেকে ২৫ জনকে বেছে নেওয়া হল। তারপরে লিখিত পরীক্ষায় পাশ করল ১২ জন। শেষ পর্যায়ে পৌঁছলাম ইন্টারভিউয়ারদের সামনে। ইন্টারভিউয়ারের একটি প্রশ্নের উত্তরে কোনও একটি কাজ কীভাবে করা যাবে, সে ব্যাপারে নিজের মতামত দিয়েছিলাম। তিনি বললেন, আমার পদ্ধতিটা ভুল, অন্যভাবে হবে। আমায় তখনও নিজের সিদ্ধান্তে অনড় দেখে রেগেই গেলেন ভদ্রলোক। তখন বাধ্য হয়ে বলতে হল, আমার পদ্ধতিটাই যে বেশি কার্যকর, সেটা প্রমাণ করে দেখাতে পারি। অবশেষে তিনি বুঝলেন। খুব খুশিও হয়েছিলেন। দু'মাস সেই প্রজেক্ট করার পর ১৩ হাজার টাকা হাতে পেলাম। ৬ জনের মধ্যে দু'জন মাত্র প্রজেক্ট সম্পূর্ণ করতে পেরেছিল। বাকিরা মাঝপথেই ছেড়ে দেয়। আমার প্রজেক্ট দেখে সংস্থার সর্বভারতীয় কর্তারাও খুশি হলেন। সেই মডেলই তাঁরা বিভিন্ন বাজারে চালু করেছিলেন।

প্রজেক্ট শেষ করে ফের বেকার। এভারেডি সংস্থাই ডেকে নেয়।

নিজের অভিজ্ঞতা থেকে বলতে পারি, বেসরকারি চাকরির জগতে টিকে থাকতে হলে, রোজ নতুন চ্যালেঞ্জ নিতে হবে, সৃজনশীলতাকে কাজে লাগাতে হবে। নিজেকে প্রমাণ করার জন্য সবসময় তৈরি থাকতে হবে। তবেই সফল হবে।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
Profile: Join aviation to secure your future.PS Aviation academy offers different courses for the elegible students. Qualification minimum 12th Pass. Age limit 18 to 28. Male female both can apply. After completion of the course we provide them 100% placement in aviation sector. Contact no-8240117926/ 9007421046, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword

Company: MET Technologies Pvt Ltd
Position Title: CCE Domestic Outbound Sales Process
Experience, Location: Both Fresher & Experienced
Profile: We have an opening for the International Outbound Voice Process- UK (2.30 pm-11.30 pm) and US (8 pm- 5 am) AUS (5.30 am-02.30 pm). Qualification: H.S Pass + English fluency. For experienced candidates 15-20% hike on last drawn. Offer letter on selection. Free Drop Facility/TA. Office Address- 1507, Godrej Waterside, Sector V Salt Lake,Kolkata. Contact HR: 9073822655/9073830246/9037927808 /8017211826
To apply for this job, log on to www.shine.com

Company: A Client of Crowd Link Staffing
Position Title: Key Account Manager
Experience, Location: Fresher, Any Location
Profile: Hiring Key Account Manager (Bank). Qualification- Graduate (Fresher). Job Location- Home Location. Salary- Rs 16500/- to Rs 25000/- per month. Timing- Banking Hours. For more details call HR @ 9874440217 or mail your CV to [illegible]
To apply for this job, log on to www.shine.com

Company: Narayan Industries
Position Title: Juniour Accountant
Experience, Location: Both Fresher & Experienced, Kolkata
Profile: We need Junior Accountant for our own organisation. Candidate should have knowledge in Tally, Cash book, data entry & other financial management report. Education- Minimum Graduate. Salary - Negotiable. To apply for the position please send your updated CV to [illegible]@gmail.com.
To apply for this job, log on to www.shine.com

Company: GLOBAL INDIA CONSULTANTS
Position Title: Business Development Manager/Sales Manager
Experience, Location: 1 year and above, Kolkata
Profile: We have lots of opening in Sales and Marketing in various sectors. Education- Graduate/MBA. CTC- 2 to 6 lakhs PA. If interested please Contact - Email [illegible]@hotmail.com, Ruma : 7685080069
Mail to : [illegible]@hotmail.com
To apply for this job, log on to www.shine.com

Company: Client Of Emirates Manpower
Position Title: Coffee Maker
Experience, Location: 0 to 5 year , Saudi Arabia
Profile: Need Coffe Maker in Saudi Arabia. The candidate must have knowledge of "Coffee Making Process" and candidate should be able to speak in English. Age should be 23 to 33 years. call 033-[illegible] / 9330079804
Mail to : [illegible]@gmail.com
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980978203
shine.com Great careers start here

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. উনবিংশ শতাব্দীর নবজাগরণের অগ্রদূত কাকে বলা হয়?
(a) কেশবচন্দ্র সেন (b) দেবেন্দ্রনাথ ঠাকুর (c) রাজা রামমোহন রায় (d) রাজা রাধাকান্ত দেব

2. সালোকসংশ্লেষে আলোক দশাটি ঘটে:
(a) স্ট্রোমায় (b) থাইলাকয়েডে (c) গ্রাণায় (d) কোয়ান্টোজোমে

3. পঞ্চনদীর দেশ কাকে বলা হয়?
(a) মধ্যপ্রদেশ (b) কেরল (c) পাঞ্জাব (d) তামিলনাড়ু

4. মালয়েশিয়ার জাতীয় খেলা:
(a) দাবা (b) কবাডি (c) ক্রিকেট (d) ব্যাডমিন্টন

5. স্টেনলেস স্টিলে কোন মৌলটি থাকে না?
(a) C (b) Cr (c) Ni (d) Cu

6. একটি সমতল দর্পণের ওপর আলোকরশ্মি 45° কোণে আপতিত হলে চ্যুতি কোণ কত হবে?
(a) 135° (b) 90° (c) 225° (d) 45°

7. ভারতের ইলেক্ট্রনিক্স শহর বলা হয়:
(a) বেঙ্গালুরুকে (b) গুরগাঁওকে (c) দুর্গাপুরকে (d) বোকারোকে

8. কংগ্রেসের কোন অধিবেশনে সুভাষচন্দ্র বসু দ্বিতীয়বার কংগ্রেসের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন?
(a) হরিপুরা (b) মুম্বই (c) ত্রিপুরী (d) কলকাতা

9. সায়েন্টিফিক সোসাইটি প্রতিষ্ঠা করেন:
(a) রাজা রামমোহন রায় (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) অ্যানি বেসান্ত (d) স্যার সৈয়দ আহমদ খান

10. ভারতে ব্রিটিশ শাসনের ইস্পাত কাঠামো বলা হয়:
(a) পুলিশ বিভাগকে (b) অর্থ বিভাগকে (c) আমলাতন্ত্রকে (d) সামরিক বিভাগকে

11. বুন্দেলখণ্ড মালভূমি কী ধরনের মালভূমির উদাহরণ?
(a) পর্বতবেষ্টিত (b) মহাদেশীয় (c) ব্যবচ্ছিন্ন (d) লাভা মালভূমি

12. কততম সংবিধান সংশোধনীকে বলা হয় সংবিধানের একটি ক্ষুদ্র সংস্করণ?
(a) 42তম (b) 44তম (c) 52তম (d) 39তম

13. পশ্চিমবঙ্গে Disaster Management Act পাশ হয়:
(a) 2009 সালে (b) 2005 সালে (c) 2007 সালে (d) 2008 সালে

14. সর্বশেষ চার্টার অ্যাক্ট পাশ হয়:
(a) 1833 সালে (b) 1853 সালে (c) 1873 সালে (d) 1813 সালে

15. দু'টি বস্তু পরস্পর তাপীয় সাম্যে থাকলে তাদের ক্ষেত্রে কী সমান হয়?
(a) ঘনত্ব (b) উষ্ণতা (c) তাপের পরিমাণ (d) আপেক্ষিক তাপ

16. ব্যাক্টেরিয়ার কোষে কোন নিউক্লিয় অ্যাসিড থাকে?
(a) DNA (b) RNA (c) a এবং b দু'টোই (d) কোনওটিই নয়

17. নীচের কোনটি ক্ষুদ্রতম কোষ?
(a) লিম্ফোসাইট (b) মনোসাইট (c) মাইকোপ্লাজমা (d) কোনওটিই নয়

18. ডোকলাম অঞ্চল দিয়ে ভারতের সঙ্গে কোন দেশের সমস্যা ছিল?
(a) চিন (b) নেপাল (c) ভুটান (d) বাংলাদেশ

19. সুষম গতিবেগে চলন্ত একটি বস্তুর ওপর:
(a) একটি নিট শূন্যবল ক্রিয়া করে (b) একটি নিট বল ক্রিয়া করে (c) একটি সুষম ত্বরণ ক্রিয়া করে (d) কোনওটিই নয়

20. আলোর প্রতিসরণের দ্বিতীয় সূত্র দেন বিজ্ঞানী:
(a) টলেমি (b) স্নেল (c) ভোল্টা (d) ফার্মি

21. নীচে র কোন খেলার সঙ্গে গুরদীপ সিং জড়িত?
(a) বক্সিং (b) টেবিল টেনিস (c) দাবা (d) ভারোত্তোলন

22. কোডার্মা ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি কোন রাজ্যে অবস্থিত?
(a) গুজরাট (b) ঝাড়খণ্ড (c) ওড়িশা (d) মণিপুর

23. পশ্চিমঘাট পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?
(a) মহেন্দ্রগিরি (b) নীলগিরি (c) অমরকন্টক (d) আনাইমুদি

24. নীচের কোন বংশ সপ্তম যুগে রাজত্ব করত না?
(a) চেদি (b) চোল (c) পান্ড্য (d) পল্লব

25. কোন শহরের প্রাচীন নাম পাটলিপুত্র?
(a) বারাণসী (b) রাঁচি (c) পাটনা (d) রক্সৌল

26. হাজারি কমিটি নীচের কোন বিষয়ের সঙ্গে যুক্ত?
(a) শিল্পবিষয়ক ছাড়পত্র (b) ক্ষুদ্রশিল্প (c) শিল্প বিমা (d) সবক'টি

27. ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল স্থাপিত হয়েছিল:
(a) 1948 সালে (b) 1952 সালে (c) 1951 সালে (d) 1950 সালে

28. দাটপ্রভা বার্ড স্যাংচুয়ারি কোথায় অবস্থিত?
(a) কেরল (b) মহারাষ্ট্র (c) কর্নাটক (d) গোয়া

29. সাতবাহনরা কোন অঞ্চলে রাজত্ব করত?
(a) মহারাষ্ট্র (b) অন্ধ্র (c) কলিঙ্গ (d) কোঙ্কণ

30. ভারতে পঞ্চায়েতরাজ চালু হয়েছিল:
(a) 1952 সালে (b) 1959 সালে (c) 1957 সালে (d) 1951 সালে

31. রেড ডেটা বুক এর তথ্যাবলি কারা প্রকাশ করে?
(a) UNEP (b) IUCN (c) MAB (d) WWF

32. কেঁচোর গমনাঙ্গের নাম কী?
(a) ফ্ল্যাজেলা (b) ক্ষণপদ (c) সিটা (d) কর্ণিকা

33. স্বপ্নবাসবদত্তা গ্রন্থটির লেখক হলেন:
(a) ভাস (b) অশ্বঘোষ (c) নাগার্জুন (d) বসুমিত্র

34. 'কবি হেমচন্দ্র' গ্রন্থটি কার লেখা?
(a) আশাপূর্ণা দেবী (b) দ্বিজেন্দ্রলাল রায় (c) বিদ্যাসাগর (d) অক্ষয়চন্দ্র সরকার

35. কস্টিক সোডার আপেক্ষিক গুরুত্ব কত?
(a) 3.13 (b) 4.13 (c) 1.13 (d) 2.13

36. নীচের কোনটি সর্বাপেক্ষা উৎকৃষ্ট তামা?
(a) ফ্লুগোপাইট (b) চালকোসাইট (c) কোভেলাইট (d) চালকোপাইরাইট

37. লেভ কোন দেশের মুদ্রা?
(a) ফ্রান্স (b) ইরান (c) ইজরায়েল (d) বুলগেরিয়া

38. ঘট্টারি কোন রাজ্যের প্রাদেশিক নৃত্য?
(a) কর্নাটক (b) গোয়া (c) রাজস্থান (d) মহারাষ্ট্র

39. তিলাইয়া বাঁধ কোন নদীর ওপর অবস্থিত?
(a) দামোদর (b) কোনার (c) মহানদী (d) বরাকর

40. দক্ষিণ-পূর্ব রেলওয়ে জোনের সদর দপ্তর কোথায়?
(a) গার্ডেনরিচ (b) সেকেন্দ্রাবাদ (c) বিলাসপুর (d) ফেয়ারলি প্লেস

41. সুরজগড়ের যুদ্ধে শেরশাহ কাকে পরাস্ত করেন?
(a) হুমায়ুন (b) গিয়াসউদ্দিন মামুদ শাহ (c) মামুদ লোদি (d) বাহাদুর শাহ

42. 1.5 মোল কার্বন ডাইঅক্সাইড অণুর ভর:
(a) 44 গ্রাম (b) 66 গ্রাম (c) 22 গ্রাম (d) 33 গ্রাম

43. আন্তর্জাতিক হকি ফেডারেশন এর সদর দপ্তর কোথায়?
(a) লন্ডন (b) লিসবন (c) লখনউ (d) লাউসেন

44. ভারতের প্রথম ভ্রাম্যমাণ খাদ্য পরীক্ষণ ল্যাব চালু হয়েছে কোন রাজ্যে?
(a) অন্ধ্রপ্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) গোয়া (d) কর্নাটক

45. নীচের কোনটি রাজস্থানের লোকসংগীত ও নৃত্য?
(a) রাম্মন (b) কালবেলিয়া (c) রামলীলা (d) সংকীর্তনা

46. নীচের কোন দেশটিকে 2018 শীতকালীন অলিম্পিক থেকে বাদ দেওয়া হয়?
(a) ভারত (b) রাশিয়া (c) পাকিস্তান (d) শ্রীলঙ্কা

47. ভারতের কোন রাজ্যে প্রথম সোশ্যাল অডিট ল চালু হল?
(a) তামিলনাড়ু (b) কর্নাটক (c) মেঘালয় (d) অরুণাচল প্রদেশ

48. নীচের কোন দেশটি সার্ক-এর সদস্য নয়?
(a) বাংলাদেশ (b) ভুটান (c) মায়ানমার (d) মালদ্বীপ

49. সম্প্রতি কোন রাজ্য সরকার 'গুরু-শিষ্য' প্রোগ্রাম চালু করেছে?
(a) উত্তরপ্রদেশ (b) ওড়িশা (c) রাজস্থান (d) মধ্যপ্রদেশ

50. দারাহ ন্যাশনাল পার্ক কোন রাজ্যে অবস্থিত?
(a) রাজস্থান (b) পাঞ্জাব (c) মহারাষ্ট্র (d) ওড়িশা

51. 50 জন লোক প্রতিদিন 6 ঘণ্টা কাজ করে একটি কাজ 12 দিনে শেষ করতে পারে। ওই কাজের দ্বিগুণ কাজ 60 জন লোক দৈনিক কত ঘণ্টা করলে 8 দিনে শেষ করতে পারবে?
(a) $9\frac{3}{5}$ ঘণ্টা (b) 15 ঘণ্টা (c) $6\frac{2}{3}$ ঘণ্টা (d) $21\frac{3}{5}$ ঘণ্টা

52. একটি শ্রেণির 25 জন ছাত্রের গড় উচ্চতা 162 সেমি। নতুন একজন ছাত্র ওই শ্রেণিতে ভর্তি হওয়ায় শ্রেণির ছাত্রদের গড় উচ্চতা হয় 161 সেমি। নতুন ছাত্রটির উচ্চতা কত?
(a) 140 সেমি (b) 160 সেমি (c) 137 সেমি (d) 136 সেমি

53. এক বিক্রেতা 5% লাভে একটি দ্রব্য বিক্রয় করে। আরও 24 টাকা বেশি মূল্যে দ্রব্য বিক্রয় করলে 8% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 100 টাকা (b) 800 টাকা (c) 400 টাকা (d) 200 টাকা

54. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $15\sqrt{2}$ সেমি হলে, এর ক্ষেত্রফল কত বর্গসেমি হবে?
(a) 225 বর্গসেমি (b) 112.5 বর্গসেমি (c) 450 বর্গসেমি (d) $\frac{225\sqrt{2}}{2}$ বর্গসেমি

55. কোনও দ্রব্যের মূল্য 20% বৃদ্ধি পাওয়ায় মূল্য বৃদ্ধি পায় 200 টাকা। দ্রব্যটির প্রকৃত মূল্য কত?
(a) 2000 টাকা (b) 1000 টাকা (c) 500 টাকা (d) 1500 টাকা

56. 150 মিটার দীর্ঘ একটি ট্রেন 210 মিটার লম্বা একটি প্ল্যাটফর্মকে 18 সেকেন্ডে অতিক্রম করলে ওই ট্রেনের গতিবেগ কত?
(a) 40 মিটার/সেকেন্ড (b) 80 মিটার/সেকেন্ড (c) 25 মিটার/সেকেন্ড (d) 20 মিটার/সেকেন্ড

57. চায়ের দাম 30% বেড়েছে। এখন 1 কিলোগ্রাম চায়ের দাম 78 টাকা হলে, আগে 1 কিলোগ্রাম চায়ের দাম কত ছিল?
(a) 50 টাকা (b) 55 টাকা (c) 65 টাকা (d) 60 টাকা

58. কোনও সংখ্যার ঘন থেকে তার বর্গ বিয়োগ করলে 48 হয়। সংখ্যাটি কত?
(a) 8 (b) 4 (c) 6 (d) 5

59. 12টি দ্রব্যের ক্রয়মূল্য 16টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হলে, শতকরা ক্ষতির হার কত?
(a) 25% (b) 30% (c) 20% (d) 15%

60. তিন অঙ্কের দুটি সংখ্যার গ.সা.গু. 17 ও ল.সা.গু. 714 হলে, সংখ্যাদু'টি কত?
(a) 306, 714 (b) 102, 119 (c) 204, 357 (d) 102, 712

61. $5\frac{5}{6} - 3\frac{8}{9} - x = 1$ হলে, $x = ?$
(a) 3 (b) $\frac{2}{3}$ (c) $\frac{3}{2}$ (d) $\frac{17}{18}$

62. $5x + \frac{1}{x} = 6$ হলে, $25x^2 + \frac{1}{x^2} = ?$
(a) 14 (b) 26 (c) 23 (d) 21

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ডানকান প্রণালী কোন দু'টি দ্বীপের মধ্যে অবস্থিত?
(a) আন্দামান ও নিকোবর (b) দক্ষিণ আন্দামান ও ক্ষুদ্র আন্দামান (c) আমিনদিভি ও লাক্ষাদ্বীপ দ্বীপপুঞ্জ (d) ক্ষুদ্র আন্দামান ও নিকোবর

2. আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জকে পৃথক করেছে:
(a) 10° চ্যানেল (b) ডানকান প্রণালী (c) কোকো চ্যানেল (d) কার নিকোবর

3. কর্কটক্রান্তি রেখা নীচের কোন রাজ্যের মধ্য দিয়ে বিস্তৃত হয়েছে?
(a) অন্ধ্রপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) মহারাষ্ট্র (d) মধ্যপ্রদেশ

4. ভারতের কোন রাজ্যের সীমানা সবচেয়ে বেশি সংখ্যক রাজ্যের সীমানা স্পর্শ করেছে?
(a) অন্ধ্রপ্রদেশ (b) বিহার (c) মধ্যপ্রদেশ (d) উত্তরপ্রদেশ

5. ভারতবর্ষের কোন রাজ্যের দু'টি রাজধানী?
(a) হিমাচল প্রদেশ (b) বিহার (c) উত্তরপ্রদেশ (d) জম্মু ও কাশ্মীর

6. কোন শহরকে ভারতের বিজ্ঞাননগরী বলা হয়?
(a) হায়দ্রাবাদকে (b) বেঙ্গালুরুকে (c) কলকাতাকে (d) পুনেকে

7. মিজোরামের রাজধানী হল:
(a) ইম্ফল (b) ইটানগর (c) আইজল (d) ডিগবয়

8. কোন শহর কমলালেবুর শহর নামে পরিচিত?
(a) রায়পুর (b) যোধপুর (c) কানপুর (d) নাগপুর

9. পক প্রণালী কোন দু'টি দেশকে পৃথক করেছে?
(a) ভারত ও শ্রীলঙ্কা (b) ভারত ও পাকিস্তান (c) বাংলাদেশ ও শ্রীলঙ্কা (d) শ্রীলঙ্কা ও মায়ানমার

10. মালদ্বীপের রাজধানী:
(a) থিম্পু (b) কাবুল (c) কলম্বো (d) মালে

11. 'বজ্রপাতের দেশ' নামে পরিচিত:
(a) মায়ানমার (b) ভুটান (c) বাংলাদেশ (d) শ্রীলঙ্কা

12. দাক্ষিণাত্যের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
(a) দোদাবেত্তা (b) আনাইমুদি (c) মাউন্ট আবু (d) চিকলদা

13. গারো পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গ:
(a) সানপুর (b) গুরুশিখর (c) পরেশনাথ (d) নকরেক

14. সারা ভারতে আপৎকালীন অবস্থা জারি করতে পারেন:
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) প্রধান সেনাপতি (d) লোকসভার অধ্যক্ষ

15. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠা হয় কত সালে?
(a) 1828 সালে (b) 1875 সালে (c) 1802 সালে (d) 1815 সালে

16. কাকে 'আধুনিক ভারতের জনক' বলা হয়?
(a) স্বামী বিবেকানন্দ (b) দয়ানন্দ সরস্বতী (c) রাজা রামমোহন রায় (d) ডিরোজিও

17. কত সালে প্রতিষ্ঠিত হয় আত্মীয়সভা?
(a) 1805 সালে (b) 1815 সালে (c) 1828 সালে (d) 1835 সালে

18. 'বেদের যুগে ফিরে চাও'—কে এই আহ্বান জানিয়েছিলেন?
(a) দয়ানন্দ সরস্বতী (b) স্বামী বিবেকানন্দ (c) রামকৃষ্ণ পরমহংস (d) আত্মারাম পান্ডুরঙ্গ

19. বাংলায় দ্বৈতশাসন প্রবর্তন করেন:
(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ক্লাইভ (c) ভান্সিটার্ট (d) কর্নওয়ালিশ

20. কোন ভাইসরয়ের সময় দেশীয় সংবাদপত্র আইন (মাতৃভাষা সংবাদপত্র আইন) প্রণীত হয়েছিল:
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড ক্যানিং (c) লর্ড লিটন (d) লর্ড রিপন

21. 'বিধবাবিবাহ আইন' পাশের সময় ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) লর্ড বেন্টিঙ্ক (b) লর্ড ডালহৌসি (c) লর্ড ক্যানিং (d) লর্ড রিপন

22. আইন করে কে সতীদাহ প্রথা বিলোপ করেছিলেন?
(a) লর্ড বেন্টিঙ্ক (b) লর্ড রিপন (c) লর্ড ডালহৌসি (d) লর্ড লিটন

23. শাসনকালে কোন গভর্নর জেনারেল (ভাইসরয়) ভারতে নিহত হয়েছিলেন?
(a) লর্ড মেয়ো (b) লর্ড হার্ডিঞ্জ (c) লর্ড নর্থব্রুক (d) লর্ড লিটন

24. জোড়াগুলির সঠিক মিল করুন:

| | |
|---|---|
| I. গ্যালেনা | (a) অ্যালুমিনিয়াম |
| II. চালকোপাইরাইটস | (b) লেড |
| III. বক্সাইট | (c) কপার |
| IV. মোনাজাইট | (d) বেরিয়াম |
| | (e) থোরিয়াম |

(a) Ia, IIb, IIIc, IV e (b) Ie, IIb, IIIa, IVc (c) Ib, IIc, IIIe, IVd (d) Ib, IIc, IIIa, IVe

25. নীচের কোন ধাতুটি সর্বোৎকৃষ্ট তাপ ও বিদ্যুতের পরিবাহী?
(a) Na (b) Cu (c) Ag (d) K

26. ধাতু নিষ্কাশনের সর্বাধিক ব্যবহৃত বিজারক পদার্থ হল:
(a) কাঠকয়লা (b) হাইড্রোজেন (c) ওয়াটার গ্যাস (d) কোক

27. কৃত্রিম উপায়ে গ্যাস দ্বারা ফল পাকানোর জন্য ব্যবহৃত হয়:
(a) অ্যাসিটিলিন (b) অ্যাক্রোলিন (c) মিথেন (d) ইথিলিন

28. প্রকৃতিজাত রবার কোন যৌগের পলিমার?
(a) ইথিলিন (b) প্রোপিন (c) ক্লোরোপিন (d) আইসোপ্রিন

29. পানীয় জল জীবাণুমুক্ত করতে ব্যবহৃত হয়:
(a) ক্লোরিন (b) আর্সেনিক (c) কার্বন ডাইঅক্সাইড (d) গন্ধক

30. কোন প্রাণীর চোখের রেটিনায় পেকটিন থাকে?
(a) তিমি (b) পায়রা (c) হাঙর (d) গিরগিটি

31. নীচের কোনটি নিষ্ক্রিয় অঙ্গ নয়?

এরপর বারোর পাতায়

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

63. এক ব্যক্তি ও তার ছয় সন্তানের বয়সে গড় 12 বছর। ব্যক্তিটিকে বাদ দিলে গড় বয়স 5 বছর কমে যায়। ব্যক্তিটির বয়স কত?
(a) 40 বছর (b) 48 বছর (c) 50 বছর (d) 42 বছর

64. যদি y = 3x + 12 এবং y = 5 হয় তবে x = ?
(a) $\frac{3}{7}$ (b) $\frac{7}{3}$ (c) – 7 (d) $-\frac{7}{3}$

65. এক ব্যক্তির কিছু হাঁস ও কয়েকটি মহিষ ছিল। যদি তাদের মাথার সংখ্যা 48 এবং পায়ের মোট সংখ্যা 140 হয়, তবে লোকটির কাছে কতগুলি হাঁস ছিল?
(a) 24 (b) 22 (c) 26 (d) 23

66. মান নির্ণয় করুন:
$$\frac{\sqrt[3]{8}}{\sqrt{16}} \div \sqrt{\frac{100}{49}} \times \sqrt[3]{125}$$
(a) 47 (b) 7 (c) $1\frac{3}{4}$ (d) $\frac{7}{100}$

67. একটি ত্রিভুজের বাহুগুলির অনুপাত 7 : 9 : 12। সবচেয়ে বড় বাহু এবং সবচেয়ে ছোট বাহুর অন্তর 5 সেমি। সবচেয়ে বড় বাহুর দৈর্ঘ্য কত?
(a) 12 সেমি (b) 24 সেমি (c) 60 সেমি (d) 36 সেমি

68. দু'টি সংখ্যার যোগফল 45। সংখ্যাদু'টির বিয়োগফল তাদের যোগফলের $\frac{1}{9}$ অংশ। সংখ্যাদু'টির গ.সা.গু. কত?
(a) 200 (b) 100 (c) 250 (d) 150

69. নীচের কোন ক্ষুদ্রতম সংখ্যাটি 72, 90 এবং 120 দ্বারা বিভাজ্য?
(a) 620 (b) 260 (c) 630 (d) 360

70. 200 থেকে 2000-এর মধ্যে পূর্ণবর্গ সংখ্যা ক'টি?
(a) 3 (b) 30 (c) 29 (d) 28

71. 200 মিটার দৌড় প্রতিযোগিতায় A, B-কে 10 মিটার এবং B, C-কে 20 মিটারে পরাজিত করে। সমদূরত্বের প্রতিযোগিতায় A, C-কে কত মিটারে পরাজিত করবে?
(a) 30 মিটার (b) 25 মিটার (c) 28 মিটার (d) 29 মিটার

72. একটি সংখ্যাকে পর্যায়ক্রমে 5 ও 9 দ্বারা ভাগ করা হলে যথাক্রমে 4 ও 3 অবশিষ্ট থাকে। সংখ্যাটিকে 45 দ্বারা ভাগ করা হলে কত অবশিষ্ট থাকবে?
(a) 43 (b) 23 (c) 34 (d) 19

73. 427 টাকা A, B ও C-এর মধ্যে এমনভাবে ভাগ করা হল যে, A-র টাকার 3 গুণ, B-র টাকার 4 গুণ, C-র টাকার 7 গুণের সমান। C মোট কত টাকা পেয়েছিল?
(a) 196 টাকা (b) 84 টাকা (c) 240 টাকা (d) 147 টাকা

74. দু'টি সমপরিমাণ মূলধন একটি 4% এবং অপরটি $4\frac{1}{2}$ % সরল সুদে বিনিয়োগ করা হল। 6 বছর পর দ্বিতীয় ক্ষেত্রের প্রাপ্ত সুদ প্রথম ক্ষেত্রের প্রাপ্ত সুদের চেয়ে 21 টাকা বেশি হলে প্রত্যেক মূলধনের পরিমাণ কত?
(a) 900 টাকা (b) 600 টাকা (c) 700 টাকা (d) 750 টাকা

75. নীচের কোন সংখ্যাটি পূর্ণবর্গ সংখ্যা?
(a) 368143 (b) 436787 (c) 374635 (d) 463761

76. $\frac{855}{1881}$ -এর লঘিষ্ঠ মান কত?
(a) $\frac{5}{11}$ (b) $\frac{5}{12}$ (c) $\frac{11}{12}$ (d) $\frac{5}{12}$

77. একটি শ্রেণির 24 জন ছাত্রের গড় ওজন 20 কিলোগ্রাম। শ্রেণিশিক্ষকের ওজন ছাত্রদের ওজনের সঙ্গে যোগ করলে গড় ওজন 1 কিলোগ্রাম বৃদ্ধি পায়। শ্রেণি শিক্ষকের ওজন কত?
(a) 65 কিলোগ্রাম (b) 45 কিলোগ্রাম (c) 54 কিলোগ্রাম (d) 58 কিলোগ্রাম

78. দু'টি মিশ্রণে দুধ ও জলের অনুপাত যথাক্রমে 5 : 4 এবং 2 : 1। সমান আয়তনে উভয়কে মিশ্রিত করা হল। নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত কত?
(a) 7 : 5 (b) 5 : 7 (c) 7 : 1(d) 11 : 7

79. ক্ষুদ্রতম কোন সংখ্যা 3000 থেকে বিয়োগ করলে বিয়োগফল 7, 11 ও 13 দ্বারা বিভাজ্য হবে?
(a) 1001 (b) 998 (c) 1999 (d) 1988

80. তিন অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 6, 8 ও 10 দ্বারা ভাগ করলে যথাক্রমে 2, 4 6 অবশিষ্ট থাকে?
(a) 976 (b) 984 (c) 964 (d) 956

81. নীচের চিত্রটিতে কতগুলি আয়তক্ষেত্র আছে?



(a) 14 (b) 22 (c) 16 (d) 24

82. নীচের শব্দগুলিকে অভিধান অনুযায়ী সাজালে কোনটি দ্বিতীয় স্থানে বসবে?
(a) Schedule (b) Semester (c) Scissors (d) Scorpion

নির্দেশ (83 to 86): *অমিল বিকল্পগুলি খুঁজে বের করুন।*

83. (a) Moth (b) Ant (c) Spider (d) Bee
84. (a) 50 (b) 25 (c) 36 (d) 64
85(a): RWB (b) CHM (c) HMR (d) LPU
86. (a) Almirah (b) Bed (d) Dressing table (d) Pillow

87. রাখি দক্ষিণদিকে মুখ করে আছে। সে বাঁদিকে ঘুরল ও 15 মিটার গেল। তারপর আবার বাঁদিকে ফিরে 7 মিটার গেল। তারপর বাঁদিকে মুখ করে আবার 15 মিটার গেল। রাখি শুরুর স্থান থেকে এখন কত দূরে?
(a) 17 মিটার (b) 37 মিটার (c) 7 মিটার (d) 27 মিটার

88. একটি লোককে দেখিয়ে মিতা বলল যে লোকটি তার স্বামীর স্ত্রীর মেয়ের ভাই। লোকটি মিতার কে হয়?
(a) দেওর (b) স্বামী (c) ছেলে (d) ভাইপো

নির্দেশ (89 to 92): *একই সম্পর্কযুক্ত বিকল্প খুঁজে বের করুন*

89. Volume : Litre : : Time : ?
(a) Hour (b) Second (c) Minute (d) All of these

90. Water : Oxygen : : Salt : ?
(a) Iron (b) Potassium (c) Sodium (d) Calcium

91. CGZ : XTA : : DFP : ?
(a) NSL (b) WSM (c) NTO (d) WUK

92. 11 : 60 : : 12 : ?
(a) 60 (b) 65 (c) 70 (d) 75

93. 3-এর বিপরীত দিকের সংখ্যাটি কী হবে?




(a) 4 (b) 2 (c) 6 (d) 5

94. যদি MOUNTAIN-কে লেখা হয় OMNUATNI, তবে READER কে কী লেখা হবে?
(a) ERDARE (b) ARDEER (c) RAERDE (d) ERADER

নির্দেশ (95 to 98): *নীচের শ্রেণিসারিগুলি সম্পূর্ণ করুন।*

95. 5, 7, 10, 14, 19, 25, ?
(a) 30 (b) 35 (c) 34 (d) 32

96. 53, 52, 49, 44, 37, ?
(a) 31 (b) 29 (c) 33 (d) 28

97. BDF, IKM, PRT, ?
(a) WYZ (b) UYA (c) VYZ (d) WYA

98. c ___ ac ___ aa ____ aa ____ bc _____ bcc.
(a) ccbbb (b) bbbbb (c) cbacb (d) cabba

99. যদি একটি নির্দিষ্ট কোডে CALCUTTA-কে লেখা হয় GEPGYXXE তবে FSOFEC নীচের কোনটির কোড হবে?
(a) BOMBAY (b) BOMBYA (c) MOMYAB (d) BOBAYM

100. নীচের কোন চিত্রটি সমুদ্র, দ্বীপ ও পর্বতের মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

### উত্তর

1(c), 2(c), 3(c), 4(d), 5(d), 6(b), 7(a), 8(c), 9(d), 10(a), 11(c), 12(a), 13(c), 14(b), 15(b), 16(a), 17(c), 18(a), 19(a), 20(b), 21(d), 22(b), 23(d), 24(d), 25(c), 26(a), 27(b), 28(c), 29(b), 30(b), 31(b), 32(c), 33(a), 34(d), 35(b), 36(b), 37(d), 38(a), 39(d), 40(a), 41(b), 42(b), 43(d), 44(c), 45(b), 46(b), 47(c), 48(c), 49(c), 50(a), 51(b), 52(d), 53(b), 54(a), 55(b), 56(d), 57(d), 58(b), 59(a), 60(b), 61(d), 62(b), 63(d), 64(d), 65(c), 66(c), 67(d), 68(b), 69(d), 70(b), 71(d), 72(d), 73(b), 74(c), 75(d), 76(a), 77(b), 78(d), 79(b), 80(d), 81(c), 82(c), 83(c), 84(a), 85(d), 86(d), 87(c), 88(c), 89(b), 90(c), 91(d), 92(b), 93(c), 94(a), 95(d), 96(d), 97(d), 98(a), 99(a), 100(a).

### সমাধান

51(b): কাজ লোক দিন ঘণ্টা
1 ╲╱ 50 — 12 — 6
2 ╱╲ 60 — 8 — □

∴ সময় = $\frac{2 \times 50 \times 12 \times 6}{60 \times 8}$ = 15 ঘণ্টা।

52(d): নতুন ছাত্রটির উচ্চতা = 161 – (162 – 161) × 25 = 161 – 25 = 136 সেন্টিমিটার।

53(b): (8% – 5%) = 24 টাকা ∴ 3% = 24 টাকা
100% = $\frac{24 \times 100}{3}$ = 800 টাকা।

54(a): বর্গক্ষেত্রের কর্ণ = বাহু $\sqrt{2} = 15\sqrt{2}$
∴ বাহু = 15 সেমি ∴ ক্ষেত্রফল = বাহু$^2$ = $15^2$ = 225 বর্গসেমি।

55(b): 20% = 200 টাকা
প্রকৃতমূল্য 100% = $\frac{200 \times 100}{20}$ = 1000 টাকা।

56(d): ট্রেনটির গতিবেগ = $\frac{(150+210)}{18} = \frac{360}{18}$ = 20 মিটার/সেকেন্ড।

57(d): চায়ের দাম বৃদ্ধি = (100 + 30) = 130%
∴ প্রকৃত দাম = $\frac{78 \times 100}{130}$ = 60 টাকা।

58(b): $x^3 - x^2 = 48$ ∴ $4^3 - 4^2 = 48$ ∴ x = 4.

59(a): শতকরা ক্ষতির হার = $\frac{4 \times 100}{16}$ = 25%.

60(b): অনুপাতের গুণফল = ল.সা.গু. ÷ গ.সা.গু. = 714 ÷ 17 = 42 = 6 × 7
[ গুণফল পরস্পর মৌলিক হতে হবে।]
∴ সংখ্যা = গ.সা.গু. × অনুপাত
∴ সংখ্যা দু'টি হল = 17 × 6 এবং 17 × 7 = 102 এবং 119.

61(d): $5\frac{5}{6} - 3\frac{8}{9} - x = 1$
∴ $\frac{35}{6} - \frac{35}{9} - 1 = x$ ∴ $\frac{105-70-18}{18} = x$ ∴ $x = \frac{17}{18}$.

62(b): $\left(5x+\frac{1}{x}\right)^2 = (6)^2$
$(5x)^2 + 2.5x.\frac{1}{x} + \left(\frac{1}{x}\right)^2 = 36$ ∴ $25x^2 + \frac{1}{x^2} = 36 - 10 = 26$.

63(d): ব্যক্তির বয়স = 12 + 6 × 5 = 42 বছর।

64(d): y = 3x + 12 ∴ 3x = y – 12
$x = \frac{y-12}{3}$ ∴ $x = \frac{5-12}{3} = -\frac{7}{3}$ [∵ y = 5]

65(c): হাঁস = x এবং মহিষ = y
∴ x + y = 48, পা = 2x + 4y = 140 ∴ x = 26.

66(c): $\frac{\sqrt[3]{8}}{\sqrt{16}} \div \sqrt{\frac{100}{49}} \times \sqrt[3]{125} = \frac{2}{4} \div \frac{10}{7} \times 5 = \frac{2}{4} \times \frac{7}{10} \times 5 = \frac{7}{4} = 1\frac{3}{4}$.

67(d): বাহুগুলির অনুপাত = 7 : 9 : 12
∴ বড় বাহু এবং ছোট বাহুর অন্তর = (12 – 7) = 5 = 15 সেমি
∴ $l = \frac{15}{5}$ = 3 সেমি
∴ বড় বাহুর দৈর্ঘ্য = 12 × 3 = 36 সেমি।

68(b): দু'টি সংখ্যা = x এবং y
∴ x + y = 45 এবং x – y = 45 × $\frac{1}{9}$ = 5
∴ সংখ্যা দু'টি 20 এবং 25 ∴ ল.সা.গু. = 100.

69(d): 72, 90 এবং 120 এর ল.সা.গু. = 360
∴ 360 সংখ্যাটি 72, 90 এবং 120 দ্বারা বিভাজ্য।

70(b): 200 এর নীচে পূর্ণবর্গ সংখ্যা = $14^2$ = 196
∴ 14টি সংখ্যা আছে
2000-এর নীচে পূর্ণবর্গ সংখ্যা = $44^2$ = 1936
∴ 44টি সংখ্যা আছে
∴ 200 থেকে 2000 এর মধ্যে পূর্ণবর্গ সংখ্যা আছে = 44 – 14 = 30টি।

71(d): 200 মিটার দূরত্বে A, B-কে পরাজিত করে 10 মিটারে
অর্থাৎ B যায় = 200 – 10 = 190
200 মিটার দূরত্বে B, C-কে পরাজিত করে = 20 মিটারে
∴ 190 মিটার দূরত্বে B, C-কে পরাজিত করে = $\frac{20 \times 190}{200}$ = 19 মিটারে
∴ 200 মিটার দূরত্বে A, C-কে পরাজিত করে = (10 + 19) = 29 মিটারে।

72(d): ভাজক অবশিষ্ট
5 —(+)→ 4
× 3
9
45 ⇒ □
∴ 45 দ্বারা ভাগ করলে অবশিষ্ট হবে = (5 × 3 + 4) = 19.

73(b): A টাকার 3 গুণ, B টাকার 4 গুণ, C-এর টাকার 7 গুণ
∴ 3, 4 এবং 7 এর ল.সা.গু. = 84
∴ A-এর টাকা = $\frac{84}{3}$ = 28
B-এর টাকা = $\frac{84}{4}$ = 21, C-এর টাকা = $\frac{84}{7}$ = 12
∴ C পাবে = $427 \times \frac{12}{(28+21+12)} = 427 \times \frac{12}{61}$ = 84 টাকা।

74(c): ধরি দু'টি জায়গায়
আসল = 100 / = 100
r = 40% / r = $4\frac{1}{2}$ %
t = 6 বছর / t = 6 বছর
∴ 6 বছরে সুদের পার্থক্য = $\left(4\frac{1}{2} - 4\right) \times 6$ = 3 টাকা
∴ আসল = $\frac{100 \times 21}{3}$ = 700 টাকা।

75(d): কোনও সংখ্যার শেষে 2, 3, 7 এবং 8 থাকলে সংখ্যাটি পূর্ণবর্গ সংখ্যা নয়।
∴ 368143 এবং 436787 পূর্ণবর্গ সংখ্যা নয়।
কোনও সংখ্যার শেষে 5 থাকলে পূর্ণবর্গসংখ্যা হতে গেলে তার আগে 2 থাকতে হবে, অর্থাৎ শেষে '25' হতে হবে।
এখানে 374635 আছে, অর্থাৎ শেষে 35 আছে, এটি পূর্ণবর্গ সংখ্যা নয়।
∴ 463761 পূর্ণবর্গ সংখ্যা।

76(a): $\frac{855}{1881} = \frac{95 \times 9}{209 \times 9} = \frac{19 \times 5}{19 \times 11} = \frac{5}{11}$.

77(b): শ্রেণি শিক্ষকের ওজন = (20 + 1) + 24 × 1 = 21 + 24 = 45 কিলোগ্রাম।

78(d):

| দুধ | : | জল | দুধ | : | জল |
|---|---|---|---|---|---|
| 5 | : | 4 = 9 | 5 | : | 4 |
| 2 | : | 1 = 3 × 3 ⇒ | 6 | : | 3 |
| | | মোট | 11 | : | 7 |

79(b): 7, 11 এবং 13 এর ল.সা.গু. = 1001
∴ 1001 | 3000 | 2
2002
998
∴ 998 বিয়োগ করলে বিয়োগফল 7, 11 এবং 13 দ্বারা বিভাজ্য।

80(d):

| | | | |
|---|---|---|---|
| ভাজক ⇒ | 6 | 8 | 10 |
| অবশিষ্ট ⇒ | 2 | 4 | 6 |
| পার্থক্য = | 4 | 4 | 4 |

∴ 6, 8 এবং 10-এর ল.সা.গু. = 120
∴ তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা = (120 × 8 – 4) = 956.

81.



এরপর বারোর পাতায়

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) অ্যাপেনডিক্স (b) নিক্টিটেটিং মেমব্রেন (c) কক্সিস (d) গলব্লাডার

32. 'মিউটেশন তত্ত্ব'-এর প্রবক্তা কে?
(a) ভাইসম্যান (b) হেকেলে (c) হুগো দি ভ্রিস (d) জেইন

33. 'অস্তিত্বের জন্য সংগ্রাম'-এর কথা উল্লেখ করেন বিজ্ঞানী:
(a) ল্যামার্ক (b) ডারউইন (c) ভাইসম্যান (d) কোনওটিই নয়

34. সরীসৃপ ও পাখির মধ্যে যোগসূত্র হল:
(a) আর্কিওপটেরিক্স (b) প্লাটিপাস (c) জাভা এপম্যান (d) তিমি

35. নীচের কোন রোগটি ব্যাক্টেরিয়া ঘটিত?
(a) যক্ষ্মা (b) পোলিও (c) হেপাটাইটিস (d) ইনফ্লুয়েঞ্জা

36. কত সালে ভারতে প্রথম জারি হয় জাতীয় জরুরি অবস্থা?
(a) 1952 সালে (b) 1962 সালে (c) 1965 সালে (d) 1971 সালে

37. কোন মুঘল সম্রাট রামমোহন রায়কে রাজা উপাধিতে ভূষিত করেন?
(a) দ্বিতীয় আকবর (b) বাহাদুর শাহ (c) ফারুখশিয়ার (d) দ্বিতীয় শাহ আলম

38. তেরাতালি কোন প্রদেশের লোকনৃত্য?
(a) রাজস্থান (b) পাঞ্জাব (c) উত্তরপ্রদেশ (d) বিহার

39. নেপালিদের পবিত্র নদীর নাম:
(a) সেটি (b) বাঘমতি (c) কালিগণ্ডক (d) কোনওটিই নয়

40. শনির বৃহত্তম উপগ্রহের নাম হল:
(a) ট্রাইটন (b) চারণ (c) টাইটান (d) এরিস

**Direction (41 to 45):** *Write the most appropriate nearest meaning of the following underlined words.*

41. The two opposing parties have reached a stalemate.
(a) dilemma (b) deadlock (c) exhaustion (d) settlement

42. When her video recording was shown to her and asked to explain her presence, she started prevaricating.
(a) speaking evasively (b) speaking violently (c) lying furiously (d) throwing a tantrum

43. It was a useless attempt on his part to appear in this examination.
(a) fruitful (b) unjustified (c) future (d) futile

44. Graduation day is a momentous day for most students.
(a) memorable (b) melancholy (c) important (d) hectic

45. Sanguine as he is in his attitude to life and its problems, he can not be noticed whereever he goes.
(a) Optimistic (b) Enthusiastic (c) Realistic (d) Dis-passionate

**Direction (46 to 50):** *Write the most appropriate opposite meaning of the following underlined words.*

46. The old man asserted that the whole art of medicine lay in Judicious poisoning.
(a) curious (b) unreasonable (c) clever (d) cautious

47. Rohit's rustic behaviour astonished the teacher.
(a) impolite (b) genuine (c) sophisticated (d) awkward

48. The young business executive was very perspicacious.
(a) banal (b) clever (c) humble (d) unreliable

49. While facing that situation he turned out to be dauntless.
(a) tactful (b) stoical (c) bashful (d) cowardly

50. He gave the reply written in a terse style.
(a) pleasant (b) verbose (c) rude (d) concise

**Direction (51 to 55):** *Spotting the error from the following sentences.*

51. (a) He brought/(b) two pianoes/(c) for his daughters/(d) from the market.

52. (a) The peasantry is/(b) not content/(c) with this/(d) arrangement

53. (a) He takes rest daily/(b) for two hours lest/(c) he will be/(d) ill once again.

54. (a) The servant's clothes/(b) have been burst/(c) by his master's daughter's/(d) to punish him.

55. (a) Sham Lal has/(b) laboured hard/(c) but not been able/(d) to achieve his aim.

**Direction (56 to 60):** *Fill in the blanks with appropriate prepositions.*

56. You must believe ______ God.
(a) on (b) with (c) for (d) in

57. I have made a complaint ______ him to the police.
(a) to (b) against (c) in (d) for

58. You should refrain ______ hurting her feeling.
(a) from (b) to (c) over (d) of

59. He is desirous ______ joining the Army.
(a) in (b) on (c) of (d) for

60. He is neglectful ______ his duties.
(a) with (b) on (c) of (d) in

**Direction (61 to 65):** *Fill in the blanks with the most appropriate words.*

61. The traffic police asked him to _____ his driving license.
(a) field (b) produce (c) submit (d) present

62. Hope for the best and be _____ for the worst.
(a) ready (b) prepared (c) adjusted (d) proceeded

63. The car stopped at a _______.
(a) distant (b) length (c) distance (d) speed

64. The fate of the criminal hangs in the ______.
(a) rope (b) balance (c) tight (d) middle

65. He is neglectful _______ his duties.
(a) with (b) on (c) of (d) in

**Direction (66 to 70):** *Choose the most appropriate one-word substitute.*

66. A thing through which rays of light cannot pass _____.
(a) opaque (b) transparent (c) species (d) waif

67. One who flirts with ladies _____.
(a) solvent (b) gentleman (c) philanderer (d) popular

68. A piece of writing full of words or using more words than required _____.
(a) verbose (b) voracity (c) vociferous (d) sadist

69. A well-experienced person _____.
(a) tyro (b) novice (c) veteran (d) outlandish

70. That which can be easily carried _____.
(a) portable (b) impregnable (c) invisible (d) apostate

71. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 4। ওই বাক্সে 393 টাকা থাকলে, মোট কতগুলি মুদ্রা ছিল?
(a) 1001 (b) 915 (c) 895 (d) 917

72. একটি ঘড়ি 10% লাভে বিক্রি করা হয়। যদি ঘড়িটির ক্রয়মূল্য 10% কম এবং বিক্রয়মূল্য 14 টাকা বেশি হত, তাহলে মোটের ওপর 20% লাভ হত। ঘড়িটি কত দামে কেনা হয়েছিল?
(a) 770 টাকা (b) 700 টাকা (c) 630 টাকা (d) 756 টাকা

73. একটি দু-অঙ্কের সংখ্যার অঙ্কসমষ্টি 10। সংখ্যাটির অঙ্ক দুটি স্থান পরিবর্তন করে যে সংখ্যা পাওয়া যায় সেটি মূল সংখ্যা অপেক্ষা 36 বেশি হলে, সংখ্যাটি:
(a) 73 (b) 64 (c) 46 (d) 37

74. এক ব্যক্তি বাড়ি থেকে 1 কিলোমিটার দূরে রেলস্টেশন থেকে 10 মিনিট পরে ছাড়বে এমন ট্রেনকে ধরার জন্য প্রথমে কিছুটা পথ 4 কিলোমিটার গতিতে হেঁটে এবং অবশিষ্ট পথ 8 কিলোমিটার গতিতে রিকশায় গিয়ে যথাসময়ে স্টেশনে পৌঁছন। ওই ব্যক্তি কতটা পথ রিকশায় গিয়েছিলেন?
(a) $\frac{1}{3}$ কিলোমিটার (b) $\frac{2}{3}$ কিলোমিটার (c) $\frac{1}{5}$ কিলোমিটার (d) $\frac{4}{5}$ কিলোমিটার

75. 5টি সংখ্যার মধ্যে প্রথম চারটি সংখ্যার গড় 26 এবং শেষ চারটি সংখ্যার গড় 25। প্রথম ও পঞ্চম সংখ্যার পার্থক্য:
(a) 1 (b)2 (c) 3 (d) 4

76. তিনটি সংখ্যার অনুপাত 3 : 4 : 5 এবং সংখ্যা তিনটির ল.সা.গু. 2400। সংখ্যাগুলির গ.সা.গু.:
(a) 200 (b) 80 (c) 40 (d) 120

77. $1\frac{1}{2}, \frac{3}{4}$ এবং $\frac{9}{16}$-এর ল.সা.গু. এবং গ.সা.গু.:
(a) $\frac{3}{16}, \frac{9}{4}$ (b) $\frac{9}{2}, \frac{3}{16}$ (c) $\frac{1}{2}, \frac{27}{64}$ (d) $\frac{27}{64}, \frac{1}{2}$

78. একটি খাদ্যভাণ্ডারে 1,800 জন লোকের 10 সপ্তাহের খাদ্য মজুত ছিল। ওই খাদ্য কতজন লোকের 20 সপ্তাহ চলবে, যদি প্রত্যেকে $\frac{1}{10}$ অংশ খাদ্য কম খান?
(a) 900 (b) 950 (c) 1,000 (d) 1,050

79. এক ব্যক্তি 1,500 টাকার কিছু অংশ বার্ষিক 5% সরল সুদে এবং অবশিষ্ট টাকা 8% সরল সুদে ধার দেন। 3 বছর পর উভয় ঋণের মোট সুদ 300 টাকা হলে 5% ও 8% সুদে ধার দেওয়া টাকার অনুপাত:
(a) 8 : 5 (b) 13 : 8 (c) 31 : 16 (d) 16 : 15

80. 400 ও 500-এর মধ্যবর্তী 12, 16 ও 24 দ্বারা বিভাজ্য সংখ্যাটি:
(a) 420 (b) 430 (c) 410 (d) 480

81. বৃত্তের ব্যাসার্ধ 20% হ্রাস পেলে, ক্ষেত্রফল হ্রাস পায়:
(a) 44% (b) 40% (c) 36% (d) 34%

82. 12 লিটার মিশ্রণে জল ও দুধের অনুপাত 1 : 5। ওই মিশ্রণে আরও কত লিটার দুধ থাকলে নতুন মিশ্রণে জল ও দুধের অনুপাত হবে 1 : 8?
(a) 5 (b) 4 (c) 3 (d) 6

83. A একা 1 দিনে B-র 3 দিনের সমান কাজ করে। A ও B দুজনে একত্রে একটি কাজের $\frac{2}{5}$ অংশ শেষ করে 9 দিনে। A একা কাজটি কতদিনে শেষ করতে পারবে?
(a) 30 (b) 45 (c) 60 (d) 90

84. 2,186 টাকা বার্ষিক 4% সরল সুদে এমন তিনটি ভাগে ভাগ করে জমা রাখতে হবে যাতে প্রথম টাকার 1 বছরের সুদ-আসল, দ্বিতীয় টাকার 2 বছরের সুদ-আসল এবং তৃতীয় টাকার 3 বছরের সুদ-আসল সমান হয়। 3 বছরের জন্য কত টাকা জমা রাখতে হবে?
(a) 702 টাকা (b) 728 টাকা (c) 756 টাকা (d) 729 টাকা

85. বিক্রয়মূল্য 11 টাকা কম করায় 10% লাভের পরিবর্তে $8\frac{1}{3}$% ক্ষতি হয়। দ্রব্যটির ক্রয়মূল্য:
(a) 55 টাকা (b) 60 টাকা (c) 65 টাকা (d) 75 টাকা

86. 100 মিটার লম্বা একটি ট্রেন একই দিকে 6 কিলোমিটার বেগে হেঁটে যাওয়া এক ব্যক্তিকে 5 সেকেন্ডে এবং একই দিকে যাওয়া একটি মোটরগাড়িকে 6 সেকেন্ডে অতিক্রম করে। মোটরগাড়ির গতি ঘণ্টায়:
(a) 18 কিলোমিটার (b) 20 কিলোমিটার (c) 22 কিলোমিটার (d) 16 কিলোমিটার

87. একটি ট্রাকে 12,000 কমলালেবু ছিল। পথে $\frac{3}{8}$ অংশ লেবু নষ্ট হয়ে যায়। অবশিষ্ট লেবু বিক্রি করে প্রতি 100টি লেবুতে 2 টাকা লাভ হলে, মোট কত টাকা লাভ হয়েছিল?
(a) 100 টাকা (b) 150 টাকা (c) 190 টাকা (d) 200 টাকা

88. পরপর 5টি জোড় সংখ্যার গড় 998 হলে, বৃহত্তম সংখ্যাটি হল:
(a) 1000 (b) 1002 (c) 1004 (d) 1006

89. 10,000 টাকার একটি রঙিন টিভি A 20% লাভে B-কে বিক্রি করার কিছুদিন পর B ওই টিভি 25% ক্ষতিতে A-কে বিক্রি করে। সম্পূর্ণ লেনদেনে A-র লাভ/ক্ষতি হয়:
(a) 30% লাভ (b) 30% ক্ষতি (c) 32% লাভ (d) 28% ক্ষতি

90. একটি আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য 57 মিটার ও প্রস্থ 36 মিটার। যদি আয়তকার ক্ষেত্রটির দৈর্ঘ্য 1% বৃদ্ধি ও প্রস্থ 1% হ্রাস পায়, তাহলে ক্ষেত্রফল:
(a) একই থাকবে (b) 0.01% বাড়বে (c) 1% কমবে (d) 0.01% কমবে

91. 3 জন পুরুষ বা 5 জন স্ত্রীলোক একটি কাজ 17 দিনে শেষ করতে পারে। অনুরূপ একটি কাজ 7 জন পুরুষ এবং 11 জন স্ত্রীলোক কতদিনে শেষ করতে পারবে?
(a) $3\frac{3}{4}$ দিনে (b) $3\frac{5}{7}$ দিনে (c) $4\frac{3}{7}$ দিনে (d) $7\frac{3}{5}$ দিনে

92. 200 মিটার দৌড় প্রতিযোগিতা A ও B যথাক্রমে 21 ও 25 সেকেন্ডে শেষ করে। 800 মিটার দৌড় প্রতিযোগিতায় A, B-কে কত মিটারে পরাস্ত করবে?
(a) 90 মিটার (b) 120 মিটার (c)100 মিটার (d) 128 মিটার

93. একটি ট্রেন যখন প্রকৃত গতির $\frac{5}{8}$ অংশ গতিতে যায়, গন্তব্যস্থলে পৌঁছতে 1 ঘণ্টা 12 মিনিট সময় বেশি লাগে। প্রকৃত গতিতে গন্তব্যস্থলে পৌঁছতে সময় লাগে:
(a) 2.5 ঘণ্টা (b) 2 ঘণ্টা (c) 2.25 ঘণ্টা (d) 1.8 ঘণ্টা

94. একটি ছাত্রাবাসের প্রতিটি ঘরে 2 জন ছাত্র থাকলে 5টি ঘর কম পড়ে এবং প্রতিটি ঘরে 3 জন ছাত্র থাকলে 2টি ঘর খালি থাকে। ছাত্রাবাসের ছাত্রসংখ্যা:
(a) 40 জন (b) 42 জন (c) 44 জন (d) 48 জন

95. একটি চোর 50 মিটার দূরে একজন পুলিশকে দেখে 4 কিলোমিটার গতিতে দৌড়

এরপর তেরোর পাতায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

একটি করে ঘর নিয়ে আয়তক্ষেত্র আছে = 8টি
3টি করে ঘর নিয়ে আয়তক্ষেত্র আছে ⇒ 4টি
4টি করে ঘর নিয়ে আয়তক্ষেত্র আছে ⇒ 4টি
মোট ⇒ 16 টি।

82(c):

| প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ |
|---|---|---|---|
| Schedule | Scissors | Scorpion | Semester |

84(a): 50 পূর্ণবর্গ সংখ্যা নয়।

87(c):




91(d):

| 3 | 7 | 26 | 4 | 6 | 16 |
|---|---|---|---|---|---|
| C | G | Z | D | F | P |
| X | T | A | W | U | K |
| $\frac{24}{27}$ | $\frac{20}{27}$ | $\frac{1}{27}$ | $\frac{23}{27}$ | $\frac{21}{27}$ | $\frac{11}{27}$ |

92(b): 11 : (11 × 5 + 5) = 60
12 : (12 × 5 + 5) = 65

93(c): 3-এর পাশে 1, 2, 5 এবং 4 আছে
∴ 3-এর বিপরীতে 6 হবে।

94(a): M O U N T A I N → O M N U A T N I; R E A D E R → E R D A R E

95(d): 5 7 10 14 19 25 32
+2 +3 +4 +5 +6 +7

96(d): 53 52 49 44 37 28
−1 −3 −5 −7 −9

97(d): B D F, I K M, P R T, W Y A
সব 7 ঘর করে বেড়ে গেছে।

98(a): c_c_a c c/a a_b_a a/b_b c b_b/c c
∴ ccbbb.

99(b): C A L C U T T A
+4 ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
G E P G Y X X E

F S Q F E C
+4 ↓ ↓ ↓ ↓ ↓ ↓
B O M B A Y

100(a):




*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

দেয়। পুলিশটি তৎক্ষণাৎ $4\frac{1}{2}$ কিলোমিটার গতিতে চোরটিকে তাড়া করে। চোরটি ধরা পড়ার আগে কতটা দৌড়য়?

(a) 300 মিটার (b) 400 মিটার (c) 450 মিটার (d) 500 মিটার

96. 38 মিটার লম্বা ও 32 মিটার চওড়া একটি আয়তাকার ক্ষেত্রের ভেতরে চারদিকে সমপরিসরে চওড়া রাস্তার ক্ষেত্রফল 600 বর্গমিটার হলে, রাস্তার প্রশস্ততা:

(a) 6 মিটার (b) 8 মিটার (c) 5 মিটার (d) 10 মিটার

97. এক ব্যক্তি প্রতি সপ্তাহে 69.30 টাকা আয় করেন এবং প্রতি চতুর্থ সপ্তাহে 18.90 টাকা স্থানীয় সমাজসেবী সংগঠনকে দান করেন। বছরের শেষে ওই ব্যক্তির কাছে কত টাকা অবশিষ্ট থাকবে?

(a) 3,537.90 টাকা (b) 3,373.90 টাকা (c) 3,357.90 টাকা (d) 4,000 টাকা

98. রাত অপেক্ষা দিন $1\frac{1}{2}$ ঘণ্টা দীর্ঘ হলে, দিন কত ঘণ্টা হবে?

(a) $13\frac{1}{2}$ ঘণ্টা (b) $13\frac{3}{4}$ ঘণ্টা (c) $12\frac{1}{2}$ ঘণ্টা (d) $12\frac{3}{4}$ ঘণ্টা

99. 10 বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের $4\frac{1}{3}$ গুণ ছিল। 10 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের $2\frac{3}{7}$ গুণ হবে। বর্তমানে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি:

(a) 65 বছর (b) 100 বছর (c) 75 বছর (d) 90 বছর

100. একটি বর্গাকার ঘরের মেঝেতে টালি বসানো হল। প্রতিটি 45 সেন্টিমিটার বর্গমাপের টালির দাম 15 পয়সা। টালি বসাতে মোট 21.60 টাকা খরচ হলে, মেঝের দৈর্ঘ্য:

(a) 4.4 মিটার (b) 5.4 মিটার (c) 4.5 মিটার (d) 5.6 মিটার

### উত্তর

1(b), 2(a), 3(d), 4(d), 5(d), 6(b), 7(c), 8(d), 9(a), 10(d), 11(b), 12(b), 13(d), 14(a), 15(a), 16(c), 17(b), 18(a), 19(b), 20(c), 21(b), 22(a), 23(a), 24(d), 25(c), 26(d), 27(d), 28(d), 29(a), 30(b), 31(d), 32(c), 33(b), 34(a), 35(a), 36(b), 37(a), 38(a), 39(a), 40(c), 41(b), 42(a), 43(d), 44(c), 45(a), 46(b), 47(c), 48(a), 49(d), 50(b), 51(b), 52(a), 53(c), 54(c), 55(c), 56(d), 57(b), 58(a), 59(c), 60(c), 61(b), 62(b), 63(c), 64(a), 65(b), 66(a), 67(c), 68(a), 69(c), 70(a), 71(d), 72(b), 73(d), 74(b), 75(d), 76(c), 77(b), 78(c), 79(d), 80(d), 81(c), 82(d), 83(a), 84(a), 85(b), 86(a), 87(b), 88(b), 89(a), 90(d), 91(a), 92(d), 93(b), 94(b), 95(b), 96(c), 97(c), 98(d), 99(b), 100(b).

### সমাধান

71(d): (1 + 2 + 4) = 7টি মুদ্রার মোট মূল্য = (1 × 1.00) + (2 × 0.50) + (4 × 0.25) = 3 টাকা

∴ মুদ্রাসংখ্যা $= 393 \times \frac{7}{3} = 917$.

72(b): প্রথম ক্রয়মূল্য 100% ও বিক্রয়মূল্য 110% হলে দ্বিতীয় ক্রয়মূল্য 90% এবং বিক্রয়মূল্য $\left(90\times\frac{120}{100}\right) = 108\%$ অর্থাৎ (110% − 108%) = 2%, 2% = 14 টাকা

∴ প্রথম ক্রয়মূল্য $100\% = 14 \times \frac{100}{2} = 700$ টাকা।

73(d): সংখ্যাটির অঙ্কদুটির পার্থক্য = 36 ÷ 9 = 4

অর্থাৎ (a + b) = 10 এবং (a − b) = 4

∴ a = 7, b = 3

∴ নির্ণেয় সংখ্যা = 10b + a = 10 × 3 + 7 = 37.

74(b): 10 মিনিটে 1 কিলোমিটার অর্থাৎ ঘণ্টায় গড় গতিবেগ = 60 ÷ 10 = 6 কিলোমিটার।

তাহলে দুটি সময়ের অনুপাত = (8 − 6) : (6 − 4) = 1 : 1

∴ রিকশায় 5 মিনিটে যান $= \left(8\times\frac{5}{60}\right) = \frac{2}{3}$ কিলোমিটার।

75(d): প্রথম ও পঞ্চম সংখ্যার পার্থক্য = 4(26 − 25) = 4.

76(c): সংকেত: গ.সা.গু. = ল.সা.গু. ÷ অনুপাতগুলির ল.সা.গু.

3, 4 ও 5-এর ল.সা.গু. = 60

গ.সা.গু. = 2400 ÷ 60 = 40.

77(b): সংকেত: ভগ্নাংশের ল.সা.গু. $= \frac{\text{লবগুলির গ.সা.গু.}}{\text{হরগুলির গ.সা.গু.}}$

ভগ্নাংশের গ.সা.গু. $= \frac{\text{লবগুলির গ.সা.গু.}}{\text{হরগুলির ল.সা.গু.}}$

$1\frac{1}{2} = \frac{3}{2}, \frac{3}{4}$ এবং $\frac{9}{16}$-এর ল.সা.গু. $= \frac{9}{2}$

$1\frac{1}{2} = \frac{3}{2}, \frac{3}{4}$ এবং $\frac{9}{16}$-এর গ.সা.গু. $= \frac{3}{16}$.

578(c): প্রত্যেকে $\left(1-\frac{1}{10}\right) = \frac{9}{10}$ অংশ খাদ্য খান।

∴ নির্ণেয় লোকসংখ্যা $= \frac{1,800\times10}{20}\times\frac{10}{9} = 1,000$ জন।

79(d): 1,550 টাকার 5% = 77.50 টাকা এবং 8% = 124 টাকা

বার্ষিক মোট সুদ = 300 ÷ 3 = 100 টাকা

5% ও 8% সরল সুদে ধার দেওয়া টাকার অনুপাত (124 − 100) : (100 − 77.50) = 24 : 22.50 = 16 : 15.

80(d): 12, 16 ও 24-এর ল.সা.গু. = 48

400 থেকে 500-এর মধ্যে 48-এর গুণিতক = 48 × 9 = 432 এবং 48 × 10 = 480 কিন্তু উত্তরে 432 নেই।

∴ নির্ণেয় সংখ্যা = 480.

81(c): বৃত্তের ক্ষেত্রফল হ্রাস পায় $\left\{(20+20)-\frac{20\times20}{100}\right\}\% = 36\%$.

82(d): আরও $12 \times \frac{(8-5)}{(1+5)} = 6$ লিটার দুধ ঢালতে হবে।

83(a): A = 3B ∴ A + B = 4B

4B সম্পূর্ণ কাজ $\left(9\times\frac{5}{2}\right) = \frac{45}{2}$ দিনে শেষ করে।

∴ A বা 3B কাজটি করবে $\left(\frac{45}{2}\times\frac{4}{3}\right) = 30$ দিনে।

84(a): প্রথম টাকা সুদ-আসলে 1 বছরে = 104%

দ্বিতীয় টাকা = 108% এবং তৃতীয় টাকা = 112% হয়।

∴ তিনটি আসলের অনুপাত $= \frac{1}{104} : \frac{1}{108} : \frac{1}{112} = \frac{1}{26} : \frac{1}{27} : \frac{1}{28}$ = 756 : 728 : 702.

85(b): $\left(10+8\frac{1}{3}\right)\%$ বা, $18\frac{1}{3}\% = 11$ টাকা

∴ $100\% = 11 \times \frac{3}{35} \times 100 = 60$ টাকা।

86(a): ট্রেন + লোকের গতি ঘণ্টায় $= \left(\frac{100}{5}\times\frac{18}{5}\right) = 72$ কিলোমিটার।

অর্থাৎ ট্রেনের গতি ঘণ্টায় = (72 + 6) = 78 কিলোমিটার।

আবার, ট্রেন − মোটরগাড়ির গতি ঘণ্টায় $= \left(\frac{100}{6}\times\frac{18}{5}\right) = 60$ কিলোমিটার।

∴ মোটরগাড়ির গতি = (78 − 60) কিলোমিটার = 18 কিলোমিটার।

87(b): পথে নষ্ট হয় $= \left(12,000\times\frac{3}{8}\right) = 4,500$টি কমলালেবু

∴ লাভ হয় $(12,000 - 4,500) \times \frac{2}{100} = 150$ টাকা।

88(b): বৃহত্তম সংখ্যা = 998 + (5 − 1) = 1002.

89(a): A বিক্রি করে $= \left(10,000\times\frac{120}{100}\right)$ টাকা = 12,000 টাকায়

B বিক্রি করে $= \left(12,000\times\frac{75}{100}\right)$ টাকা = 9,000 টাকায়

∴ A-র লাভ হয় $= \left(\frac{12,000-9,000}{10,000}\right)\times 100 = 30\%$.

90(d): দৈর্ঘ্য a% বৃদ্ধি ও প্রস্থ a% হ্রাস পেলে ক্ষেত্রফল হ্রাস পাবে $= \left(\frac{x}{10}\right)^2\%$

∴ ক্ষেত্রফল কমবে $= \left(\frac{1}{2}\right)^2\% = \frac{1}{100}\% = 0.01\%$.

91(a): 7 জন পুরুষ + 11 জন স্ত্রীলোক $= \left(\frac{5}{3}\times7\right) + 11 = \frac{68}{3}$ জন স্ত্রীলোক।

5 জন স্ত্রীলোকের 17 দিনের কাজ, $\frac{68}{3}$ জন স্ত্রীলোক $= (5\times17)\times\frac{3}{68} = 3\frac{3}{4}$ দিনে করতে পারে।

92(d): 800 মিটার পার হতে A-র (21 × 4) = 84 সেকেন্ড ও B-র (25 × 4) = 100 সেকেন্ড সময় লাগবে।

B 84 সেকেন্ডে যায় $= \left(800\times\frac{84}{100}\right) = 672$ মিটার।

∴ B পরাস্ত হয় = (800 − 672) = 128 মিটারে।

93(b): $\frac{5}{8}$ অংশ গতিতে $\left(\frac{8}{5}-1\right) = \frac{3}{5}$ অংশ বেশি সময় লাগে

∴ প্রকৃত গতিতে সময় লাগে $= (1 \text{ ঘণ্টা } 12 \text{ মিনিট} \times \frac{5}{3}) = 120$ মিনিট = 2 ঘণ্টা।

94(b): ছাত্রসংখ্যা = x হলে, $\frac{x}{2} - \frac{x}{3} = 5 + 2$

∴ $\frac{x}{6} = 7$ ∴ x = 42 জন।

95(b): চোর ও পুলিশের গতির পার্থক্য $= \left(4\frac{1}{2} - 4\right) = \frac{1}{2}$ কিলোমিটার বা 500 মিটার

অর্থাৎ চোরটি ধরা পড়ে $= 60 \times \frac{50}{500}$ মিনিট = 6 মিনিটে

∴ চোরটি 6 মিনিটে দৌড়য় $= 4,000 \times \frac{6}{60} = 400$ মিটার।

96(c): রাস্তার প্রশস্ততা = x মিটার ধরা হলে, $2(38 + 32) \times x - 4x^2 = 600$

or, $4x^2 - 140x + 600 = 0$ or, $x^2 - 35x + 150 = 0$

or, (x − 30) (x − 5) = 0

∴ x-এর মান 30 হতে পারে না ∴ x = 5 মিটার।

97(c): বছরে মোট আয় (69.30 × 52) = 3,603.60 টাকা এবং মোট ব্যয় = (18.90 × 13) = 245.70 টাকা

∴ অবশিষ্ট থাকে = (3,603 − 245.70) টাকা = 3,357.90 টাকা।

98(d): দিন $= \left(24 + 1\frac{1}{2}\right) \div 2 = 12\frac{3}{4}$ ঘণ্টা।

99(b): বর্তমানে পিতার বয়স = x বছর এবং পুত্রের বয়স = y বছর

∴ $(x - 10) = \frac{13}{3}(y - 10)$

or, 3x − 30 = 13y − 130 or, 3x − 13y = −100 ... (i)

এবং $(x + 10) = \frac{17}{7}(y + 10)$ or, 7x − 17y = 100 ... (ii)

∴ (i) এবং (ii) থেকে x = 75, y = 25

∴ x + y = (75 + 25) = 100 বছর।

100(b): মেঝেতে মোট = (21.60 ÷ 0.15) = 144টি টালি বসানো হয়

∴ ঘরের দৈর্ঘ্য = 45 সেন্টিমিটার × $\sqrt{144}$ = 540 সেন্টিমিটার = 5.4 মিটার।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

## পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

**Direction (47 to 50):** *Pick out the most effective word from the given options to fill the blanks to make the sentence meaningful .*

47. Freedom and equality are the _______ rights of every human being.

(a) institutional (b) inscrutable (c) inalienable (d) incalculable

48. The prolonged illness left him totally _____ .

(a) enervated (b) healthy (c) invalid (d) indisposed

49. Modern public sector managers have become quite ______ in shifting their loyalties.

(a) learned (b) ignorant (c) inept (d) adept

50. His interest in the study of human behaviour is indeed very _____ .

(a) broad (b) vast (c) deep (d) large

**Direction (51 to 54):** *Fill in the blank with the appropriate preposition.*

51. The bullet entered _____ his body.

(a) from (b) in (c) with (d) into

52. You must accommodate yourself _____ the new situation.

(a) to (b) of (c) at (d) in

53. Some developing countries have alliance ___ Japan.

(a) to (b) at (c) with (d) in

54. Many people are totally ignorant ____ their rights.

(a) to (b) of (c) for (d) about

**Direction (55 to 58):** *Express the meaning in one word.*

55. Any of the class of animals that feed their young with milk from the breast.

(a) mammal (b) maternal (c) quadruped (d) mortal

56. A written declaration made on an oath in the presence of a magistrate.

(a) proclamation (b) summon (c) affidavit (d) writ

57. A name adopted by an author in his writings.

(a) nomenclature (b) nickname (c) title (d) pseudonym

58. A government in which all religions are equally honoured.

(a) democracy (b) secular (c) autocracy (d) fanatic

**Direction (59 to 62):** *You are given four alternative meanings to each idiom. Choose the appropriate one.*

59. By the rule of thumb

(a) by the use of trickery (b) by cheating and deception (c) by practiced experience which is rather rough (d) by the use of force

60. Something up one's sleeve

(a) something important (b) a profitable plan (c) a grand idea (d) a secret plan

61. Fair and square

(a) to give in to tender by hand (b) first rate (c) to achieve with great effort (d) honest

62. Spick and span

(a) nicely decorated (b) in good order (c) at sixes and sevens (d) in a mess

**Direction (63 to 65):** *Choose the most appropriate phrasal verb from the choice given below to fill in the blanks to complete the sentences most meaningfully.*

63. I have been _____ all morning and require some rest now.

(a) banking on (b) batting around (c) banking up (d) bargaining for

64. I shall not say anything about it till is all _____.

(a) buttoned up (b) bought in (c) buttered up to (d) bought out

65. The accident occured because he failed to _____ quickly.

(a) change back into (b) change into (c) change down (d) change out of

**Direction (66 to 68):** *Choose the most appropriate single word from the options given below.*

66. A man who starves body for the good of soul:

(a) Ascetic (b) Saint (c) Spiritualist (d) Monk

67. A lucrative enterprise is called:

(a) Industry (b) Expert (c) Bonanza (d) Commerce

68. A person abiding by religious discipline and self-denial is called:

এরপর চোদ্দর পাতায়

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

(a) Vicar (b) Ascetic (c) Bigot (d) Dedicator

**Direction (69 and 70):** *Choose the word that is most opposite in meaning to the word given below.*

69. Imminent

(a) Hopeless (b) Wishful (c) Probable (d) Uncertain

70. Moderate

(a) Modernize (b) Alleviate (c) Exasperate (d) Palliate

71. কোনও অফিসে সব কর্মচারীর মাসিক গড় বেতন 120 টাকা। অফিসারদের গড় বেতন 460 টাকা এবং বাকি কর্মচারীদের গড় বেতন 110 টাকা। অফিসারদের সংখ্যা 15 হলে, অফিসার ছাড়া বাকি কর্মচারীদের সংখ্যা কত?

(a) 480 (b) 420 (c) 370 (d) 510

72. 10টি সংখ্যার গড় 15। গণনার সময় 36 কে ভুল করে 26 ধরা হয়েছিল। সঠিক গড়টি নির্ণয় করুন।

(a) 15 (b) 14 (c) 20 (d) 16

73. একটি ক্লাবে 8 জন সদস্য আছে। 56 কিলোগ্রাম ওজনের এক সদস্য ক্লাব ছেড়ে দিলেন। তার জায়গায় নতুন এক সদস্য এসে যোগ দিলেন। তার ফলে গড় ওজন 2.5 কিলোগ্রাম করে কমে গেল। নতুন সদস্যের ওজন কত?

(a) 38 কিলোগ্রাম (b) 36 কিলোগ্রাম (c) 37 কিলোগ্রাম (d) 38 কিলোগ্রাম

74. একটি কুকুর একটি বিড়ালকে তাড়া করল। বিড়ালটি 5 বার লাফালে কুকুরটি 4 বার লাফায়। কিন্তু কুকুরটির 3 বার লাফানো বিড়ালটির 4 বার লাফানোর সমান। কুকুর ও বিড়ালের গতিবেগের অনুপাত কত?

(a) 15 : 14 (b) 16 : 15 (c) 18 : 19 (d) 14 : 13

75. 1350 টাকা 2 জন লোক, 3 জন মহিলা ও 5 জন শিশুর মধ্যে এরূপে ভাগ করা হল যাতে ভাগের অনুপাত যথাক্রমে 10 : 5 : 2 হয়। একজন লোকের ভাগ:

(a) 300 টাকা (b) 280 টাকা (c) 700 টাকা (d) 450 টাকা

76. দু'টি সংখ্যার অনুপাত 3 : 5। যদি প্রতিটি সংখ্যা 10 করে বাড়ানো যায় তাহলে তাদের অনুপাত হয় 5 : 7। সংখ্যা দু'টি নির্ণয় করুন।

(a) 15, 25 (b) 10, 15 (c) 25, 30 (d) 30, 35

77. একটি পাত্রে দুধ ও জলের অনুপাত 5 : 3। ওই পাত্র থেকে কত পরিমাণ মিশ্রণ তুলে নিয়ে তার পরিবর্তে সমপরিমাণ জল মিশ্রিত করলে পাত্রে দুধ ও জলের অনুপাত 1 : 1 হবে?

(a) $\frac{2}{3}$ অংশ (b) $\frac{1}{5}$ অংশ (c) $\frac{1}{3}$ অংশ (d) $\frac{1}{4}$ অংশ

78. 10 টাকা লিটার দরে 12 লিটার দুধে কত লিটার জল মিশ্রিত করলে 8 টাকা লিটার দরে বিক্রি করা যাবে?

(a) 3 লিটার (b) 4 লিটার (c) 5 লিটার (d) 6 লিটার

79. 300 গ্রাম চিনির দ্রবণে 40% চিনি আছে। ওই দ্রবণে আর কত পরিমাণ চিনি মেশালে চিনির পরিমাণ মোট মিশ্রণের 50% হবে?

(a) 50 গ্রাম (b) 60 গ্রাম (c) 40 গ্রাম (d) 36 গ্রাম

80. কোনও সংখ্যাকে প্রথমে 25% বাড়ানো এবং তারপর 25% কমানো হলে, মোটের ওপর সংখ্যাটির বৃদ্ধি/হ্রাস কত?

(a) 6.25% হ্রাস (b) 6.25 বৃদ্ধি (c) 62.5% হ্রাস (d) 62.5% বৃদ্ধি

81. একটি পরীক্ষায় মোট সংখ্যক ছাত্রদের মধ্যে 15% অনুপস্থিত ছিল এবং উপস্থিত ছাত্রদের মধ্যে 20% অকৃতকার্য হল। যদি সফল ছাত্রদের সংখ্যা 544 হয়, তবে মোট ছাত্রসংখ্যা কত?

(a) 800 (b) 820 (c) 850 (d) 780

82. A, B, C এর মধ্যে 5 : 11 : 23 অনুপাতে কিছু টাকা ভাগ করা হল। A ও B এর মোট প্রাপ্ত অর্থের সঙ্গে C-এর প্রাপ্ত অর্থের পার্থক্য যদি 2800 টাকা হয়, তাহলে B ও C এর প্রাপ্ত অর্থের পার্থক্য কত?

(a) 4800 টাকা (b) 2900 টাকা (c) 3000 টাকা (d) 5000 টাকা

83. A ও B দু'টি পাইপ একত্রে একটি খালি চৌবাচ্চা 10 মিনিটে পূর্ণ করে। কিন্তু A পাইপ একা খালি চৌবাচ্চাটি 15 মিনিটে পূর্ণ করে। B পাইপটি খালি চৌবাচ্চাকে কতক্ষণে পূর্ণ করবে?

(a) 30 মিনিটে (b) 1 ঘণ্টায় (c) $1\frac{1}{2}$ ঘণ্টায় (d) 45 মিনিটে

84. এক ব্যক্তি একটি ব্যাঙ্কে পৃথকভাবে 55685 টাকা ও 52135 টাকা জমা রাখলেন। যদি 25 বছর পর সুদের পার্থক্য 7100 টাকা হয়, তবে ওই ব্যাঙ্কের বার্ষিক সুদের পার্থক্য কত?

(a) 7% (b) 7.5% (c) 8% (d) 8.5%

85. A, B কে 2 বছরের জন্য 600 টাকা ও C-কে 4 বছরের জন্য 150 টাকা ধার দিয়ে সুদ বাবদ মোট 90 টাকা পেলে সুদের হার কত?

(a) 12% (b) 10% (c) 8% (d) 5%

86. কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পে 80 জন লোক 18 দিনে একটি পুকুর কেটেছিল। অনুরূপ আর একটি পুকুর 24 দিনে কাটিতে কতজন লোক লাগবে?

(a) 60 জন (b) 72 জন (c) 63 জন (d) 75 জন

87. 5% সুদের হারে কোনও টাকার 2 বছরের চক্রবৃদ্ধি ও সরল সুদের পার্থক্য 1.50 টাকা। টাকার পরিমাণ কত?

(a) 600 টাকা (b) 500 টাকা (c) 400 টাকা (d) 300 টাকা

88. রাজু 625 টাকায় 25% লাভ করে পেন বিক্রি করে। কিছু পেন খারাপ হওয়ায় সে সেগুলিকে 10% ক্ষতিতে বিক্রি করে। ওই বিকল পেনগুলির বিক্রয়মূল্য কত?

(a) 550 টাকা (b) 650 টাকা (c) 350 টাকা (d) 450 টাকা

89. একজন দোকানদার তার দোকানের সব দ্রব্যের ক্রয়মূল্যের ওপর 20% অতিরিক্ত দাম ধার্য করে ক্রেতাকে 312 টাকার বিলের ওপর 31.20 টাকা ছাড় দেন। ওই দোকানদারের শতকরা লাভ কত?

(a) 20% (b) 15% (c) 10% (d) 8%

90. দুই ব্যক্তি একই স্থান থেকে একই সময়ে যথাক্রমে 5 কিমি/ঘণ্টা এবং 8 কিমি/ঘণ্টা বেগে পরস্পর বিপরীত অভিমুখে যাত্রা শুরু করে। তাদের আপেক্ষিক বেগ কত? 2 ঘণ্টা পরে তাদের মধ্যে দূরত্ব কত হবে?

(a) 23 কিমি (b) 39 কিমি (c) 26 কিমি (d) 51 কিমি

91. দু'টি ট্রেন একই দিকে 76 কিমি/ঘণ্টা এবং 40 কিমি/ঘণ্টা বেগে এগিয়ে চলেছে। যদি প্রথম ট্রেনটি দ্বিতীয় ট্রেনের একজন যাত্রীকে 8 সেকেন্ডে অতিক্রম করে তবে প্রথম ট্রেনের দৈর্ঘ্য কত?

(a) 80 মিটার (b) 100 মিটার (c) 140 মিটার (d) 150 মিটার

92. স্থির জলে কোনও নৌকার গতিবেগ 2 কিমি/ঘণ্টা। স্রোতের প্রতিকূলে নৌকাটির গতিবেগ 1 কিমি/ঘণ্টা হলে, স্রোতের গতিবেগ কত?

(a) 3 কিমি/ঘণ্টা (b) 1 কিমি/ঘণ্টা (c) 2 কিমি/ঘণ্টা (d) কোনওটিই নয়

93. একটি খালি চৌবাচ্চা একটি নল দিয়ে 15 মিনিটে পূর্ণ হয়। কিন্তু চৌবাচ্চাটির তলদেশে ছিদ্র থাকার জন্য খালি চৌবাচ্চাটি পূর্ণ হয় 20 মিনিটে। ওই ছিদ্র দিয়ে পূর্ণ চৌবাচ্চা কতক্ষণে খালি হবে?

(a) $1\frac{1}{2}$ ঘণ্টা (b) 2 ঘণ্টা (c) 60 মিনিট (d) 30 মিনিট

94. একটি নল 10 লিটার/ঘণ্টা গতিতে একটি চৌবাচ্চা খালি করে। কত সময়ে চৌবাচ্চাটি অর্ধেক খালি করবে যেটিতে 40 লিটার জল আছে?

(a) 4 ঘণ্টা (b) 5 ঘণ্টা (c) 2 ঘণ্টা (d) 3 ঘণ্টা

95. জলের সঙ্গে কত অনুপাতে খাঁটি দুধ মিশ্রিত করে ক্রয়মূল্যে বিক্রি করলে $33\frac{1}{3}$ % লাভ হবে?

(a) 2 : 1(b) 4 : 2 (c) 3 : 2 (d) 3 : 1

96. তিনটি পাত্রের দুধ এবং জলের মিশ্রণে দুধের পরিমাণ যথাক্রমে 30%, 40% এবং 50%। একটি বড় পাত্রে যথাক্রমে 2 ভাগ, 5 ভাগ এবং 3 ভাগ তিনটি মিশ্রণ দ্বারা পূর্ণ করা হল। নতুন মিশ্রণে দুধের শতকরা হার কত?

(a) 33% (b) 45% (c) 41% (d) 55%

97. একটি ঘড়ি প্রতি ঘণ্টায় 6 মিনিট পিছিয়ে (Slow) যায়। সকাল 7টার সময় একটি সঠিক ঘড়ির সঙ্গে ওই ঘড়ির সময় মেলানো হল। বিকেল 4টা 20 মিনিটের সময় ওই ঘড়িটিতে কত সময় দেখাবে?

(a) বিকেল 3টা 24 মিনিট (b) বিকেল 5টা 42 মিনিট (c) বিকেল 5টা 10 মিনিট (d) বিকেল 4টা 30 মিনিট

98. একটি ঘড়ির সময় প্রতি ঘণ্টায় সমবেগে সঠিক সময়ের তুলনায় বৃদ্ধি (Fast) পেতে থাকে। ঘড়িটি 1 জানুয়ারি সকাল 6টায় 3 মিনিট পিছিয়ে (Slow) থাকে, কিন্তু 6 জানুয়ারি সকাল 9 টায় 5 মিনিট 12 সেকেন্ড এগিয়ে যায়। কোন সময় ঘড়িটি সঠিক সময় দেখাবে?

(a) 2 জানুয়ারি রাত 4টে (b) 4 জানুয়ারি সকাল 2টো 20 মিনিট (c) 3 জানুয়ারি সকাল 3টে 45 মিনিট (d) 3 জানুয়ারি রাত 4টে

99. রবিবার রামের জন্ম হয়। যেদিন তার 300 দিন বয়স, সেদিন কী বার ছিল?

(a) বুধবার (b) শুক্রবার (c) শনিবার (d) রবিবার

100. 2010 সালের 1 মার্চ সোমবার হলে, 27 মার্চ কী বার ছিল?

(a) শুক্রবার (b) মঙ্গলবার (c) শনিবার (d) বুধবার

### উত্তর

47(c), 48(a), 49(d), 50(c), 51(d), 52(a), 53(c), 54(b), 55(a), 56(c), 57(d), 58(b), 59(c), 60(d), 61(d), 62(b), 63(b), 64(a), 65(c), 66(a), 67(c), 68(b), 69(d), 70(c), 71(d), 72(d), 73(b), 74(b), 75(a), 76(a), 77(b), 78(a), 79(b), 80(a), 81(a), 82(a), 83(a), 84(c), 85(d), 86(a), 87(a), 88(d), 89(c), 90(c), 91(a), 92(b), 93(c), 94(c), 95(d), 96(c), 97(a), 98(d), 99(b), 100(c).

### সমাধান

71(d): অফিসার ছাড়া বাকি কর্মচারীদের নির্ণেয় সংখ্যা x জন ধরা হলে,

$110x + 460 \times 15 = 120(15 + x)$

বা, $120x - 110x = 460 \times 15 - 120 \times 15$

বা, $10x = 340 \times 15$, $x = 34 \times 15 = 510$.

72(d): ভুল যোগফল $10 \times 15 = 150$

সঠিক যোগফল $(10 \times 15) + (36 - 26) = 160$

সঠিক গড় $= \frac{160}{10} = 16$.

73(b): নতুন সদস্যের ওজন $= 56 - (8 \times 2.5) = 36$ কিলোগ্রাম।

74(b): কুকুরের 3 বার লাফানো = বিড়ালের 4 বার লাফানো

কুকুরের 4 বার লাফানো = বিড়ালের $\frac{4 \times 4}{3} = \frac{16}{3}$ বার লাফানো

উভয়ের গতি তুলনা করে পাই, $\frac{16}{3} : 5$ বা, 16 : 15.

75(a): লোক : মহিলা : শিশু $= (2 \times 10) : (3 \times 5) : (5 \times 2) = 20 : 15 : 10$

2 জন লোকের ভাগ $= \frac{1350}{20+15+10} \times 20 = 600$ টাকা

1 জন লোকের ভাগ 300 টাকা।

76(a): ধরা যাক, দু'টি সংখ্যা 3x এবং 5x

প্রশ্নানুসারে, $\frac{3x+10}{5x+10} = \frac{5}{7}$ বা, $x = 5$

সংখ্যাদু'টি হল $3 \times 5 = 15$ এবং $5 \times 5 = 25$.

77(b): নির্ণেয় মিশ্রণের পরিমাণ $= \frac{1}{2}\left(\frac{5-3}{5}\right) = \frac{1}{5}$ অংশ।

78(a): জলের পরিমাণ $= \frac{12(10-8)}{8} = \frac{12 \times 2}{8} = 3$ লিটার।

79(b): চিনির পরিমাণ $= 300\left(\frac{50-40}{100-50}\right) = 60$ গ্রাম।

80(a): সংখ্যাটির মোটের ওপর হ্রাস $= \frac{25^2}{100} = \frac{625}{100} = 6.25\%$

81(a): মোট ছাত্রের সংখ্যা $= \frac{100 \times 100 \times 544}{(100-15) \times (100-20)} = 800$.

82(a): প্রশ্নানুযায়ী, $23x - (5x + 11x = 2800$

$7x = 2800$ বা, $x = 400$

B ও C -এর প্রাপ্ত অর্থের পার্থক্য $23x - 11x = 12x = 12 \times 400 = 4800$.

83(a): নির্ণেয় সময় $= \left(\frac{15 \times 10}{15-10}\right)$ মিনিট = 30 মিনিট।

84(c): বার্ষিক সুদের হার $= \frac{7100 \times 100}{(55685 - 52135) \times 25} = 8\%$.

85(d): সুদের হার $= \frac{100 \times 90}{600 \times 2 + 150 \times 4} = \frac{100 \times 90}{1800} = 5\%$.

86(a): 18 দিনে পুকুর কাটে 80 জনে

24 দিনে পুকুরটি কাটে $\frac{80 \times 18}{24}$ জনে = 60 জনে।

87(a): নির্ণেয় আসল $= 1.50 \times \left(\frac{100}{5}\right)^2 = 1.50 \times 20 \times 20 = 600$ টাকা।

88(d): বিকল পেনগুলির বিক্রয়মূল্য $= 625 \times \left(\frac{100}{125}\right) \times \left(\frac{90}{100}\right) = 450$ টাকা।

89(c): 312 টাকার বিলে ছাড় = 31.20 টাকা

ছাড়ের হার $= \frac{31.20}{312} \times 100 = 10\%$.

90(c): তাদের আপেক্ষিক গতিবেগ = (5 + 8) কিমি/ঘণ্টা = 13 কিমি/ঘণ্টা

যেহেতু তারা একই স্থান থেকে পরস্পরের বিপরীত অভিমুখে গতিশীল

সুতরাং, প্রতি ঘণ্টায় তাদের মধ্যে দূরত্ব বাড়ে = 13 কিমি

2 ঘণ্ট পরে তাদের মধ্যে দূরত্ব বাড়ে = $(2 \times 13)$ কিমি = 26 কিমি।

91(a): প্রথম ট্রেনের আপেক্ষিক বেগ = (76 − 40) কিমি/ঘণ্টা

$= \left(36 \times \frac{5}{18}\right)$ মিটার/সেকেন্ড = 10 মিটার/সেকেন্ডে

প্রথম ট্রেনটি 8 সেকেন্ডে অতিক্রম করে = $(8 \times 10)$ মিটার = 80 মিটার

দ্বিতীয় ট্রেনটির যাত্রীটিকে অতিক্রম করার সময় প্রথম ট্রেনটি নিজের দৈর্ঘ্য অতিক্রম করে

সুতরাং, প্রথম ট্রেনের দৈর্ঘ্য = 80 মিটার।

92(b): স্রোতের নির্ণেয় গতিবেগ x কিমি/ঘণ্টা হলে

প্রশ্নানুসারে, $1 = 2 - x$ বা, $x = 2 - 1 = 1$ কিমি/ঘণ্টা।

93(c): ছিদ্রটি দিয়ে পূর্ণ চৌবাচ্চা খালি হয় $= \frac{20 \times 15}{20-15}$ মিনিট = 60 মিনিটে।

94(c): চৌবাচ্চাটির অর্ধেক $= \frac{1}{2} \times 40$ লিটার = 20 লিটার

20 লিটার জল খালি হতে সময় লাগবে $= \frac{20}{10} = 2$ ঘণ্টা।

95(d): খাঁটি দুধ ও জলের অনুপাত $= 100 : 33\frac{1}{3} = 3 : 1$.

96(c): দুধের পরিমাণ $= \left[\frac{(2 \times 30) + (5 \times 40) + (3 \times 50)}{2+5+3}\right] = 41\%$.

97(a): সকাল 7টা থেকে বিকেল 4টে 20 মিনিট পর্যন্ত সময়ের পার্থক্য = 9 ঘণ্টা 20 মিনিট $= 9\frac{20}{60}$ ঘণ্টা $= \frac{28}{3}$ ঘণ্টা

$\frac{28}{3}$ ঘণ্টায় ওই ঘড়িতে সময় পিছিয়ে যায় $= \left(\frac{28}{3} \times 6\right)$ মিনিট

নির্ণেয় সময় = বিকেল 4টে 20 মিনিট − 56 মিনিট = বিকেল 3টে 24 মিনিট।

98(d): 1 জানুয়ারি সকাল 6টা থেকে 6 জানুয়ারি সকাল 9টা পর্যন্ত সময়ের ব্যবধান = 123 ঘণ্টা

ঘড়িটিতে $\left(3 + 5\frac{1}{5}\right)$ মিনিট অর্থাৎ $\frac{41}{5}$ মিনিট সময় বৃদ্ধি পায় 123 ঘণ্টায়

ঘড়িটিতে 3 মিনিট সময় বৃদ্ধি পায় $= \left[123 \times \frac{5}{41} \times 3\right]$ ঘণ্টায় = 45 ঘণ্টায়

নির্ণেয় সময় = 1 জানুয়ারি সকাল 6টা + 45 ঘণ্টা = 3 জানুয়ারি রাত 3টে।

99(b): 300 দিন = 42 সপ্তাহ 6 দিন, অর্থাৎ অতিরিক্ত দিন 6

রবিবার রামের জন্ম হলে, প্রতি সপ্তাহ বয়স শেষ হয় শনিবারে

নির্ণেয় বারটি = শনিবার + 6 দিন = শুক্রবার

অথবা, বারটি = রবিবার থেকে আরম্ভ করে ষষ্ঠ দিন = শুক্রবার।

100(c): 1 মার্চ থেকে 27 মার্চ = (27 − 1) + 1 = 27 দিন = 3 সপ্তাহ 6 দিন

মোট অতিরিক্ত দিন (odd days) = 6

2010 সালের 27 মার্চ দিনটি হল = রবিবার + 6 দিন = শনিবার

অথবা, বারটি = সোমবার থেকে আরম্ভ করে ষষ্ঠ দিন = শনিবার।

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ফুরোবার আগেই সংগ্রহ করুন।

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ভারতীয় উপকূল রক্ষীবাহিনীতে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

ট্রেনিং দিয়ে বেশ কিছু অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট নিয়োগ করবে ভারতীয় উপকূল রক্ষীবাহিনী। জেনারেল ডিউটি, জেনারেল ডিউটি (এস এস এ), কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ), টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল) এবং ল শাখায় নিয়োগ হবে। মহিলারা জেনারেল ডিউটি এবং টেকনিক্যাল ছাড়া সবক'টি শাখার জন্যই আবেদন করতে পারবেন। ০১-২০২০ ব্যাচে ট্রেনিং হবে।

**জেনারেল ডিউটি**: শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে এবং উভয় বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৫ থেকে ৩০-৬-১৯৯৯-এর মধ্যে।

**জেনারেল ডিউটি (এস এস এ)**: শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে এবং উভয় বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৫ থেকে ৩০-৬-১৯৯৯-এর মধ্যে।

**কমার্শিয়াল পাইলট এন্ট্রি (এস এস এ)**: শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে প্রার্থীর ডিরেক্টর জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন কর্তৃক স্বীকৃত বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৫ থেকে ৩০-৬-২০০১-এর মধ্যে।

**টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল)**: ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ: ন্যাভাল আর্কিটেকচার বা মেকানিক্যাল বা মেরিন বা অটোমোটিভ বা মেকাট্রনিক্স বা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন বা মেটালার্জি বা ডিজাইন বা এরোনটিক্যাল বা এরোস্পেস শাখায় ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) থেকে সেকশন এ ও বি পাশ।

**ইলেক্ট্রিক্যাল**: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা পাওয়ার ইলেক্ট্রনিক্সে ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) থেকে সেকশন এ ও বি পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং উভয় বিষয়ে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৫ থেকে ৩০-৬-১৯৯৯-এর মধ্যে।

**ল**: শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ তিন বছরের বা পাঁচ বছরের ল ডিগ্রি। বয়স: জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯০ থেকে ৩০-৬-১৯৯৯-এর মধ্যে।

সব ক্ষেত্রেই তফসিলি প্রার্থীরা, এন সি সি 'সি' সার্টিফিকেট ('এ' গ্রেড)-ধারীরা, জাতীয় স্তরের খেলোয়াড়রা এবং কোস্ট গার্ডে কর্মরত অবস্থায় মৃত সৈনিকের সন্তানেরা স্নাতক স্তরের নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। উচ্চমাধ্যমিকের নম্বরে কোনও ছাড় পাবেন না। তফসিলি এবং ও বি সি প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক**: উচ্চতা: অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) এবং ল শাখার ক্ষেত্রে ১৫৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। পার্বত্য ও উপজাতি অধ্যুষিত এলাকার প্রার্থীরা সরকারি নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি**: জেনারেল ডিউটি এবং জেনারেল ডিউটি (এস এস এ) শাখার ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬ ও ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬। পাইলট ও কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ) শাখার ক্ষেত্রে এক চোখে ৬/৬ এবং অন্য চোখে ৬/৯, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। টেকনিকাল শাখার ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬। ল শাখার ক্ষেত্রে চশমা ছাড়া দু'চোখে ৬/৬০, চশমা-সহ এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/১২।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। তালিকাভুক্ত প্রার্থীরা প্রিলিমিনারি সিলেকশনের জন্য ডাক পাবেন। পরীক্ষা জুনের শেষে। প্রথম পর্যায়ের এই পরীক্ষায় থাকবে মেন্টাল এবিলিটি টেস্ট বা কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট (পি পি অ্যান্ড ডি টি)। প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করার পর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে। এতে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ।

নির্বাচিত প্রার্থীদের ট্রেনিং শুরু হবে ডিসেম্বর থেকে।

**বেতন**: ৫৬,১০০ টাকা (পে লেভেল-১০)। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ডি জি র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ মে থেকে ৪ জুন পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন ফর্ম পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যথাযথভাবে ফর্ম পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর অ্যাপ্লিকেশন/রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১৪ জুন থেকে। ই-অ্যাডমিট কার্ডের ২ কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। এই দু'টি কপি-ই পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে। অ্যাডমিট কার্ডে প্রার্থীর ২ কপি ফটো (নীল রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা) সেঁটে দেবেন। তিন মাসের পুরনো ফটো চলবে না। এছাড়াও সঙ্গে নিয়ে যাবেন ১২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো (নীল রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা), যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ও মূল কপি।

বিস্তারিত জানতে আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# নেভিতে ১১৭ অফিসার

প্রথম পাতার পর

৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্স বা নিউক্লিয়ার ফিজিক্সে এম এসসি, স্নাতকে অঙ্ক থাকতে হবে। অথবা ম্যাথমেটিক্স বা অপারেশনাল রিসার্চে এম এসসি, স্নাতকে ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা মেটিওরোলজি বা ওশানোলজি বা অ্যাটমোস্ফেরিক সায়েন্সে এম এসসি। অথবা নিম্নলিখিত যে-কোনও শাখায় বি ই বা বি টেক: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, ইনফরমেশন টেকনোলজি, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন সিস্টেমস, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি ইংরেজিতে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। **জন্মতারিখ**: ২-৭-১৯৯৫ থেকে ১-৭-১৯৯৯-এর মধ্যে।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ: লজিস্টিক্স ক্যাডার**: শূন্যপদ: ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় বি ই বা বি টেক বা অথবা এম বি এ। অথবা বি এসসি বা বি কম বা বি এস সি (আই টি)-সহ ফিনান্স বা লজিস্টিক্স বা সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট বা মেটেরিয়াল ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা এম সি এ বা এম এসসি (আই টি)। **জন্মতারিখ**: ২-৭-১৯৯৫ থেকে ১-১-২০০১-এর মধ্যে।

**ইনফর্মেশন টেকনোলজি**: শূন্যপদ: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আই টি-তে বি ই বা বি টেক। অথবা আই টি-তে বি এসসি। অথবা কম্পিউটার বা আই টি-তে এম এসসি। অথবা কম্পিউটার সায়েন্সে এম টেক। অথবা এম সি এ। **জন্মতারিখ**: ২-৭-১৯৯৫ থেকে ১-১-২০০১-এর মধ্যে।

**ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেকশন ক্যাডার**: শূন্যপদ: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স, মাইক্রো ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, মেটালার্জি, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, মেটেরিয়াল সায়েন্স, এরোস্পেস, এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক। ইলেক্ট্রনিক্স বা ফিজিক্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। জন্মতারিখ: ২-৭-১৯৯৫ থেকে ১-১-২০০১-এর মধ্যে।

**এয়ার ট্রাফিক কন্ট্রোলার**: শূন্যপদ ৪টি। অবজার্ভার: শূন্যপদ ৬টি। পাইলট (এম আর): শূন্যপদ ৩টি। পাইলট: শূন্যপদ ৫টি। এয়ার ট্রাফিক কন্ট্রোলার, পাইলট এবং অবজার্ভার ক্যাডারের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে অবশ্যই ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন কর্তৃক প্রদত্ত লাইসেন্স থাকতে হবে।

**জন্মতারিখ**: এয়ার ট্রাফিক কন্ট্রোলারের ক্ষেত্রে ২-৭-১৯৯৫ থেকে ১-৭-১৯৯৯-এর মধ্যে এবং পাইলট ও অবজার্ভার পদের ক্ষেত্রে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০১-এর মধ্যে।

**টেকনিক্যাল ব্রাঞ্চ**: ইঞ্জিনিয়ারিং শাখা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল, মেরিন, ইনস্ট্রুমেন্টেশন, প্রোডাকশন, এরোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, এরোস্পেস, অটোমোবাইলস, মেটালার্জি, মেকাট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোলের মধ্যে কোনও একটিতে বি ই বা বি টেক। **ইলেক্ট্রিক্যাল শাখা**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইনস্ট্রুমেন্টেশনের মধ্যে কোনও একটিতে বি ই বা বি টেক। জন্মতারিখ: উভয় ক্ষেত্রেই ২-৭-১৯৯৫ থেকে ১-১-২০০১-এর মধ্যে।

সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**দৈহিক মাপজোক**: উচ্চতা: পাইলট/অবজার্ভার এন্ট্রির ক্ষেত্রে পুরুষদের উচ্চতা ১৬২.৫ সেমি। পায়ের দৈর্ঘ্য হতে হবে ৯৯ সেমি থেকে ১২০ সেমির মধ্যে, বসে থাকা অবস্থায় উচ্চতা হতে হবে ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমির মধ্যে। থাইয়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৬৪ সেমি। অন্যান্য ব্রাঞ্চের পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫২ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি**: এন এ আই সি, লজিস্টিক্স, আই টি এবং এডুকেশনের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০, চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২। এ টি সি-র ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৯, চশমা-সহ ৬/৬। অবজার্ভার ও পাইলটের ক্ষেত্রে চশমা ছাড়া এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬। টেকনিকাল ব্রাঞ্চের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/২৪ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬। রাতকানা ও বর্ণান্ধতা থাকলে চলবে না।

ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্টের মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ের মাধ্যমে। এন্ট্রান্স টেস্টে ১০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ, রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল সায়েন্স, ম্যাথমেটিক্যাল অ্যাপ্টিটিউড অ্যান্ড জেনারেল নলেজ বিষয়ে। পরীক্ষায় প্রাপ্ত র‍্যাঙ্ক অনুযায়ী অক্টোবরে ইন্টারভিউয়ে ডাকা হবে কলকাতা বা ব্যাঙ্গালোর বা ভোপাল বা বিশাখাপত্তনম বা কোয়েম্বাটুরে। পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। এই পরীক্ষায় ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্টিং, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। সব মিলিয়ে প্রায় ৪ দিন ধরে পরীক্ষা হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। পাইলটদের ক্ষেত্রে পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্ট নেওয়া হবে। প্রথমবারের জন্য এই এন্ট্রিতে আবেদন করলে পরীক্ষাকেন্দ্রে যাতায়াত বাবদ ট্রেনের এ সি থ্রি-টিয়ারের ভাড়া পাওয়া যাবে।

সাব-লেফটেন্যান্ট র‍্যাঙ্কে ট্রেনিং শুরু হবে ২০২০-র জুনে। ন্যাভাল ওরিয়েন্টেশন কোর্সের ট্রেনিং হবে কেরলের এঝিমালায় ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে। এরপর প্রফেশনাল ট্রেনিং হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in ১৮ মে থেকে ২৯ মে পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় জে পি জি বা এফ আই আই টি ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং শিক্ষাগত যোগ্যতা ও জন্মতারিখের প্রমাণপত্র স্ক্যান আপলোড করতে হবে।

পরীক্ষার ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ২০৫ টাকা। মহিলা এবং তফসিলিদের কোনও ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পরে পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


স্বনির্ভরতার লক্ষ্যে

## পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

## প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জুন-এর প্রতিযোগিতার জন্য মে মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জুন-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২১/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**